



## ধর্ষণের ঘটনায় উত্তাল দেশ

**ঢাকা ডেস্কঃ** নারীর প্রতি সহিংসতা, ধর্ষণের ঘটনার প্রতিবাদে গতকাল বিক্ষোভ হয়েছে সারা দেশে। প্রতিবাদ বিক্ষোভ, ১৩-এর পৃষ্ঠায় দেখুন

**ট্রাম্পের মন্ত্রিসভা বৈঠকে**

## মাস্ক- রুবিওর বাগবিতন্ডা!

**বাংলা পত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসনের 'ডিপার্টমেন্ট অফ গভর্নমেন্ট এফিসিয়েন্সির (ডিওজিই) কার্যক্রমে দায়িত্ব প্রাপ্ত ইলন মাস্ক ও পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর মধ্যে 'উত্তপ্ত' বাগবিতন্ডায় মন্ত্রিসভা বৈঠকে বিস্ফোরক তথ্য ফাঁস হয়েছে। বৃহস্পতিবার হোয়াইট হাউসে ওই বৈঠকে তাদের মধ্যে এই তর্ক-বিতর্ক মূলত পররাষ্ট্র দপ্তরের বাজেট কর্তনের ইস্যু নিয়ে হয়েছিল যা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের 'বিতর্কিত' নীতির ৫-এর পৃষ্ঠায় দেখুন


পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 23 / March 10, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৭ ॥ সোমবার ফাল্গুন ২৫, ১৪৩১ ॥ রমজান ৯, ১৪৪৬


**ট্রাম্প প্রশাসনের নতুন অভিযান**

# যুক্তরাষ্ট্রে 'গাজা যুদ্ধবিরোধী' শিক্ষার্থীদের বহিস্কার শুরু

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** এবার ট্রাম্প প্রশাসন যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয় ও কলেজ ক্যাম্পাসে 'গাজা যুদ্ধবিরোধী' বিক্ষোভে জড়িত থাকার অভিযোগে বিদেশী শিক্ষার্থীদের ভিসা বাতিল ও বহিষ্কার শুরু করেছে। এতে করে যুক্তরাষ্ট্রের বিভিন্ন ভার্সিটি ও কলেজে অধ্যয়নরত মুসলিম শিক্ষার্থীরা ক্ষতির সম্মুখীন হতে পারেন বলে ধারণা মুসলিম অ্যাডভোকেটসের নেতৃবৃন্দরা। 'ইসরায়েল বিদ্বেষী' অজুহাতে মুসলিম বিদেশী শিক্ষার্থীরা আইনপ্রয়োগকারীদের হয়রানীর শিকার হতে পারেন, এমনকি অনেকেই ভিসা বাতিলসহ নানা জটিলতায় পড়তে পারেন।

রোববার যুক্তরাষ্ট্রে 'গাজা যুদ্ধবিরোধী' অবস্থানের জন্য কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও স্টুডেন্ট লিডার মাহমুদ খলিলকে গ্রেপ্তার ও এর আগে গত বৃহস্পতিবার হামাস-সমর্থকের অভিযোগ এনে আরেক শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে। মাহমুদ খলিলকে ক্যাম্পাসের এপার্টমেন্টের বাসা থেকে গ্রেপ্তার করে আইস।

### স্টুডেন্ট লিডার গ্রেপ্তার; আরেক শিক্ষার্থীর ভিসা বাতিল

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগেই ঘোষণা দিয়েছিলেন বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে 'ইসরায়েল বিদ্বেষি' কোন কর্মকান্ড পরিচালিত হলে সে শিক্ষা প্রতিষ্ঠানের সকল ফেডারেল ফান্ড প্রত্যাহার করা হবে। এ ছাড়া এমন কর্মকান্ডে জড়িত শিক্ষার্থীদের ভিসা বাতিল ও বহিস্কারসহ কঠোর ব্যবস্থা নেয়া হবে।




যুক্তরাষ্ট্রের কলম্বিয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'গাজা যুদ্ধবিরোধী' বিক্ষোভে নেতৃত্ব দেয়ার অভিযোগে স্টুডেন্ট লিডার মাহমুদ খলিলকে গ্রেপ্তার করেছে আইস। শনিবার ক্যাম্পাসের এপার্টমেন্ট থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। ছবি এনওয়াই পোস্ট

এদিকে ইহুদি-বিদ্বেষের অভিযোগে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়কে ৪০০ মিলিয়ন ডলারের অনুদান এবং চুক্তি বাতিল করেছে ট্রাম্প প্রশাসন।

সংবাদ সংস্থা রয়টার্স-এর প্রতিবেদন অনুসারে, যুক্তরাষ্ট্রের শিক্ষা দপ্তর জানিয়েছে, 'ইহুদি পড়ুয়াদের ক্রমাগত হয়রানির মুখে নিষ্ক্রিয়তার' কারণে, ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন কলম্বিয়া বিশ্ববিদ্যালয়কে মোট ৪০০ মিলিয়ন ডলারের অনুদান এবং চুক্তি বাতিল করেছে।

নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা ৫-এর পৃষ্ঠায় দেখুন

**ট্রাম্প প্রশাসনের ৬ সপ্তাহ**

## ডিপোর্টেশনের সংখ্যা নিয়ে বিভ্রান্তি?

**বাংলা পত্রিকা ডেস্কঃ** প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গণ ডিপোর্টেশন কার্যক্রমের ৬ সপ্তাহ অতিবাহিত হয়েছে। এ অভিযানে আইস এর সর্বশেষ পরিসংখ্যানের বরাত দিয়ে নিউইয়র্ক টাইমস জানিয়েছে, এ পর্যন্ত ২৩ হাজার অনথিভুক্ত ও অপরাধী অভিবাসীকে গ্রেপ্তার ও ১৮ হাজার জনকে যুক্তরাষ্ট্র থেকে তাদের দেশে ডিপোর্ট করা হয়েছে। এ দিকে রয়টার্স হোমল্যান্ড সিকিউরিটির তথ্যের উদ্বৃতি দিয়ে বলেছে বহিস্কারের সংখ্যা ৩৭ হাজারের বেশি। অপরদিকে ডেইলী মেইল হোমল্যান্ড সিকিউরিটির এক কর্মকর্তার বরাত দিয়ে এ সংখ্যা ৫০ হাজারের বেশি বলছে। এতে যুক্তরাষ্ট্র থেকে অনথিভুক্ত অভিবাসী গ্রেপ্তার ও বহিস্কারের সংখ্যা নিয়ে বিভ্রান্তি দেখা দিয়েছে।

সিবিএস নিউজের এক প্রতিবেদনে বলা হয়েছে, ট্রাম্প প্রশাসনের ছয় সপ্তাহ পর ঠিক কতজন অভিবাসীকে নির্বাসিত করা হয়েছে? এটা নির্ভর করে আপনি কাকে জিজ্ঞাসা করছেন এবং আপনি কোন সময়ের জন্য হিসাব করছেন।

সিবিএস নিউজের এ প্রতিবেদনে আরো বলা হয়, অনথিভুক্ত ৫-এর পৃষ্ঠায় দেখুন

## নিউয়ার্কে গোয়েন্দা পুলিশ কর্মকর্তা নিহত

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** নিউ জার্সির নিউয়ার্ক শহরে দুর্বৃত্তের গুলিতে এক গোয়েন্দা পুলিশ কর্মকর্তা নিহত হয়েছেন। এ ঘটনায় ১৪ বছর বয়সী এক কিশোরকে গ্রেপ্তার করেছে পুলিশ। কর্মকর্তারা জানিয়েছেন, শুক্রবার রাতে পুলিশের সঙ্গে একদল দুর্বৃত্তের গুলি বিনিময় হয়।

পুলিশ জানায়, ২৬ বছর বয়সী নিহত জোসেফ অ্যাজকোনা গোয়েন্দা কর্মকর্তা হিসেবে নিউয়ার্ক পুলিশ বিভাগে পাঁচ বছর ধরে কাজ করছিলেন। ওই ঘটনার সময় তিনি গুলিবিদ্ধ হন এবং কয়েক ঘণ্টা পর হাসপাতালে মারা যান। অন্য এক পুলিশ কর্মকর্তা এবং এক সন্দেহভাজনও গুলিবিদ্ধ হয়েছেন। তবে তাদের আঘাত প্রাণঘাতী নয় বলে জানিয়েছেন এসেক্স কাউন্টির ৫-এর পৃষ্ঠায় দেখুন

## গণ ডিপোর্টেশনে সামরিক ফ্লাইট স্থগিত!

- ডিপোর্টে জনপ্রতি মাথাপিছু ব্যয় ২০ হাজার ডলার
- সামরিক বিমানে প্রতি ঘণ্টায় ব্যয় ২৮,৫০০ ডলার
- ভারতে পাঠানো প্রতি ফ্লাইটে ব্যয় ৩০ লাখ ডলার

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** অতিরিক্ত ব্যয় আর জটিলতায় অবশেষে অবৈধ অভিবাসীদের নিজ দেশে ফেরত পাঠাতে সামরিক বাহিনীর বিমান ব্যবহারের সিদ্ধান্ত থেকে পিছু হটলো যুক্তরাষ্ট্র। তুলনামূলক অতিরিক্ত ব্যয় ও আন্তর্জাতিক কূটনৈতিক জটিলতার কারণে গণ বহিস্কারে সামরিক বিমানের ফ্লাইট পরিচালনা স্থগিতের সিদ্ধান্ত নেয় কতৃপক্ষ। গত ১ মার্চ অবৈধ অভিবাসীরের সামরিক বিমানযোগে সর্বশেষ ডিপোর্ট করা হয়। এ পর্যন্ত সামরিক বিমান দিয়ে গণ ডিপোর্টেশনের ৩০টি ফ্লাইট পরিচালনা করা হয়।

ওয়াল স্ট্রিট জার্নাল এক প্রতিবেদনে ৫-এর পৃষ্ঠায় দেখুন


যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE

Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com


## ৭ লাখ অভিবাসীর খোঁজে হোমল্যান্ড সিকিউরিটি!

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** গণ ডিপোর্টেশনের জন্য ৭ লাখ অবৈধ অভিবাসীর ঠিকানা খুঁজছে ইউএস ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (আইআরএস) বিভাগকে প্রায় ৭ লাখ অভিবাসন প্রত্যাশী করদাতার তথ্য নিতে নির্দেশ জানিয়েছিলো হোমল্যান্ড সিকিউরিটি। তবে হোমল্যান্ড সিকিউরিটিকে এ তথ্য দিতে ১২-এর পৃষ্ঠায় দেখুন


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim









# তৌহিদী জনতার নেপথ্যে কারা?



**বাংলা পত্রিকা রিপোর্ট:** মাজারে হামলা। পত্রিকা অফিসের সামনে গরু জবাই করে জিয়াফত। বইমেলায় স্টল বন্ধের দাবিতে হানা। মামলার আসামিকে ছাড়িয়ে নিতে থানায় মব। অতি সম্প্রতি এমন নানা ঘটনা ঘটছে 'তৌহিদী জনতার' ব্যানারে। কারা তারা? তাদের আড়ালে বা নেপথ্যে রয়েছেন কারা? এ নিয়ে নানা আলোচনা।

ধর্মীয় ব্যক্তিত্বরা বলছেন, প্রতিটি মুসলমানই তৌহিদী জনতা। কিন্তু কোনো পক্ষ যদি এই তৌহিদী জনতার নামে কোনো অনৈতিক কাজ করে তা অপরাধ হিসেবেই গণ্য হবে। তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া উচিত। রাজনৈতিক দলের নেতারাও মনে করেন, তৌহিদী জনতার নামে যেখানে সেখানে অভিযান গ্রহণযোগ্য নয়। প্রয়োজনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তথ্য দেয়া যেতে পারে।

হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী মানবজমিনকে বলেন, সব মুসলমানই তৌহিদী জনতা। সাম্প্রতিক ঘটে যাওয়া মবের বিষয়ে তিনি বলেন, তারা কে বা কারা এবং তাদের কর্মকাণ্ড নিয়ে আমার কোনো ধারণা নেই। এটা গণতান্ত্রিক দেশ, এদেশের যেকোনো নাগরিক যেকোনো বিষয়ে তার মতের প্রতিফলন ঘটাতে পারে, কথা বলতে পারে, প্রতিবাদ করতে পারে। এটা সাংবিধানিক অধিকার। সুতরাং এই সাংবিধানিক অধিকার নিয়ে যদি কেউ কথা বলে সেখানে তো আমাদের কিছু করার নেই। রাষ্ট্র সেটি দেখবে তারা কে বা কি করছে না করছে।

বিএনপি'র যুগ্ম মহাসচিব ইমরান সালেহ প্রিন্স এ বিষয়ে বলেন, তৌহিদী জনতা নামে কারা ঝামেলা করার চেষ্টা করছে এ বিষয় নিয়ে আসলে কিছু বলা যাচ্ছে না। আমরাও চাই সরকার এদের বিরুদ্ধে ব্যবস্থা নিক। এদের নাম ব্যবহার করে অন্য কেউ কাজগুলো করছে কিনা সেটা দেখা প্রয়োজন। তারা আসলে কারা। শুক্রবারও একটা নিষিদ্ধ সংগঠন দেশের আইনশৃঙ্খলা বাহিনীর সামনেই এসে দেশকে অস্থিতিশীল করার যে চেষ্টা করেছে এটা আসলে ভাবনার বিষয়। আমরা কয়দিন আগেও দেশের নানা ধরনের অস্থিতিশীলতার কথা শুনেছি, সেসব ঘটনার সঙ্গে এদের কোনো সম্পৃক্ততা আছে কিনা সে বিষয়টিও খতিয়ে দেখা প্রয়োজন।

ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বলেন, আমরা গত ৫ই আগস্টের পর থেকে মব কালচারের বিরুদ্ধে অবস্থান নিয়েছি। এটা যেটা হচ্ছে খুবই অনাকাঙ্ক্ষিত এবং খুবই নিন্দনীয়। আমরা আহ্বান জানাচ্ছি স্বরাষ্ট্র উপদেষ্টা এবং আইনশৃঙ্খলা বাহিনীকে অবশ্যই এদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম বলেন, তৌহিদী জনতা বাংলাদেশের মতো মুসলিম দেশের জন্য খুব গুরুত্বপূর্ণ বিষয়। এটা মুসলিমদের জাতিসত্তার সঙ্গে মিশে আছে। বিশেষ কোনো গোষ্ঠী বা গোত্র এই বিষয়টিকে ব্যবহার করে অসম্মান করছে কিনা তা খতিয়ে দেখা প্রয়োজন। আর এটা দেখার দায়িত্ব মূলত রাষ্ট্রের। আমাদের আহ্বান থাকবে এই বিষয়টিকে কারা যত্রতত্র ব্যবহার করছে, এবং কি উদ্দেশ্যে করছে, তাদের সঙ্গে সংযোগ কি ইত্যাদির জন্য প্রচলিত যে আইন রয়েছে যা রয়েছে সে অনুযায়ী প্রশাসন ব্যবস্থা নিবে। আমরা মব বা তৌহিদী জনতার টার্মকে ব্যবহার করে মব সৃষ্টি করার পক্ষে না। এসবের সঙ্গে ছাত্রশিবিরের সম্পৃক্ততার কোনো সুযোগই নেই। সব বড় ধরনের বিপ্লবের পর সেখানে অনেক ধরনের ঘটনা ঘটে। এসব স্পর্শকাতর সময়গুলোতে একটু বেশি সতর্ক থাকা দরকার সরকারকে। তা না হয়ে যদি কিছু গোষ্ঠী বা ব্যক্তি যদি মবের সংস্কৃতিকে আরও উস্কে দেয় এটা রাষ্ট্রের শৃঙ্খলার জন্য হুমকির কারণ। সেজন্য আমরা নাগরিকদের প্রতি আহ্বান জানাবো সবাই যেন আইনের প্রতি শ্রদ্ধাশীল হয়। কারও যদি কোনো দাবিও থাকে তা যেন নিয়ম তান্ত্রিকভাবে উত্থাপন করে। কিন্তু মব তৈরি করে কোনো কিছুকে অতিমাত্রায় নিয়ে যাওয়ার পক্ষে না আমরা।

> **...অপরাধ করার পরে ধর্মীয় গ্রন্থকে আঁকড়ে ধরা, ধর্মকে আঁকড়ে ধরা এটা এক ধরনের ভণ্ডামি। সে সময় তার আশপাশে তৌহিদী জনতার পরিচয়ে যারা ছিল আমার মনে হয় তারাই এখানে মূল দোষী। ওই ব্যক্তি দোষী নাকি নির্দোষ সেটি আদালত প্রমাণ করবে কিন্তু তাকে সেভ করার জন্য থানা ঘেরাও করা, মব সৃষ্টি করা এটি আসলে কোনো ভাবেই কাম্য না। এগুলো যথাযথ তদন্ত করা দরকার। এই ঘটনায় কিন্তু কোনো ভাবেই মুসলিম বা ইসলামিক গোষ্ঠীকে অপবাদ দেয়া যাবে না। এই ঘটনা দেশের সামগ্রীক চিত্রের সঙ্গে কোনো মিল নেই। দেশের মানুষ অত্যন্ত ধর্মপরায়ণ। এই ঘটনাকে কেন্দ্র করে ধর্মীয় গোড়ামি বা ধর্মকে দোষ দেয়া ঠিক না...**

বাংলাদেশ মসজিদ মিশনের সেক্রেটারি জেনারেল ড. মুহাম্মাদ খলিলুর রহমান মাদানী বলেন, দেশে মাঝে মাঝেই বিভিন্ন সংগঠন মাথাচাড়া দিয়ে ওঠে। দেশকে অস্থিতিশীল করার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন নাম দিয়ে আবির্ভাব হয়। মেইনস্ট্রিমে তারা থাকে না। তৌহিদী জনতা এমনই কোনো গোষ্ঠী। আসলে তারা হঠাৎ করে বিভিন্ন ইস্যু নিয়ে কাদের ইশারায়, কাদের ইন্ধনে নামে, কিছুদিনের জন্য দেশকে অস্থিতিশীল করে তোলে বলা যায় না। ইসলামকে বিভিন্ন সময় বিপদে ফেলে দিবে তারাই। দেখা গেল, একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটালো তারা। কিন্তু দোষ দিয়ে দিলো আলেম-ওলামাদের উপরে। হঠাৎ করে আবির্ভাব হয়ে যারা দেশকে অস্থিতিশীল করতে চায় তাদের বিরুদ্ধে সরকার ও সকলকে সচেতন হতে হবে।

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান বলেন, আমরা দেখেছি যে বৈষম্যবিরোধী আন্দোলনের যারা তারা একটি ঘোষণা দিয়ে দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগের বাড়িঘর ভাঙচুর করেছে। তখন কেউ তৌহিদী জনতা দাবি করেছে, কেউ বৈষম্যবিরোধী শিক্ষার্থী আবার কেউ সাধারণ জনগণ দাবি করেছে। এই মুহূর্তে আসলে এককভাবে কারা তৌহিদী জনতা সেটি নির্ণয় করা কঠিন। সে সময় থেকেই কিন্তু দেশে এ ধরনের অরাজকতা শুরু হয়েছে। তখন উপদেষ্টাদের কেউ কেউ কিন্তু এ বিষয়ে উস্কে দিয়েছে, বৈষম্যবিরোধী শিক্ষার্থীদের ছাত্র আন্দোলনের শীর্ষ নেতৃবৃন্দরা তারা ফেসবুকে পোস্ট দিয়েছে, ভাঙার জন্য তারা নির্দেশ দিয়েছে। সরকার সে সময় কিন্তু কাউকে গ্রেপ্তার করেনি। বৈষম্যবিরোধী শিক্ষার্থীর পরিচয়ে যদি কেউ কিছু করছে, উপদেষ্টারা যখন উস্কে দিচ্ছে তখন কিন্তু কাউকে গ্রেপ্তার করছে না। তার মানে সরকার একদিকে এটাকে উস্কে দিচ্ছে নিজের লোক দিয়ে করাচ্ছে আবার এগুলো যখন মানুষ করছে তখন গ্রেপ্তার করছে আবার কাউকে ছেড়ে দিচ্ছে।

তিনি বলেন, কেউ অপরাধ করার পরে ধর্মীয় গ্রন্থকে আঁকড়ে ধরা, ধর্মকে আঁকড়ে ধরা এটা এক ধরনের ভণ্ডামি। সে সময় তার আশপাশে তৌহিদী জনতার পরিচয়ে যারা ছিল আমার মনে হয় তারাই এখানে মূল দোষী। ওই ব্যক্তি দোষী নাকি নির্দোষ সেটি আদালত প্রমাণ করবে কিন্তু তাকে সেভ করার জন্য থানা ঘেরাও করা, মব সৃষ্টি করা এটি আসলে কোনো ভাবেই কাম্য না। এগুলো যথাযথ তদন্ত করা দরকার। এই ঘটনায় কিন্তু কোনো ভাবেই মুসলিম বা ইসলামিক গোষ্ঠীকে অপবাদ দেয়া যাবে না। এই ঘটনা দেশের সামগ্রীক চিত্রের সঙ্গে কোনো মিল নেই। দেশের মানুষ অত্যন্ত ধর্মপরায়ণ। এই ঘটনাকে কেন্দ্র করে ধর্মীয় গোড়ামি বা ধর্মকে দোষ দেয়া ঠিক না।

ওদিকে রাজধানীতে তৌহিদী জনতার নামে হওয়া কিছু মবের ঘটনা বিশ্লেষণ করে দেখা গেছে কিছু ঘটনায় একই ব্যক্তিদের দেখা গেছে। কেন, কি উদ্দেশ্যে তারা এসব করেছেন তা কিন্তু স্পষ্ট নয়। অনুসন্ধানী সাংবাদিক কদরুদ্দিন শিশির এক ফেসবুক স্ট্যাটাসে এ তথ্য প্রকাশ করে বলেছেন, আমি সম্প্রতি ৩টি ঘটনার কিছু ছবি-ফুটেজ বিশ্লেষণ করে দেখেছি গত নভেম্বর মাসে প্রথম আলো ও ডেইলি স্টার পত্রিকার সামনে গরু জবাই করে জিয়াফত কর্মসূচি পালন এবং নারী হেনস্তাকারী অর্ণবকে ছাড়িয়ে নিতে শাহবাগ থানায় হট্টগোলকারীদের মধ্যে ৩ জন লোক সবসময় নেতৃত্ব দিচ্ছেন। এদের মধ্যে ৩ জনের নাম ও পরিচয় পাওয়া গেছে।

এসব বিষয়ে মানবাধিকার কর্মী নূর খান বলেছেন, আসলে এখন তৌহিদী জনতা বা অন্য যে নামেই হোক না কেন তা মূলত বাংলাদেশের সংস্কৃতির ওপর পরিকল্পিতভাবে আঘাত করা হচ্ছে।

**একের পর এক ঘটনা:** গত ৫ই মার্চ দুপুর দেড়টার দিকে জাতীয় জাদুঘরের সামনে হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক নারী শিক্ষার্থী হেঁটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে যাচ্ছিলেন। পথে রাজু ভাস্কর্যের সামনে পৌঁছালে হঠাৎ মোস্তফা আসিফ অর্ণব নামের কেন্দ্রীয় গ্রন্থাগারের সহকারী বাইন্ডার এসে ওই নারী শিক্ষার্থী কেন পর্দা করেনি বলে তাকে প্রশ্ন করেন। তার ওড়না ঠিক নেই কেন বলাসহ আরও কুরুচিপূর্ণ কথা বলে তাকে হেনস্থা করেন। ওই ছাত্রীর অভিযোগের ভিত্তিতে প্রক্টর অফিসে ডেকে নেয়া হয় অভিযুক্তকে। প্রক্টরিয়াল বডির মাধ্যমে এ বিষয়ে ওই শিক্ষার্থীর করা মামলায় অর্ণবকে ওই দিনই শাহবাগ থানায় সোপর্দ করা হয়। এরপরই তৌহিদী জনতার নামে একদল লোক গিয়ে শাহবাগ থানায় মব করেন। তারা দাবি করেন, এখনই অর্ণবকে ছেড়ে দিতে হবে। তারা সকাল পর্যন্ত এ দাবিতে থানায় অবস্থান করেন। পরে অভিযুক্ত ব্যক্তি আদালত থেকে জামিন পান। জামিন পাওয়ার পর তাকে ফুল দিয়ে বরণ করেন মবকারীরা।

এর আগে গত ১০ই ফেব্রুয়ারি তৌহিদী জনতার ব্যানারে বইমেলার একটি স্টলে হামলা ও ভাঙচুর করা হয়। তসলিমা নাসরিনের বই রাখায় বাংলা একাডেমির অমর একুশে বইমেলায় 'সব্যসাচী প্রকাশনা'র স্টলে এই হামলার ঘটনা ঘটে। সেদিন সন্ধ্যায় তৌহিদী জনতা'র নামে একদল লোক স্টলটিতে গিয়ে প্রকাশককে ঘিরে ধরে স্লোগান দিতে থাকলে পিরিস্থিতি সামাল দিতে পুলিশ সব্যসাচীর প্রকাশক শতাব্দী ভবকে বইমেলায় তাদের নিয়ন্ত্রণ কক্ষে নিয়ে যায়। পরে পুলিশের নিয়ন্ত্রণকক্ষও ঘিরে রাখে ওই উত্তেজিত জনতা। ওই ঘটনার পর থেকে বন্ধ করে দেয়া হয় সব্যসাচীর ১২৮ নম্বর স্টলটি।

তৌহিদী জনতার ব্যানারে ১৪ই ফেব্রুয়ারি ঢাকার উত্তরায় বসন্ত উৎসবও বন্ধ করে দেয়া হয় বলে অভিযোগ আসে। ঢাকার বসন্ত উৎসব উদ্‌যাপন পরিষদ চারুকলার বকুল তলা, পুরনো ঢাকার বাহাদুর শাহ পার্ক এবং উত্তরায় উন্মুক্ত মঞ্চে বসন্তবরণের অনুষ্ঠানের আয়োজন করেছিল। এরমধ্যে উত্তরার উন্মুক্ত মঞ্চে বসন্তবরণের অনুষ্ঠান বন্ধ করে দেয়া হয়। একইদিনে টাঙ্গাইলের ভূঞাপুরে বসন্ত ও ভালোবাসা দিবসে ফুল বিক্রি করায় ফুলের দোকানে তৌহিদী জনতার ব্যানারে হামলা হয়। আর ওই ঘটনার পরে লিফলেট বিতরণ করে ১৫ই ফেব্রুয়ারি সেখানে পূর্ব নির্ধারিত ঘুড়ি উৎসবও বাতিল করা হয়।

গত ২৮শে জানুয়ারি দিনাজপুরের হাকিমপুর উপজেলার আলীহাট ইউনিয়নের বাওনা গ্রামে তৌহিদী জনতার তোপের মুখে নারী ফুটবল টুর্নামেন্ট বাতিল করা হয়। সেদিন বিকালে নারী ফুটবল টুর্নামেন্ট আয়োজক কমিটির সঙ্গে সংঘর্ষ বাধে তৌহিদী জনতার। সংঘর্ষে সাংবাদিকসহ অন্তত ১০ জন আহত হন।

গত ১৮ই জানুয়ারি পুলিশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ৪ঠা আগস্টের পর থেকে ৪০টি মাজারের ৪৪ বার হামলা হয়েছে। সবচেয়ে বেশি ঢাকা বিভাগে ১৭টি মাজারে ভাঙচুর, লুটপাট হয়েছে। এ ছাড়া চট্টগ্রাম বিভাগে ১০টি ও ময়মনসিংহ বিভাগে ৭টি হামলার ঘটনা ঘটেছে। এসব হামলা ভাঙচুর তৌহিদী জনতার ব্যানারে করা হয়।

এদিকে গরু জবাই করে কাওরান বাজারে দৈনিক প্রথম আলো পত্রিকার ভবনের সামনে জিয়াফত এবং ডেইলি স্টার পত্রিকা অফিসের সামনে অবস্থান কর্মসূচি পালন করা হয়।

ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান বলেন, তৌহিদী জনতা হোক আর যেই ব্যানারেই হোক, যে বা যারা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর চেষ্টা চালাবে তাদের বিরুদ্ধেই ব্যবস্থা নিবে পুলিশ। বিভিন্ন সময়ে এই তৌহিদী জনতার নাম ব্যবহারকারীরা অনেকেই উগ্রপন্থি কর্যক্রমের সঙ্গে জড়িত থাকায় গ্রেপ্তার হয়েছেন-তাদের বিষয়ে কি ব্যবস্থা নেয়া হয়েছে এমন প্রশ্নে তিনি বলেন, আমরা তাদের বিষয়ে খোঁজখবর নিচ্ছি। পুলিশ বাহিনীর সদস্যরা মাঠে কাজ করছেন। একইসঙ্গে এই বিষয়ে নগরবাসীকে তথ্য দিয়ে সহায়তা করার অনুরোধ জানান তিনি।

# ধর্ষকের বিচার দাবিতে ক্ষোভে ফুঁসছে দেশ













**ঢাকা ডেস্ক:** দেশজুড়ে অব্যাহত ধর্ষণ ও নারী নির্যাতনের ঘটনায় ক্ষোভে ফুঁসে উঠেছে পুরো দেশের মানুষ। অপরাধীদের দ্রুত গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে গত শনিবার রাত থেকে বিক্ষোভ সমাবেশ শুরু করেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল রবিবার সকাল থেকে দিনব্যাপী এই বিক্ষোভ সমাবেশ ছড়িয়ে পড়ে দেশের প্রায় সব বিশ্ববিদ্যালয়ে। ধর্ষণ ও নারী নির্যাতনের ঘটনায় বিক্ষোভ ও প্রতিবাদ জানিয়েছে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সংগঠনসহ সর্বস্তরের মানুষ।

নারীর প্রতি অব্যাহত সহিংসতা, নির্যাতন ও ধর্ষণ বন্ধ এবং ধর্ষকের সর্বোচ্চ শাস্তির দাবিতে গতকাল বিক্ষোভ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ঢাবির নারী শিক্ষার্থীদের পক্ষ থেকে ধর্ষণবিরোধী মঞ্চ প্রতিষ্ঠার ঘোষণা দেওয়া হয়েছে শনিবার দিবাগত রাত সাড়ে ৩টায়। বিশেষ ট্রাইব্যুনালে বিচার এবং ধর্ষকের সর্বোচ্চ শাস্তির দাবি জানিয়েছেন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা।

ধর্ষণবিরোধী মঞ্চের ব্যানারে গতকাল সন্ধ্যা সাড়ে ৭টার দিকে রাজু ভাস্কর্যের পাদদেশে বিভিন্ন হল থেকে শিক্ষার্থীরা জড়ো হয়ে নারী-শিশু নিপীড়ন ও ধর্ষণের প্রতিবাদ এবং ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি চেয়ে বিভিন্ন স্লোগান দেন।

রাত ৮টার দিকে একটি মশাল মিছিল নিয়ে রাজু ভাস্কর্য থেকে ভিসি চত্বর দিয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। ধর্ষণবিরোধী মঞ্চের পক্ষ থেকে পাঁচ দফা দাবি ঘোষণা করা হয়েছে।

এর আগে দিনের বেলায় ঢাবির অপরাজেয় বাংলার পাদদেশে বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্ক আয়োজিত 'নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে শিক্ষক-শিক্ষার্থীদের প্রতিবাদ সমাবেশে' শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

সমাবেশে সভাপ্রধানের বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক গীতি আরা নাসরীন বলেন, 'ধর্ষণের শাস্তি পাওয়া অপরাধীও জেল থেকে ছাড়া পাচ্ছে।

নির্যাতন যাদের থামানোর কথা, তারা চোখ বন্ধ করে রাখছে। নারী নির্যাতনের ভেতর দিয়ে মানুষকে দমিয়ে রাখা হয়। শুধু ধর্মই নয়, নির্যাতক যখন যেটা সুবিধা মনে করে, সেটাই ব্যবহার করে।'

অন্তর্বর্তী সরকারের দুর্বলতা প্রতিনিয়ত প্রকট হচ্ছে উল্লেখ করে ঢাবির অধ্যাপক ফাহমিদুল হক বলেন, 'এর সুযোগ নিয়ে ছিনতাইকারী, ধর্ষক, ধর্মীয় লেবাসের লোকজন নারীর ওপর পুরনো ফ্যাসিজম চালাচ্ছে। গত ফ্যাসিজমের সময় ধর্মীয় জনগোষ্ঠী নানাভাবে নিপীড়নের শিকার ছিল।

তাদের ব্যাপারে সাধারণ মানুষের সমবেদনা তৈরি হয়েছিল। কিন্তু তারা সেই অনুভূতি ধরে রাখতে পারছে না। তারা নিজেরাই ফ্যাসিস্ট হয়ে উঠছে, নিপীড়ক হয়ে উঠছে। দুর্বল সরকারের সময় যে যার শক্তি প্রয়োগ করছে।'

লেখক ও অধ্যাপক স্বপন আদনান বলেন, 'দেশে পরিবারের ভেতর মেয়েদের আশ্রয় ভেঙে যাচ্ছে। (মাগুরায়) আট বছরের শিশুটি ধর্ষণের শিকার হয়েছে পরিবারের ভেতরেই। নারী নির্যাতনের বিষয়টিকে স্বাভাবিক করা হচ্ছে, সাফাই গাওয়া হচ্ছে। উত্যক্তকারী বীরের সংবর্ধনা পাচ্ছে। প্রশাসনকে এ ব্যাপারে কঠোর হতে হবে।'

সমাবেশে শিক্ষক নেটওয়ার্কের পক্ষ থেকে লিখিত বক্তব্য পাঠ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা লুৎফা। তিনি বলেন, "৫ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী বিশ্ববিদ্যালয়েরই এক কর্মচারী দ্বারা 'মোরাল পুলিশিং' ও যৌন নিপীড়নের শিকার হন। সে ঘটনায় উগ্র সংগঠন থানায় মব সৃষ্টি করে। সন্ত্রাসী অবস্থা তৈরি করলে থানা তাদের কবজায় চলে যায়। তারা থানার ভেতর আটক ব্যক্তির লাইভ ভিডিও প্রচার করে। থানা থেকে বাদীর ব্যক্তিগত তথ্য ছড়িয়ে পড়ে। বাদীকে নানাভাবে হুমকি দেওয়া হয়। যেভাবে অপরাধীকে বিজয়ীর বেশে ছেড়ে দেওয়া হয়, তা সরকারের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে না পারার আরেকটি উদাহরণ। এ ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকাও প্রশ্নবিদ্ধ।'

সমাবেশে অপরাধীদের বিচার ও শাস্তি এবং যৌন নিপীড়নের বিরুদ্ধে সরকারকে জিরো টলারেন্স নীতি গ্রহণের দাবিসহ বেশ কিছু দাবি তুলে ধরে শিক্ষক নেটওয়ার্ক। বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্কের আয়োজনে একই ধরনের প্রতিবাদী সমাবেশ করা হয় রাজধানীর বেসরকারী নর্থ সাউথ ইউনিভার্সিটি, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে।

এর আগে গত শনিবার রাত থেকেই ধর্ষকের বিচার ও নারীর ওপর নির্যাতন বন্ধের দাবিতে উত্তাল হতে শুরু করে ঢাকা বিশ্ববিদ্যালয়। রাতে সব হল থেকে বের হয়ে এসে প্রতিবাদ জানাতে শুরু করেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। পরে এই বিক্ষোভে যোগ দিতে থাকেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও।

ধর্ষকের বিচার দাবিতে গতকাল ক্লাস-পরীক্ষা বর্জন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাধিক বিভাগের শিক্ষার্থীরা। বাংলা বিভাগ, রাষ্ট্রবিজ্ঞান, ভাষাবিজ্ঞান, ইংরেজি, লোকপ্রশাসন, রসায়ন, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, পদার্থ, ভূতত্ত্বসহ বেশ কয়েকটি বিভাগের শিক্ষার্থীরা ক্লাস-পরীক্ষা বর্জন করে ধর্ষণের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ করেন।

বিক্ষোভে অংশ নেওয়া শিক্ষার্থীরা 'আমার সোনার বাংলায়, ধর্ষকদের ঠাঁই নাই', 'তুমি কে আমি কে, ... ...', 'আমার বোন তোমার বোন, ... ...', 'আমার বোনের কান্না, আর না আর না' ইত্যাদি স্লোগান দেন।

'ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে বাংলাদেশ' প্ল্যাটফর্মের ব্যানারে গতকাল বিকেল পৌনে ৩টার দিকে টিএসসির রাজু ভাস্কর্যের সামনে থেকে লাঠি মিছিল বের করা হয়। লাঠি হাতে মিছিল রাজু ভাস্কর্য থেকে শুরু করে ভিসি চত্বর, নীলক্ষেত, কাঁটাবন, শাহবাগ মোড় ঘুরে আবার রাজু ভাস্কর্যে এসে শেষ হয়। কর্মসূচিতে ঢাবির শিক্ষক সামিনা লুৎফাসহ বিভিন্ন সামাজিক সংগঠনের সদস্য ও শিক্ষার্থীরা অংশ নেন। এই কর্মসূচি থেকে স্বরাষ্ট্র উপদেষ্টার অপসারণ এবং দ্রুত ট্রাইব্যুনালে সব ধর্ষণকারীর বিচারসহ ৯ দফা দাবি তুলে ধরা হয়।

বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে ধর্ষকদের বিচারের দাবিতে মুখে লাল কাপড় বেঁধে বিক্ষোভ কর্মসূচি ও মানববন্ধন করেছেন ঢাকা মেডিক্যাল কলেজের (ঢামেক) শিক্ষার্থীরা। দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির দায় নিয়ে স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ দাবিও করেন তাঁরা। গতকাল ঢাকা মেডিক্যালের মিলন চত্বর থেকে বিক্ষোভ মিছিল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের পাদদেশে আসেন শিক্ষার্থীরা। পরে সেখানে মানববন্ধন করেন মেডিক্যাল শিক্ষার্থীরা।

ধর্ষণবিরোধী মঞ্চের পাঁচ দফা দাবি ঘোষণা

শনিবার রাতে মশাল মিছিলের পর ধর্ষণবিরোধী মঞ্চের পক্ষে প্রথম দুটি দাবি পাঠ করেন গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় কমিটির মুখপাত্র ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষার্থী আশরেফা খাতুন। পরবর্তী তিনটি দাবি পাঠ করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র উমামা ফাতেমা।

দাবিগুলো হলো : ১. শিশুটির মামলার ক্ষেত্রে বিশেষ ট্রাইব্যুনাল গঠনের মাধ্যমে সাত দিনের মধ্যে তদন্ত রিপোর্ট জমা এবং এক মাসের মধ্যে তার ধর্ষকের বিচারিক প্রক্রিয়া সম্পন্ন সাপেক্ষে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের আদেশ নিশ্চিত করতে হবে। বিচারপ্রক্রিয়া চলাকালে শিশুটির পরিবারের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। ২. প্রত্যেক ধর্ষণ মামলার বিচারে বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে দ্রুত মামলার বিচারকার্য সম্পন্ন করে সব ধর্ষণের বিচার নিশ্চিত করতে হবে। তিন কার্যদিবসের মধ্যে বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে দ্রুত বিচারপ্রক্রিয়া শুরু করতে হবে। ৩. নারী ও শিশুর নিরাপত্তার

*৬-এর পৃষ্ঠায় দেখুন*

# নিরাপত্তা নেই শিশুর, ৮ বছরে ধর্ষণের শিকার প্রায় ৫ হাজার

**ঢাকা ডেস্ক:** সামাজিক সচেতনতায়ও জোর বিশেষজ্ঞের। মাগুরায় বোনের বাড়িতে গিয়ে ৮ বছরের এক শিশুর ধর্ষণের শিকার হওয়ার ঘটনায় ফুঁসে উঠেছে সারা দেশ। প্রতিবাদে পথে নেমেছেন নারীসমাজ ও শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণির মানুষ। এর মধ্যেই গাজীপুরে ধর্ষণের শিকার হয়েছে ৮ বছরের আরেক শিশুশিক্ষার্থী। বিভিন্ন মানবাধিকার সংগঠনের হিসাব বলছে, দেশে এভাবেই প্রতিনিয়ত নিপীড়ন ও সহিংসতার শিকার হচ্ছে শিশুরা। শিশুদের ওপর যৌন নির্যাতনের ঘটনা বাড়ছে বলেও জানিয়েছেন মানবাধিকারকর্মীরা। পরিবার, সমাজ, রাষ্ট্র কেউই শিশুকে নিরাপত্তা দিতে পারছে না বলে মনে করেন তাঁরা।

- **ধর্ষণের শিকার ৫৩৯ শিশুর বয়স ৬ বছরের কম**
- **খুন ৪ হাজার ৩৮৯ শিশু**
- **'আইনশৃঙ্খলার পতন ঘটায় বেড়েছে অপরাধ'**

বেসরকারি সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের তথ্য অনুযায়ী, ২০১৭ থেকে ২০২৪ সাল পর্যন্ত আট বছরে দেশে সহিংসতার শিকার হয়েছে অন্তত ৯ হাজার ৬৭৭ শিশু, অর্থাৎ যাদের বয়স ১৮ বছরের কম। এর মধ্যে প্রায় অর্ধেক, ৪ হাজার ৮০১ জন ধর্ষণের শিকার হয়েছে। গত আট বছরে ধর্ষণের শিকার শিশুদের মধ্যে অন্তত ৫৩৯ জনের বয়স ছয় বছরের কম। আর ১ হাজার ২৮ জনের বয়স সাত থেকে বারো বছরের মধ্যে।

আসকের (আইন ও সালিশ কেন্দ্র) তথ্য বলছে, গত আট বছরে ৪ হাজার ৩৮৯ শিশুকে হত্যা করা হয়েছে। এদের মধ্যে অন্তত ৯৯৯ জনের বয়স ছিল ছয় বছরের কম। আর ৯২৯ জনের বয়স সাত থেকে বারো বছরের মধ্যে। ধর্ষণের পর হত্যা করা হয়েছে ২৪০ শিশুকে। এদের মধ্যে ৩৩ শিশুর বয়স ছয় বছরের কম। আর ৯৮ জনের বয়স সাত থেকে বারো বছরের মধ্যে।

মানবাধিকারকর্মী জিনাত আরা হক মনে করেন, সম্প্রতি আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণে শিশুদের প্রতি সহিংসতা আরও বেড়েছে। তিনি বলেন, 'আমাদের আইনশৃঙ্খলার পতন ঘটেছে। আইনশৃঙ্খলা ব্যবস্থা মানুষকে সাহস জোগাচ্ছে না। শিশু নিপীড়ন বেড়ে গেছে। বছরের পর বছর ধরে এটা বেড়েই চলেছে। নিপীড়কের কাজ হলো, যে দুর্বল ও প্রান্তিক তাকে নির্যাতন করা। শিশু, নারী, বৃদ্ধ, ট্রান্সজেন্ডাররা যেহেতু প্রান্তিক এবং দুর্বল, তাই তাদের ওপর নিপীড়ন হচ্ছে। পরিবার, সমাজ ও রাষ্ট্র তিনটি জায়গা থেকে নিপীড়কদের সমর্থন দেওয়া হচ্ছে। দুর্বৃত্তায়ন আমাদের সংস্কৃতির অংশ হয়ে যাচ্ছে।'

মানবাধিকার নিয়ে কাজ করা সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) বলছে, ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত পাঁচ বছরে দেশে কমপক্ষে ৬ হাজার ৩০৫ জন নারী ও শিশু ধর্ষণের শিকার হয়েছে। এর মধ্যে ৩ হাজার ৪৭১ জনের বয়স ১৮ বছরের নিচে, যা মোট ঘটনার ৫৫ শতাংশের বেশি।

**শাস্তির অভাবে বাড়ছে নিপীড়ন**

শিশু নিপীড়নের ঘটনায় আইনি ব্যবস্থা গ্রহণের প্রবণতা কম। অধিকারকর্মী ও আইনজীবীরা মনে করেন, এটা শিশু নির্যাতন বৃদ্ধি পাওয়ার একটি বড় কারণ। আসকের পরিসংখ্যান অনুযায়ী, ২০১৭ থেকে ২০২৪ সাল পর্যন্ত আট বছরে অন্তত ৯ হাজার ৬৭৭টি শিশু সহিংসতার শিকার হলেও মামলা হয়েছে মাত্র ৫ হাজার ১৫৯টি। অর্থাৎ প্রায় ৪০ শতাংশ ঘটনায় শিশুর পরিবার বা অন্য কেউ আইনি পদক্ষেপ নেয়নি।

জ্যেষ্ঠ আইনজীবী জেড আই খান পান্না এ বিষয়ে বলেন, 'যেকোনো অপরাধে আইনি পদক্ষেপ নিতে হয়। অন্যথায় অপরাধীরা আরও বেপরোয়া হয়ে ওঠে।'

মানবাধিকারকর্মী জিনাত আরা হক বলেন, 'বিচারে বিলম্ব, বিচার না হওয়া এবং বিচার হলেও শাস্তি কার্যকর না হওয়ার ফলেই নারী ও শিশু নির্যাতন বাড়ছে।'

শিশু নিপীড়ন ও হত্যার মতো অপরাধ করেও সাজাপ্রাপ্ত আসামি জামিন পেয়ে যাচ্ছে। ধর্ষক, নিপীড়কদের ফুলের মালা দিয়ে থানা থেকে বের করে আনা হচ্ছে। এটা অন্য নিপীড়কদের সাহস জোগাচ্ছে।'

**অগ্রগতি ব্যাহত হওয়ার আশঙ্কা**

ইউনিসেফ বাংলাদেশের তথ্য অনুযায়ী, দেশে শিশুর (০-১৭ বছর) সংখ্যা ৫ কোটি ৬৯ লাখ, যা মোট জনসংখ্যার ৩৩ শতাংশেরও বেশি। তার কমবেশি অর্ধেক মেয়ে শিশু। এই বিশাল জনগোষ্ঠীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা না গেলে দেশের স্বাভাবিক অগ্রগতি ব্যাহত হবে বলে মনে করেন অধিকারকর্মীরা। শিশুদের সুরক্ষিত রাখতে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নের পাশাপাশি সামাজিক সচেতনতা গড়ে তোলা প্রয়োজন বলে মত দেন তাঁরা।

মানবাধিকারকর্মী ও অন্তর্বর্তী সরকারের গঠিত নারীবিষয়ক সংস্কার কমিশনের প্রধান শিরীন পারভীন হক বলেন, 'নারী ও শিশু নির্যাতন বৃদ্ধি শুধু আইনশৃঙ্খলার বিষয় নয়। আমাদের সামাজিক দৃষ্টিভঙ্গি, মানসিকতা এর সঙ্গে জড়িত। এই জায়গাটাতে কাজ করতে হবে। এটা দীর্ঘমেয়াদি কাজ। এ জন্য জাতীয়ভাবে দেশব্যাপী অভিযান পরিচালনা করতে হবে। ঘরে ঘরে গিয়ে শেখাতে হবে নারী ও শিশুদের ওপর নির্যাতন করা যাবে না। তাদের সম্মান করতে হবে। প্রতিটি স্কুলে এসব শেখাতে হবে। ধর্মীয় প্রতিষ্ঠানগুলোকেও এর সঙ্গে যুক্ত করা যেতে পারে।

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

## পুঁজি যখন ধর্মীয় আবেগ

ধর্মবিশ্বাস মানুষকে সৎ ও মানবিক হতে উদ্বুদ্ধ করে। কিন্তু দুঃখজনকভাবে কিছু প্রতারক চক্র মানুষের এই বিশ্বাসকে পুঁজি করে নির্মমভাবে প্রতারণা করছে। সৎ ও মানবিক হওয়ার পথ দেখিয়ে তারাই করছে অসততা ও অমানবিক কাজ। সম্প্রতি 'বার্ডস আই হেলিকপ্টার অ্যান্ড হজ কাফেলা' নামের একটি প্রতিষ্ঠানের মাধ্যমে ওমরাহ পালনের জন্য টাকা দিয়ে প্রতারণার শিকার হয়েছেন দুই শতাধিক মানুষ। প্রতারণার মাধ্যমে ৫ কোটির বেশি টাকা আত্মসাৎ করে এই চক্রের মূল হোতা বিদেশে পালিয়ে গেছেন বলে অভিযোগ উঠেছে। এ নিয়ে আজকের পত্রিকায় ৩ মার্চ একটি সংবাদ প্রকাশিত হয়েছে।

ঘটনায় গত ২৮ ফেব্রুয়ারি রাতে রাজধানীর বিমানবন্দর থানায় মামলা করেছেন ১৩ জন ভুক্তভোগী। মামলার পর প্রতারক চক্রের তিনজনকে গ্রেপ্তার করে আদালতের মাধ্যমে দুই দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। শুধু এই একটি প্রতিষ্ঠানই নয়, উত্তরার বিএনএস সেন্টারের রোমিং ট্যুরস অ্যান্ড ট্রাভেলস এজেন্সিও এই প্রতারণার সঙ্গে জড়িত।

প্রতারণার এ ঘটনা আমাদের সমাজে ধর্মভিত্তিক ভ্রমণ ব্যবস্থাপনার অনিয়ম ও দুর্বলতার মুখোশ খুলে দিয়েছে। যদিও এ দেশে এমন ঘটনা নতুন নয়। কিন্তু কেন বারবার এ ধরনের প্রতারণার শিকার হতে হয় ধর্মপ্রাণ মানুষের, সেই প্রশ্নের জবাব খুঁজে পাওয়া মুশকিল। ধর্মীয় আবেগ কাজে লাগিয়ে যারা সাধারণ মানুষের কষ্টার্জিত অর্থ আত্মসাৎ করে, তাদের বিরুদ্ধে যে কঠোর ব্যবস্থা গ্রহণ করা উচিত, তা নিশ্চয়ই ধর্ম মন্ত্রণালয় কিংবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অজানা নয়।

প্রশ্ন উঠছে, এ ধরনের প্রতারণা ঠেকাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ভূমিকাই-বা কী? হজ ও ওমরাহ ব্যবস্থাপনায় সরকারি অনুমোদনপ্রাপ্ত এজেন্সির তালিকা ও কার্যক্রমের ওপর কঠোর নজরদারি থাকা উচিত। হজ ও ওমরাহ পরিচালনাকারী প্রতিষ্ঠানগুলোর লাইসেন্স যাচাই করা, অর্থ লেনদেনের স্বচ্ছতা নিশ্চিত করা এবং প্রতিটি কোম্পানির কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করা জরুরি। তদারকি সংস্থাগুলোর ব্যর্থতাই কিন্তু এ ধরনের প্রতারণার সুযোগ করে দেয়।

সাধারণ মানুষকেও আরও সচেতন হতে হবে। ওমরাহ কিংবা হজ পালনের জন্য কোনো প্রতিষ্ঠানে টাকা দেওয়ার আগে প্রতিষ্ঠানটির বৈধতা যাচাই করা প্রয়োজন। সামাজিক যোগাযোগমাধ্যম ও সংবাদমাধ্যমে প্রতারণার ফাঁদ সম্পর্কে ব্যাপক প্রচারণা চালানোও জরুরি, যেন কেউ সহজে প্রতারিত না হয়। ধর্মীয় আবেগকে পুঁজি করে যারা প্রতারণা করে, তাদের বিরুদ্ধে সরকার, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সাধারণ জনগণকে একসঙ্গে কাজ করতে হবে।

হাস্যকর ব্যাপার এই যে বার্ডস আই হেলিকপ্টার অ্যান্ড হজ কাফেলার পলাতক মালিক রাজিব মাহমুদের স্ত্রী নীলা আক্তার জানিয়েছেন, বিমানের টিকিটের দাম আগের চেয়ে বেড়ে যাওয়ায় তাঁরা ভয়ে পালিয়েছেন! অথচ তাঁরা সাধু হলে বিষয়টি সেবাগ্রহীতাদের জানাতে পারতেন, টিকিটের জন্য অতিরিক্ত অর্থ চাইতে পারতেন কিংবা জমাকৃত অর্থ ফিরিয়ে দিতে পারতেন।

প্রতারক চক্রকে খুঁজে বের করা জরুরি এবং তাদের এমন শাস্তি দেওয়া দরকার, যেন ভবিষ্যতে ওমরাহ বা হজবিষয়ক জালিয়াতি চিরদিনের জন্য বন্ধ হয়।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

# সংস্কার ও নির্বাচনের পুরোনো বিতর্কের ঘেরাটোপ

অরুণ কর্মকার

অন্তর্বর্তী সরকারের প্রথম দিকে যেমন সংস্কার নিয়ে দেশব্যাপী একটা আলাপ-আলোচনা চলছিল, এখন তাতে কিছু পরিবর্তন ঘটেছে। এখন সংস্কারের চেয়ে বেশি কথা হয় নির্বাচন এবং স্বৈরশাসকের বিচার প্রসঙ্গে। আর আলোচনা আইনশৃঙ্খলার মতো নৈমিত্তিক জনগুরুত্বপূর্ণ বিষয় নিয়ে। সুতরাং রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা শুরু হলেও পূর্ণাঙ্গ রাষ্ট্র সংস্কারের বিষয়ে কতটা ঐকমত্য হবে এবং যেসব বিষয়ে ঐকমত্য হবে তারও কতটা শেষ পর্যন্ত বাস্তবায়িত হবে, তা নিয়ে সংশয় আছে। সামগ্রিক অবস্থা দেখে এ কথা মনে করার যথেষ্ট কারণ আছে যে সংস্কার এখন আর অন্তর্বর্তী সরকারেরও এক নম্বর অগ্রাধিকারের মধ্যে নেই। অন্তত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ সব বিষয়ের সংস্কার তো নয়ই।




অন্তর্বর্তী সরকার গঠিত হওয়ার পর যখন থেকে রাষ্ট্রের মৌলিক বিষয়গুলোর আমূল সংস্কারের উদ্যোগ শুরু করা হয়, তখন থেকেই সংস্কার ও নির্বাচন নিয়ে একটি বিতর্কও রাজনৈতিক অঙ্গনে বিস্তার লাভ করতে থাকে। বিতর্কটি হলোপ্রথম সংস্কার শেষ করে নির্বাচন, নাকি নির্বাচনী ব্যবস্থার মতো জরুরি কিছু বিষয়ে সংস্কার সম্পন্ন করে নির্বাচন অনুষ্ঠান এবং বাকি সব সংস্কার প্রস্তাব নির্বাচিত সরকার বাস্তবায়ন করবেদ্বিতীয়টি হলো একটি জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠা করে অন্তর্বর্তী সরকার তার কার্যকাল শেষ করবে। অন্তর্বর্তী সরকারের মেয়াদ সাত মাস অতিবাহিত হওয়ার পরও, এখন পর্যন্ত সেই পুরোনো বিতর্কের ঘেরাটোপেই আটকে আছে দেশের রাজনীতি।

অবশ্য এই বিতর্কের মধ্যে আরও দু-একটি অনুষঙ্গ যুক্ত হয়েছে। আগেও এগুলো নিয়ে রাজনৈতিক অঙ্গনে কথাবার্তা শোনা গেছে। এখন তা আরও স্পষ্ট হয়ে উঠেছে। এর একটি হলো গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনা এবং ঘনিষ্ঠদের বিচার এবং অন্যটি গণপরিষদের নির্বাচন। নবগঠিত রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) গঠিত হওয়ার দিনই দাবি করেছে প্রথমে গণপরিষদ নির্বাচনের এবং তাদের লক্ষ্য হিসেবে ঘোষণা করেছে 'সেকেন্ড রিপাবলিক' গঠনের কথা। পরে অবশ্য দলের আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন যে গণপরিষদ ও জাতীয় সংসদের নির্বাচন একই সঙ্গে হতে পারে। তাতে গণপরিষদ গঠনের বিষয়টি ভালোভাবেই টিকে থাকল। সঙ্গে 'সেকেন্ড রিপাবলিক' গঠনের প্রধান অনুষঙ্গ নতুন সংবিধান প্রণয়নের বিষয়টিও থাকল, যা নিয়ে রাজনৈতিক অঙ্গনে ভিন্নমত আছে।

এর পাশাপাশি, এনসিপির মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম কয়েক দিন আগে বলেছেন, 'যত দিন না খুনি হাসিনাকে ফাঁসির মঞ্চে দেখছি, তত দিন যেন কেউ ভুলক্রমেও নির্বাচনের কথা না বলে।' গত মঙ্গলবার রায়েরবাজারে জুলাই অভ্যুত্থানে শহীদ ছাত্র-জনতার কবর জিয়ারত করতে গিয়ে সারজিস আলম এ কথাও বলেছেন যে 'খুনি হাসিনা লাশ কই ফেলেছে তা জানা যায়নি। মায়েরা লাশ খুঁজতে ছুটে বেড়াচ্ছেন। খুনির বিচার না হওয়া পর্যন্ত কীভাবে এই বাংলাদেশে অন্য কিছু চিন্তা করব।' অর্থাৎ তিনি শেখ হাসিনা এবং সাঙ্গপাঙ্গদের বিচারকে নির্বাচনের সঙ্গে শর্তযুক্ত করে দিয়েছেন। দলের আহ্বায়ক নাহিদ ইসলাম অবশ্য তা করেননি। তিনি দ্রুত বিচারের দাবি করেছেন এবং সেই বিচার যেন এমন নিদর্শন সৃষ্টি করে, যাতে ভবিষ্যতে এ দেশে আর কোনো ফ্যাসিজম গড়ে না ওঠে। নির্বাচনের সঙ্গে বিচারকে শর্তযুক্ত করা না-করার এনসিপির এই যে দোলাচল, শেষ পর্যন্ত তা কোথায় গিয়ে স্থিত হয়, তা দেখার জন্য অপেক্ষা করতে হবে।

ওদিকে বিএনপি কিন্তু সারজিস আলমের বক্তব্যের জবাব দিয়েছে। গণমাধ্যমের প্রশ্নের মুখোমুখি হয়ে বিএনপি নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বিচারের সঙ্গে নির্বাচনের কী সম্পর্ক! বিচার তো হবেই। যে সরকারই ক্ষমতায় আসুক না কেন, শেখ হাসিনা এবং তাঁর সাঙ্গপাঙ্গদের বিচার অবশ্যই হবে। তার সঙ্গে নির্বাচনের কোনো সম্পর্ক নেই। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসও শেখ হাসিনার বিচারের কথা বলেছেন এক বিদেশি সাংবাদিককে দেওয়া সাক্ষাৎকারে। আন্তর্জাতিক অপরাধ আদালতে সেই বিচারের প্রক্রিয়াও চলমান। অবশ্য জাতিসংঘ মানবাধিকার সংস্থা নিশ্চিত তথ্য-প্রমাণের ভিত্তিতে এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে বিচার নিশ্চিত করার কথা সম্প্রতি বলেছে। এরপরই চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের একটি মন্তব্য গণমাধ্যমে প্রচারিত হয়েছে। তিনি বলেছেন, মানবতাবিরোধী অপরাধের বিচার খুব কঠিন একটি বিষয়।

এই বিচার অনেক দিক দিয়েই কঠিন। আইনকানুন, তথ্য-প্রমাণের দিক দিয়ে যেমন, তেমনি শেখ হাসিনার বিচারের ক্ষেত্রে সময়টাও একটা কঠিন বিষয়। কারণ, অদৃশ্য হলেও এই বিচারের সঙ্গে আগামী জাতীয় নির্বাচনের সময়সূচির একটা যোগসূত্র রয়েছে। নির্বাচনের সম্ভাব্য সময় নিয়েও ইতিমধ্যে অনেক কথা হয়েছে। বিএনপি অব্যাহতভাবে দাবি জানিয়ে আসছে আগামী ডিসেম্বরের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা আগে একটা সম্ভাব্য সময়ের কথা বলে রেখেছেন যে এ বছরের ডিসেম্বর অথবা আগামী বছরের প্রথমার্ধের মধ্যে যেকোনো সময় নির্বাচন হতে পারে। অতিসম্প্রতি ইউরোপীয় ইউনিয়নের সফররত একজন প্রতিনিধির সঙ্গে আলাপকালে বলেছেন, যদি ন্যূনতম সংস্কার এবং একটি নির্ভুল ভোটার তালিকা প্রণয়নের পর নির্বাচনের আয়োজন করা হয়, তাহলে আগামী ডিসেম্বরের মধ্যে নির্বাচন হতে পারে। এই বক্তব্য অবশ্য নির্বাচনের প্রকৃত সময় নির্দেশ করে না। কেননা, সংস্কার কতটুকু সম্পন্ন করার পর নির্বাচন আয়োজন করা হবে, তা নির্ভর করে রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ওপর। সেই ঐকমত্য প্রতিষ্ঠার প্রক্রিয়া এখনো শুরু হয়নি। তবে এই মাসের মাঝামাঝি সময়ের মধ্যেই তা শুরু হওয়ার কথা। প্রধান উপদেষ্টার নেতৃত্বাধীন জাতীয় ঐকমত্য কমিশন এ ব্যাপারে রাজনৈতিক দলগুলোর সঙ্গে এই সময় আলোচনা শুরু করবে।

তবে অন্তর্বর্তী সরকারের প্রথম দিকে যেমন সংস্কার নিয়ে দেশব্যাপী একটা আলাপ-আলোচনা চলছিল, এখন তাতে কিছু পরিবর্তন ঘটেছে। এখন সংস্কারের চেয়ে বেশি কথা হয় নির্বাচন এবং স্বৈরশাসকের বিচার প্রসঙ্গে। আর আলোচনা আইনশৃঙ্খলার মতো নৈমিত্তিক জনগুরুত্বপূর্ণ বিষয় নিয়ে। সুতরাং রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা শুরু হলেও পূর্ণাঙ্গ রাষ্ট্র সংস্কারের বিষয়ে কতটা ঐকমত্য হবে এবং যেসব বিষয়ে ঐকমত্য হবে তারও কতটা শেষ পর্যন্ত বাস্তবায়িত হবে, তা নিয়ে সংশয় আছে। সামগ্রিক অবস্থা দেখে এ কথা মনে করার যথেষ্ট কারণ আছে যে সংস্কার এখন আর অন্তর্বর্তী সরকারেরও এক নম্বর অগ্রাধিকারের মধ্যে নেই। অন্তত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ সব বিষয়ের সংস্কার তো নয়ই।

এ বিষয়ে একটি সহযোগী দৈনিকে প্রকাশিত এক প্রতিবেদন উল্লেখযোগ্য। ওই প্রতিবেদনে বলা হয়েছে, অর্থনৈতিক বিষয়াদি নিয়ে সংস্কারের দুটি প্রতিবেদন জমা পড়ে আছে। কিন্তু এসব প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে সরকারের জোরালো কোনো উদ্যোগ নেই। এর মধ্যে একটি হলো সিপিডির সম্মানীয় ফেলো, বিশিষ্ট অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্যের নেতৃত্বাধীন কমিটির শ্বেতপত্র, যেখানে বিগত সরকারের সময়কার অর্থনৈতিক লুটপাটের বিস্তারিত চিত্র তুলে ধরে করণীয় হিসেবে বেশ কিছু সুপারিশ করা হয়েছে। প্রধান উপদেষ্টার কাছে এই শ্বেতপত্র জমা দেওয়া হয়েছে গত ১ ডিসেম্বর। অন্যটি হলো বিআইডিএসের সাবেক মহাপরিচালক কে এ এস মুরশিদের নেতৃত্বাধীন টাস্কফোর্সের প্রতিবেদন। এটি প্রধান উপদেষ্টার কাছে জমা দেওয়া হয় গত ৩০ জানুয়ারি। কিন্তু এই সময়ের মধ্যে ওই দুটির একটি প্রতিবেদন নিয়েও কোনো আলোচনা বা কার্যক্রম গ্রহণ করা হয়নি। সুতরাং এই প্রশ্ন ওঠা স্বাভাবিক যে সংস্কার ও নির্বাচনের সেই পুরোনো বিতর্কের ঘেরাটোপের মধ্যে পড়ে অন্তর্বর্তী সরকারের অগ্রাধিকার রাষ্ট্র সংস্কার থেকে অন্যত্র পরিবর্তিত হয়েছে কি না।





# মাস্ক- রুবিওর বাগবিতন্ডা!

*প্রথম পৃষ্ঠার পর*

ওপর নতুন করে আলো ফেলছে। প্রথমত, ট্রাম্প প্রশাসনের গুরুত্বপূর্ণ ভূমিকায় মাস্ককে অন্তর্ভুক্ত করায় অনেক মন্ত্রিসভা সদস্যের জন্য তা অস্বস্তিকর হয়ে উঠেছে। জানিয়েছে নিউইয়র্ক টাইমস।

শুক্রবার নিউইয়র্ক টাইমস তাদের প্রতিবেদনে জানিয়েছে- ইলন মাস্কের সঙ্গে পরিবহনমন্ত্রী শন ডাফি ও ভেটেরান্স অ্যাফেয়ার্স সেক্রেটারি ডগ কলিন্সের সঙ্গেও উত্তেজনা রয়েছে। তবে ব্যক্তিগত বিরোধের বাইরেও সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু হলো- মাস্ক ও তার নেতৃত্বে 'ডিপার্টমেন্ট অফ গভর্নমেন্ট এফিসিয়েন্সির (ডিওজিই) সরকারি ব্যয়ে ব্যাপক কাটছাঁটের সিদ্ধান্ত।

টাইমসের প্রতিবেদন অনুযায়ী, মাস্ক রুবিওকে আক্রমণ করে বলেন যে, তিনি পররাষ্ট্র দপ্তরের 'কাউকেই' বরখাস্ত করেননি। উত্তরে রুবিও বলেন, '১৫০০ জন স্বেচ্ছায় পদত্যাগ করেছেন। মাস্ক কি চান যে, তিনি তাদের আবার নিয়োগ দিয়ে পরে মাস্ক নিজেই তাদের ছাঁটাই করবেন?'

উত্তরে মাস্ক রুবিওকে 'টিভিতে ভালো' বলে কটাক্ষ করেন, যার স্পষ্ট অর্থ হলো- তিনি অন্য কোনো কাজের জন্য ততটা দক্ষ নন। প্রেসিডেন্ট ট্রাম্প কিছুক্ষণ বিতর্ক চলতে দেন। পরে হস্তক্ষেপ করে রুবিওকে সমর্থন জানান।

হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট এ বিষয়ে মন্তব্য করে জানান, 'মন্ত্রিসভা বৈঠক খুবই সফল ও কার্যকর ছিল। সবাই প্রেসিডেন্ট ট্রাম্পের প্রশাসনকে আরও দক্ষ করার লক্ষ্যে একসঙ্গে কাজ করছে।'

ট্রাম্পও পরে ওভাল অফিসে সাংবাদিকদের বলেন, 'ইলেন মাস্ক ও মার্কো রুবিও দারুণ সম্পর্ক বজায় রেখেছে। তারা উভয়েই চমৎকার কাজ করছে। কোনো বিরোধ নেই।'

যুক্তরাষ্ট্রের মহাকাশ প্রযুক্তি কোম্পানি স্পেসএক্স ও বৈদ্যুতিক গাড়িনির্মাতা টেসলার প্রধান নির্বাহী মাস্ক এখন ট্রাম্পের





ঘনিষ্ঠ সহচর। প্রেসিডেন্টের আদেশে তিনিই সরকারি ব্যয় ও অপচয় কমানোর উদ্দেশ্যে বানানো ডিওজিই'র কার্যক্রম দেখভাল করছেন। ট্রাম্প ক্ষমতায় বসার পর থেকে এ পর্যন্ত মাস্কের এই ডিওজিই ফেডারেল সরকারের অনেক দপ্তর বন্ধ করে দিয়েছে, অনেক দপ্তরের বাজেট কমিয়েছে, ছাঁটাই করেছে হাজার হাজার কর্মীকে। মাস্কের উচ্চাকাঙ্ক্ষী পদক্ষেপ ও তার অভ্যন্তরীণ প্রভাব নিয়ে ট্রাম্প কিছুটা চিন্তিত বলেই মনে হচ্ছে।

শুক্রবার হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপে ট্রাম্প বলেছেন, তিনি ইউক্রেনের জন্য কোনো নিরাপত্তা নিশ্চয়তা দিতে রাজি কিনা, সে বিষয়ে নিশ্চিত নন। তবে, মাস্ক ও রুবিওর উত্তপ্ত বিতর্কই আপাতত ওয়াশিংটনের সবচেয়ে আলোচিত বিষয় হয়ে উঠেছে।

সামাজিক মাধ্যমে এক পোস্টে ট্রাম্প জানিয়েছেন, 'প্রশাসন 'কুড়াল' দিয়ে নয় বরং 'সার্জিক্যাল স্ক্যালপেল' দিয়ে সরকারি সংস্কার করবে। সরকারি ব্যয় অবশ্যই হ্রাস করা দরকার। তবে দক্ষ ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের রাখা জরুরি।' এই মন্তব্য মাস্কের ক্ষমতার ওপর কিছুটা সীমাবদ্ধতার ইঙ্গিত দেয়। তবে মাস্ক বিতর্ক যাই হোক না কেন, ট্রাম্পের জন্য সবচেয়ে বড় রাজনৈতিক ঝুঁকি হলো- অর্থনৈতিক মন্দা।

ট্রাম্প প্রশাসন এ সিদ্ধান্তকে সমর্থন করলেও ছাঁটাইয়ের ব্যাপকতা ও কঠোর বাস্তবায়নে কিছু বিতর্ক সৃষ্টি করেছে। ডেমোক্র্যাটরা মাস্কের এই নীতি নিয়ে সমালোচনা করছেন-বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি এমন দপ্তরগুলোর বাজেট কাটছেন যা লাখো আমেরিকানের জীবনযাত্রার ওপর নির্ভর করে। যদিও তারা স্বীকার করছেন যে, সরকারি ব্যয়ে কিছু অপচয় রয়েছে। ডোজ -এর এই র‍্যাডিক্যাল সংস্কার উদ্যোগের পাশাপাশি ট্রাম্প প্রশাসনের আরও কিছু নীতিগত পরিবর্তন বিশেষভাবে আলোচনায় এসেছে, যেমন শুল্কনীতি। ট্রাম্প সম্প্রতি মেক্সিকো ও কানাডার ওপর শুল্ক আরোপ করেছেন, পরে অটোমোবাইল শিল্পের জন্য শুল্ক থেকে ছাড় দিয়েছেন এবং কানাডিয়ান লাকড়ি ও দুগ্ধজাত পণ্যের ওপর নতুন শুল্ক আরোপের ইঙ্গিত দিয়েছেন।

# গণ ডিপোর্টেশনে সামরিক ফ্লাইট স্থগিত!

*প্রথম পৃষ্ঠার পর*

জানিয়েছে, গত ১ মার্চ যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী সি-১৭ এবং সি-১৩০ উড়োজাহাজ ব্যবহার করে অভিবাসীদের ফেরত পাঠায়। তবে পেন্টাগনের কর্মকর্তারা জানিয়েছেন, আপাতত এ ধরনের কোনো নতুন ফ্লাইটের পরিকল্পনা নেই এবং ভবিষ্যতে এটি স্থায়ীভাবে বন্ধের চিন্তাভাবনা করা হচ্ছে। সামরিক বিমানে গণ ডিপোর্টেশন অত্যন্ত ব্যয়বহুল। ভারতে পাঠানো প্রতিটি ফ্লাইটে খরচ হয়েছে প্রায় ৩০ লাখ ডলার এবং একেকজনকে ডিপোর্ট করতে মাথাপিছু ব্যয় করতে হয়েছে ২০ হাজার ডলার। সি-১৭ উড়োজাহাজ প্রতি ঘণ্টায় ২৮,৫০০ ডলার এবং ইউএস ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টের (আইস) বিমানে প্রতি ঘণ্টায় ৮,৫০০ ডলার ব্যয় হয়।

গত ২০ জানুয়ারি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাহী আদেশের পর নথিবিহীন অভিবাসীদের গ্রেপ্তার ও ফেরত পাঠানোর অভিযান শুরু হয়। এ পর্যন্ত ৩০টি সামরিক ফ্লাইট পরিচালিত হয়েছে, যার মাধ্যমে ভারত, গুয়েতেমালা, ইকুয়েডর, পেরু, হন্ডুরাস, পানামাসহ বিভিন্ন দেশে অভিবাসীদের ফেরত পাঠানো হয়েছে।

এছাড়াও, যুক্তরাষ্ট্র ও মেক্সিকোর মধ্যে হওয়া একটি চুক্তির শর্ত অনুযায়ী, যুক্তরাষ্ট্রের সামরিক উড়োজাহাজ মেক্সিকোর আকাশসীমায় প্রবেশ করতে পারে না। ফলে অভিবাসীদের ফেরত পাঠাতে বিকল্প পথ ব্যবহার করতে হচ্ছে, যা ব্যয় এবং সময় দুটোই বাড়াচ্ছে। এছাড়া লাতিন আমেরিকার বেশ কয়েকটি দেশ তাদের বিমানবন্দরে যুক্তরাষ্ট্রের সামরিক বিমানের অবতরণ নিষিদ্ধ করেছে, যা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। এসব কারণ বিবেচনা করে সামরিক বাহিনীর বিমান ব্যবহার করে অভিবাসীদের ফেরত পাঠানোর কার্যক্রম স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে ওয়াশিংটন। এটি স্থায়ীভাবে বন্ধের সম্ভাবনাও রয়েছে বলে ইঙ্গিত দিয়েছেন কর্মকর্তারা।

# কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড ১৫ মার্চ

*প্রথম পৃষ্ঠার পর*

প্রতিযোগী হিসেবে অংশ নেয়। এ গ্রুপ (সেকেন্ড গ্রেড থেকে ফিফথ গ্রেড) ও বি গ্রুপ (সিক্সথ গ্রেড থেকে টুয়েলভ গ্রেড)-এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গত ২৩ ফেব্রুয়ারী, রোববার দিনব্যাপী টাইম টিভি'র স্টুডিওতে বিপুল উৎসাহে প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডের পর্ব অনুষ্ঠিত হয়। এদিন দুই পর্বে মোট ৪৩জন প্রতিযোগী দুই ভাগে বিভক্ত হয়ে অংশ নেয়। তাদের মধ্য থেকে ৫ জন ৫জন করে ১০জন চুড়ান্ত পূর্বে অংশ নেয়ার সুযোগ পাবে বলে প্রতিযোগিতার সমন্বয়কারী রাশিদা আক্তার জানান। এর আগে গত ১৬ ফেব্রুয়ারী, রোববার দিনব্যাপী টাইম টিভি'র স্টুডিওতে বিপুল উৎসাহে প্রতিযোগিতার প্রথম রাউন্ডের পর্ব অনুষ্ঠিত হয়।

মওলানা আহমেদ আবু সুফিয়ানের উপস্থাপনায় প্রতিযোগিতার প্রথম ও দ্বিতীয় রাউন্ডে বিচারক ছিলেন মওলানা শেখ ওমর ও ওস্তাদ রাহাত ইকবাল। এদিকে প্রতিযোগিতা চলার মাঝে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থী ও অভিভাবকগণ ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখেন। আগামী ১৫ মার্চ শনিবার প্রতিযোগিতার ফাইনাল পর্ব এবং ইফতার মাহফিল অনুষ্ঠিত হবে। এস্টোরিয়াস্থ বয়েজ এন্ড গার্লস স্পোর্টস মিলনায়তনে এই মাহফিলের আয়োজন করা হয়েছে। এতে সকল প্রতিযোগিতা, তাদেও অভিভাবক এবং সুধীজনদের আমন্ত্রণ জানিয়েছেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও জনাব আবু তাহের।

# ডিপোর্টেশনের সংখ্যা নিয়ে বিভ্রান্তি?

*প্রথম পৃষ্ঠার পর*

বহিস্কারে সংখ্যায় একেক ডিপার্টমেন্ট একেক তথ্য দিচ্ছে। সেটির সংখ্যা ১৮ হাজার, নাকি ৩৭, ৬৬০ জন ও ৫০ হাজার সেটি স্পষ্ট নয়।

হোয়াইট হাউসের কর্মকর্তারা এবং হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের একজন মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন বিভিন্ন সংখ্যার মধ্যে ব্যাখ্যা চেয়ে সিবিএসের পাঠানো একাধিক অনুরোধের জবাব দেননি। অনলাইনে প্রকাশিত সাম্প্রতিকতম আইসিই অপসারণের পরিসংখ্যান সেপ্টেম্বর ২০২৪ থেকে। ফলাফলটি একটি অস্পষ্ট চিত্র যে নতুন প্রশাসন ইউএসএ'র ইতিহাসে অভিবাসীদের বৃহত্তম নির্বাসন কর্মসূচি পরিচালনার লক্ষ্যে কতটা সফলভাবে কাজ করছে।

মাইগ্রেশন পলিসি ইনস্টিটিউটের পাবলিক অ্যাফেয়ার্সের পরিচালক মিশেল মিটেলস্ট্যাড বলেন, 'সংবাদ সংস্থাগুলি বিভিন্ন সংখ্যা রিপোর্ট করেছে যা বিভিন্ন সময়কাল, সরকারের বিভিন্ন সংস্থাকে প্রতিফলিত করতে পারে।সুতরাং আইসিই, কাস্টমস এবং বর্ডার প্রোটেকশন এবং ইউএস সামরিক বাহিনী দ্বারা পরিচালিত নির্বাসনকে অন্তর্ভুক্ত করে এমন সরকারী তথ্য প্রকাশের অভাবে এই মুহূর্তে আইন প্রয়োগকারী সংস্থার কার্যকলাপের গতি জানা সম্ভব নয়।'

# যুক্তরাষ্ট্রে 'গাজা যুদ্ধবিরোধী' শিক্ষার্থীদের বহিস্কার শুরু

*প্রথম পৃষ্ঠার পর*

হয়েছে, মাহমুদ খলিল 'গাজার যুদ্ধবিরোধী' বিক্ষোভে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সরাসরি নেতৃত্ব দিচ্ছিলেন। কলোম্বিয়া ও বামার্ড কলেজের শিক্ষার্থীদের 'গাজায় ইসরায়েলী আক্রমণের বিরুদ্ধে' বিক্ষোভে সম্পৃক্ত করার অভিযোগ রয়েছে। খলিল এর এটর্নী এমি গ্রীর এপিকে তাঁকে গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন।

নিউইয়র্ক পোস্ট জানায়, মাহমুদ খলিল এর গ্রীন কার্ড ও ভিসা বাতিল করা হবে। তিনি ঐ বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছেন। এদিকে ফক্স নিউজে বলা হয়, বৃহস্পতিবারের এক বিবৃতিতে পররাষ্ট্র দফতরের এক মুখপাত্র বলেন, 'আমরা একজন বিদেশি নাগরিকের প্রথম ভিসা বাতিল করেছি, যার বিরুদ্ধে হামাস-সমর্থিত বিক্ষোভে সম্পৃক্ততা রয়েছে। এই ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। তাঁকে দেশে পাঠানো হবে।

আইনি সীমাবদ্ধতার কারণে শিক্ষার্থী নাম বা জাতীয়তা প্রকাশ করা হয়নি। তিনি কোন কলেজে পড়েছিল বা অংশগ্রহণের জন্য তাদের কী ধরনের প্রতিবাদের কথা উল্লেখ করা হয়েছিল তাও তাৎক্ষণিকভাবে পরিষ্কার হয়নি।

যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশে মুসলমান সম্প্রদায়ের অধিকার নিয়ে আইনগত কাজ করে 'মুসলিম অ্যাডভোকেটস' নামে একটি সংগঠন। এ সংগঠনের সিনিয়র পলিসি কাউন্সেল সুমাইয়া ওহিদ সম্প্রতি ট্রাম্পের গণ বহিস্কার ও মুসলিম বিদ্বেষী পরিকল্পনায় উদ্বেগ প্রকাশ করে গণ মাধ্যমে জানান, ''ট্রাম্প আমেরিকানদের মধ্যে অভিবাসনবিরোধী এবং ইসলামবিদ্বেষ মনোভাব প্রকট করে তুলতে পরিকল্পনা করেই যাচ্ছেন। সম্প্রতি ট্রাম্প আমেরিকায় মুসলিম দেশের নাগরিকদের ভ্রমণ নিষেধাজ্ঞার পরিকল্পনা করছে। 'ইসরায়েল বিদ্বেষী' অজুহাতে, যুক্তরাষ্ট্রের ভার্সিটি পড়ুয়া বিদেশী মুসলিম শিক্ষার্থীদের সন্দেহের চোখে দেখছে। তাঁদের ওপর নজরদারি চালানো হচ্ছে। 'শত্রুভাবাপন্ন' তুলে ধরা হচ্ছে। এতে হয়রানির শিকার হওয়ার আশঙ্কা রয়েছে মুসলিম শিক্ষার্থীদের।''

# নিউয়ার্কে গোয়েন্দা পুলিশ কর্মকর্তা নিহত

*প্রথম পৃষ্ঠার পর*

প্রসিকিউটর থিওডোর স্টিফেনস।

শনিবার সংবাদ সম্মেলনে স্টিফেনস বলেন, শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে পুলিশ অবৈধ আগ্নেয়াস্ত্রের তদন্ত করছিল। তখনই গুলি বিনিময়ের ঘটনা ঘটে। ওই ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট আরও চারজনকে হেফাজতে নেওয়া হয়েছে। ১৪ বছর বয়সী সন্দেহভাজনের বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগ এবং অবৈধ অস্ত্র রাখার অভিযোগও আনা হয়েছে।

এসেক্স কাউন্টির শেরিফ আমির জোনস বিবৃতিতে বলেন, আইন প্রয়োগকারী কর্মকর্তারা সমাজের নিরাপত্তা ও সুস্থতার জন্য নিজের জীবন ঝুঁকিতে ফেলছেন। গত রাতের এই ঘটনা নিহতের পরিবার ও আইন প্রয়োগকারী সংস্থার কর্মীদের শোকে আচ্ছন্ন করেছে।




# সংস্কার কথা-!

*শেষ পৃষ্ঠার পর* ক্ষেত্রে যে সর্বনাশ করে গেছে তা তো মেরামত করতেই হবে।

কথা হচ্ছে সংস্কারটা করবে কে! সংস্কার অর্থ পরিবর্তন। বিদ্যমান যা, বদলে ফেলা। এই পরিবর্তন দুইভাবে হতে পারে। এক হচ্ছে বিপ্লব, অন্যটা সংস্কার। বিপ্লব অর্থ রাতারাতি আমূল পরিবর্তন। সংস্কার অনেকটা বির্বতনের মত। ধীরে ধীরে সময় নিয়ে ধাপে ধাপে বা পর্যায়ক্রমে। এর জন্য সময় দরকার, মানুষ দরকার- যারা সংস্কার বোঝে বা আসলেই সংস্কার চায়। সবচেয়ে বড় কথা যাদের সংস্কার করার সক্ষমতা আছে। বিপ্লব করে বিপ্লবীরা। এরা হন নীতি ও আদর্শবান, যাদের থাকে সুস্পষ্ট লক্ষ্য এবং পরিকল্পনা। এরা নিজেরা সৎ থাকেন, প্রগাঢ় দেশপ্রেমে উজ্জীবিত থাকেন। এদেরকে বলা হয় রেডিক্যালিস্ট। এরা যা করতে চায় তাৎক্ষনিক করে ফেলে। কমিটি কমিশন যাচাই বাছাই সুপারিশ প্রস্তাবনা- এ সবের ধার ধারে না। বিপ্লবে এতসব গাবগ্যাজাগেজির সময় নাই।

স্বৈরাচারোত্তর কালে আমরা সংস্কারের পথে গেছি। জুলাই-অগাস্টের অভ্যুত্থান বিপ্লবী চরিত্রের হলেও এর স্টেকহোল্ডার বা ছাত্র সমন্বয়ক-আর্মি-সুশীল সমাজ- আকস্মিকতায় এতটাই হতবিহ্বল ছিলেন যে ঘটনার চরিত্র নির্দ্ধারনে একমত হতে ব্যর্থ হন। ফলে একটা প্রথাগত সরকার প্রতিষ্ঠিত হয়, যার সদস্যরা চরিত্রগত দিক থেকে বিপ্লবী তো নয়ই, উল্টো অনেকটা প্রতিবিপ্লবী মন মানসিকতার। তার ওপর এদেরকে সর্বোতভাবে নির্ভর করতে হচ্ছে স্বৈরাচারের রেখে যাওয়া শাসন কাঠামোর ওপর।

সংস্কারের দায়িত্বটা বর্তেছে এদের ওপর। ছাত্র সমন্বয়করা যারা প্রথম থেকেই সোচ্চার তারা মুখে বিপ্লবী কথাবার্তা বললেও এই প্রতিক্রিয়াশীলদের ওপরই নির্ভরশীল। তাছাড়া এরা নিজেরা সংস্কার কতটা বোঝে বা আসলেই চায় সেটাও পরিষ্কার না। এই সরকার বা প্রশাসন দিয়ে সংস্কার কতটা হবে তা এই সাত মাসেই বোঝা হয়ে গেছে। দিস্তায় দিস্তায় কাগজে সুপারিশনামা, পড়ে দেখার সময় কারও নাই। আমার সন্দেহ আছে প্রফেসর ইউনুস নিজে এর কোনটা পুরো পড়ে দেখেছেন কি না। এই যে এতগুলো কমিশন, মনকে মন কাগজে লেখা সুপারিশ, কবে তা পড়ে দেখা হবে, কে পড়বে, কবে এর ওপর আলোচনা হবে শুনানী হবে, সব দল মতের মানুষের ঐকমত্য হবে, তারপর রাষ্ট্রপতির অধ্যাদেশ। কবে তা বাস্তবায়িত হবে! এর মধ্যে একদল বলছে সংস্কারের জন্য তিন বছর পাঁচ বছর ক্ষমতায় থাকতে হবে। ওদিকে সরকার চলছে গদাই লস্করী চালে। কোন কোন উপদেষ্টার গায়ে-গতরে চর্বি জমতে শুরু করেছে চেহারায় রোশনাইর ঝিলিক। এক উপদেষ্টা একদিন বললেন শেখ হাসিনার মেয়াদের বাকি সময়কালটা পর্যন্ত নাকি তারা ক্ষমতায় থাকবেন! এইসব মাল নিয়ে যে সরকার তারা করবে সংস্কার! কেয়ামত পর্যন্ত সরকারে থাকলে নাকি এদের দিয়ে এক আনার কাজ হবে! এখন পর্যন্ত শেখ হাসিনার নামে কোন একটা মামলার বিচার শুরু করা গেল না। বিদেশ থেকে লুটের টাকার এক কানাকড়িও ফেরত আনা গেল না। না পারলো চোর ডাকাতের উৎপাত বন্ধ করতে, আইন শৃংখলা ঠিক করতে, বাজার সিন্ডিকেট বন্ধ করতে! ঢাকার জনজীবনের নিত্যকার যে বিড়ম্বনা- সেই জানযটটা পর্যন্ত কমাতে পারলো না, সড়ক-ফুটপাথগুলো হকারমুক্ত হওয়া দুরের কথা দিনে দিনে দখল বাড়ছে! এই কাজগুলো হচ্ছে তাৎক্ষনিক সংস্কার। মানুষ এই সংস্কারই আগে দেখতে চায়। এর জন্য কোন কমিশন করা লাগে না, দিস্তা দিস্তা কাগজে সুপারিশও প্রয়োজন হয় না! জাতীয় ঐকমত্যেরও দরকার নেই, যমুনায় শীর্ষ বৈঠকও লাগে না! দরকার শুধু সদিচ্ছা আর উদ্যোগ। কেন সাত মাসে সরকার এ বিষয়ে কোন উদ্যোগ নিলো না! তাদের কি সদিচ্ছার অভাব! না পারলো না! বিভিন্ন স্থাপনা থেকে শেখ বংশের নাম মুছে ফেলা বত্রিশ নম্বর গুড়িয়ে দেওয়া বা মূর্তি মাজার ভাঙ্গা সংস্কার না, সংস্কার হচ্ছে বিদ্যমান আইন বিধি বিধান কাঠামোর পরিবর্তন। হালে মবোক্রেসী বা মব ট্রায়াল একটা কমন ফেনোমেনা। সরকার কেন এখানে অসহায়! ভিনদেশে বসবাসকারি কিছু বিভ্রান্ত বা উন্নাসিকের প্রতিহিংসার ফসল এই অরাজকতাকে যারা সংস্কার বলে আত্মতৃপ্তিতে ভুগছেন তারা একএকটা মহা মূর্খ্য, গর্দভ।

তাহলে কি সংস্কার হবে না! যদিও কোন কোন মহল থেকে বলা হচ্ছে নির্বাচন দেন, নির্বাচিত সরকারই যাবতীয় সংস্কার করে দেবে। পারবে না। নির্বাচন যদি বিদ্যমান রাজনৈতিক ব্যবস্থাপনায় হয়, চোর ডাকাত টাউট বাটপাররাই সংসদে যাবে। তাদের স্বার্থের বাইরে যায় এমন কোন সংস্কার তারা করবে না। করবে তো না-ই, এই সরকার যদি কোন সংস্কার করেও যায়- স্বার্থের বাইরে বিবেচিত হলে তাও বাতিল করে দেবে। এরশাদ সাহেব প্রশাসনিক সংস্কারের অংশ হিসেবে উপজেলা ব্যবস্থা প্রবর্তন করেছিলেন। খোদ তার দলের এমপিরাই এর বিরুদ্ধে ছিল। কারন, এলাকায় চুরি বা লুটের টাকার ভাগীদার একজন বেড়ে গেছিল! '৯১এ সরকার গঠন করে বেগম জিয়া এবং বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা দুইজনে মিলে এই ব্যবস্থা বাতিল করে দিয়েছিলেন। যদিও বর্তমান সরকারের আমলে বা অদুর ভবিষ্যতে আমি কোন সম্ভাবনা দেখছি না, তারপরও আশাবাদী হতে চাই। প্রফেসর ইউনুস এর মধ্যেই নির্বাচনের একটা সম্ভাব্য সময়সীমা ঘোষনা করেছেন। এখনও আশা করছেন কিছু প্রয়োজনীয় সংস্কার তারা এর মধ্যে করে ফেলতে পারবেন। ভলি কথা। অন্তত: পরের সংসদে চোর ডাকাত আসা বন্ধের একটা শক্ত আইনও যদি করতে পারে, আপাতত: সেটাই হবে একটা বড় সংস্কার! কিছু শিক্ষিত ভদ্রলোক সংসদে এলে পরের কাজগুলো যদি এগিয়ে নেয়! সংসদে যদি টাউট বাটপার চোর ডাকাত খুনী লুটেরারা এসে জাঁকিয়ে বসে সংস্কারের আশা সুদুর পরাহত।

# ধর্ষকের বিচার দাবিতে ক্ষোভে ফুঁসছে দেশ

৩-*এর পৃষ্ঠায় পর*

প্রশ্নে স্বরাষ্ট্র উপদেষ্টা, আইন উপদেষ্টা, নারী ও শিশু বিষয়ক উপদেষ্টার ব্যর্থতার দায় স্বীকার করে জবাবদিহি করতে হবে। ৪. সব শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে 'নারী ও শিশু নিপীড়নবিরোধী সেল' গঠন এবং সেলের কার্যকারিতা নিশ্চিত করতে হবে। ৫. ধর্ষণ, যৌন নিপীড়ন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সাইবার বুলিং সংক্রান্ত আইনের সংশোধন করে অপরাধের স্পষ্ট ও যথাযথ সংজ্ঞায়ন করতে হবে।

ধর্ষকের মৃত্যুদণ্ড নিশ্চিত ও নারীদের নিরাপত্তার দাবিতে বিক্ষোভ ও মশাল মিছিল করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা। গতকাল সন্ধ্যা ৭টার দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে মিছিল নিয়ে তাঁতিবাজার মোড়ে হয়ে ক্যাম্পাসে ফিরে যান তাঁরা। এ সময় শিক্ষার্থীদের সঙ্গে আন্দোলনে যোগ দেন পথচারীরা। এর আগে দুপুর দেড়টায় বিশ্ববিদ্যালয়ের রফিক ভবনে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট জবি শাখা বিক্ষোভ সমাবেশ করেছে।

মাগুরায় আদালত ঘেরাও, বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ

মাগুরায় আট বছরের শিশু ধর্ষণের মামলার আসামিদের ফাঁসির দাবিতে গতকাল সকাল ১১টার দিকে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত চত্বর ঘেরাও করেছে মাগুরা সরকারি কলেজেসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও সাধারণ জনতা। এ সময় আদালত ঘেরাও করে আদালত চত্বরে প্রবেশ করতে গেলে পুলিশ ও সেনাবাহিনী তাদের নিবৃত্ত করে। পরে বিক্ষুব্ধরা আদালতের সামনে মাগুরা-নতুনবাজার সড়কে বসে পড়ে। দুপুর ২টার পর মিছিল নিয়ে মাগুরা সরকারি কলেজ রোড ধরে শহরের ভায়না মোড়ে সড়ক অবরোধ করে। এ সময় রাস্তার দুই পাশে শত শত যানবহন আটকে যায়। পরে প্রশাসনের আশ্বাসে বিকেল ৪টার পর অবরোধ তুলে নেওয়া হয়।

দেশের বিভিন্ন স্থানে ধর্ষণের ঘটনার প্রতিবাদে ঢাকা-আরিচা মহাসড়কে অবরোধ করে বিক্ষোভ করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থীরা। গত শনিবার দিবাগত রাত দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়ের রফিক-জব্বার হল চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করেন তাঁরা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রধান ফটকসংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়কে এসে শেষ হয়। এরপর রাত আড়াইটা থেকে ৩টা পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

দ্রুত সময়ের মধ্যে ট্রাইব্যুনাল গঠন করে ধর্ষকদের বিচারের দাবিতে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ সমাবেশ ও অবস্থান কর্মসূচি পালন করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা। গতকাল দুপুর ১২টার দিকে মহাসড়ক অবরোধ করেন তাঁরা।

এ সময় ধর্ষকদের শাস্তি না হওয়া পর্যন্ত ক্লাস-পরীক্ষা বর্জন এবং আজ সোমবার সকাল ১১টায় অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দেওয়া হয়। পরে দুপুর ১টার দিকে অবরোধ প্রত্যাহার করেন শিক্ষার্থীরা।

নারীর প্রতি সহিংসতা, ধর্ষণ, খুন ও নিপীড়নের বিরুদ্ধে মানববন্ধন করেছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষক-শিক্ষার্থীরা। এ ছাড়া গতকাল দুপুর ১২টায় ঢাকা-চট্টগ্রাম মহসড়কের কুমিল্লার চান্দিনা-বাগুর বাসস্টেশনে বিক্ষোভ করে মহাসড়কে অবস্থান নেয় বিভিন্ন স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষার্থীরা। কুষ্টিয়া-খুলনা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থীরা। এ সময় তাঁরা ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি না দিলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন।

এ ছাড়া নারী নির্যাতন ও ধর্ষণের প্রতিবাদ এবং ধর্ষণকারীর সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন খুলনা, জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরাও। শনিবার গভীর রাতে হলের তালা ভেঙে বের হয়ে ধর্ষকদের শাস্তির দাবিতে বিক্ষোভ করেছেন সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

নারায়ণগঞ্জে প্রতিবাদী মিছিল করেছে সাধারণ শিক্ষার্থীরা। শহরের চাষাঢ়ায় শহীদ মিনারে ধর্ষণ ও নিপীড়নবিরোধী বিভিন্ন প্ল্যাকার্ড হাতে অবস্থান নেয় তারা। বিক্ষোভ ও মানববন্ধন হয়েছে ঠাকুরগাঁও ও পঞ্চগড়েও। ময়মনসিংহে নারী-শিশু ধর্ষণ-নির্যাতনের ঘটনায় দোষীদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে মানববন্ধন করেছে বাংলাদেশ মহিলা পরিষদ জেলা শাখা।


NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405




35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



*শাহিদ-কারিনা আইফা অনুষ্ঠানে বহু বছর পর পরস্পরের সঙ্গে হাসিমুখে কথা বললেন। ছবি: সংগৃহীত*

# বিচ্ছেদের ব্যথা ভুলে আবার কাছে এলেন শাহিদ-কারিনা

**বাংলা পত্রিকা ডেস্ক:** প্রেম ভেঙেছে অনেক বছর হলো। সেই থেকে কথাবার্তা বন্ধ। কোনো অনুষ্ঠানে আচমকা দেখা হয়ে গেলে ন্যূনতম সৌজন্যতাটুকুও দেখাননি একে অপরের প্রতি। দুজনেই দুজনের থেকে চোখ সরিয়ে নিয়েছেন। সম্প্রতি জয়পুরে তেমনই এক অনুষ্ঠানের মঞ্চে ফের দেখা হয়ে গেল কারিনা কাপুর খান ও শাহিদ কাপুরের।

তবে এবারের গল্পটা ভিন্ন হলো। এক মঞ্চে পাশাপাশি দাঁড়ালেন। হাসিমুখে কথাও বললেন। তারপর পর্দার আদিত্য ও গীত পরস্পরকে আলিঙ্গন করলেন প্রকাশ্যে।

বহু যুগ পর এই মুহূর্তটি মন ছুঁয়ে গেছে সবার। 'জব উই মেট' সিনেমার জুটিকে ফের এক হতে দেখে আবেগে ভেসেছেন দর্শক। এত দিন পর দেখা হয়ে কী কথা বললেন শাহিদ-কারিনা? সেটা অবশ্য স্পষ্ট নয়। অনেকের মনে হয়েছে, সৌজন্যমূলক আলাপচারিতা হয়ে থাকতে পারে। আবার কারও মতে, একসঙ্গে কাজ করার সেই দিনগুলি নিয়ে হয়তো কথা বলেছেন তাঁরা।

আবার অনেকের ধারণা, হয়তো নিজেদের বর্তমান জীবন নিয়েই খোশগল্পে মেতেছেন দুজন। শাহিদ-কারিনাকে একসঙ্গে দেখে ইতিবাচক মন্তব্যের পাশাপাশি কারও আবার মনে হয়েছে, পুরোটাই অভিনয়। ক্যামেরার সামনে বলেই পুরোনো মনকষাকষি প্রকাশ করতে পারছেন না।

একসময় একে অপরের প্রেমে ডুবে ছিলেন শাহিদ-কারিনা। 'ফিদা', 'চুপ চুপকে', 'জব উই মেট'সহ বেশ কিছু সিনেমায় একসঙ্গে অভিনয় করেছিলেন তাঁরা। পর্দার প্রেম গড়িয়েছিল বাস্তবেও। সে সময় কাপুরনন্দিনীর সঙ্গে শাহিদের প্রেম ছিল চর্চার অন্যতম বিষয়।

বিয়ের দিনও ঠিক ছিল। শোনা যায়, শাহিদকে ভালোবেসে একসময় নিরামিষাশী হয়ে গিয়েছিলেন কারিনা। শাহিদকে একপ্রকার জামাই হিসেবে মেনে নিয়েছিলেন রণধীর কাপুর। তবে হঠাৎই ভেঙে যায় তাঁদের সম্পর্ক।

প্রেম ভাঙার পর একসঙ্গে কখনো দেখা যায়নি শাহিদ-কারিনাকে। বিচ্ছেদের পর 'উড়তা পাঞ্জাব' সিনেমায় কাজ করলেও তাঁদের একসঙ্গে কোনো দৃশ্য ছিল না। সিনেমার প্রমোশনেও একসঙ্গে যাননি। এমনকি গত বছর দাদাসাহেব ফালকে অ্যাওয়ার্ড অনুষ্ঠানেও শাহিদকে এড়িয়ে গিয়েছিলেন কারিনা।

# পায়েল ও মারিয়াকে নিয়ে প্রেম-বিয়ের জটিল গল্পে জোভান

**বাংলা পত্রিকা ডেস্ক:** প্রেম, বিয়ে ও পারিবারিক চাপের মধ্যে আটকে থাকা বান্টি নামের এক যুবকের গল্প নিয়ে তৈরি হয়েছে ঈদের বিশেষ নাটক 'বান্টির বিয়ে'। ফারহান আহমেদ জোভানের বিপরীতে এতে রয়েছেন কেয়া পায়েল, মারিয়া শান্ত ও পারসা। তাঁদের নিয়ে নাটকটি নির্মাণ করেছেন প্রবীর রায় চৌধুরী।

নির্মাতা নাটকটিকে বলতে চাইছেন প্রেম-বিয়ে নিয়ে বান্টি নামের এক যুবকের মজার ও রোমাঞ্চকর গল্প, যা দেখে দর্শক নিজেদের জীবনটাকেও খুঁজে পেতে পারেন।

নাটকের ট্রেলারে দেখা গেছে, মিলি নামের এক সাহসী মেয়ে বিয়ের আসর থেকে পালিয়ে বান্টির গাড়িতে উঠে বসে। ধীরে ধীরে তাদের মধ্যে বন্ধুত্ব ও ভালোবাসার সম্পর্ক তৈরি হয়। কিন্তু মিলির পারিবারিক বাধা ও বান্টির সঙ্গে লিলি নামের আরেকটি মেয়ের বিয়ের আয়োজন গল্পকে আরও জটিল করে তোলে।

প্রবীর রায় চৌধুরী বলেন, 'এটি একটি রোমান্টিক কমেডি গল্প, যা প্রেম ও বন্ধুত্ব নিয়ে রচিত-নির্মিত। জোভান, কেয়া, মারিয়া, পারসা; সবাই দারুণ অভিনয় করেছেন নিজ নিজ চরিত্রে। দর্শকরা ঈদ উৎসবে উপভোগ করবেন নাটকটি।'

প্রযোজক এসকে সাহেদ আলী পাপ্পু জানান, এবার ঈদে ২০টির বেশি নাটক মুক্তি পাবে সিএমভির ব্যানার থেকে। প্রতিষ্ঠানটির ইউটিউব চ্যানেলে চাঁদরাত থেকে 'বান্টির বিয়ে'সহ অন্য নাটকগুলো ধারাবাহিকভাবে প্রকাশ হতে থাকবে।



*নাটকের দৃশ্যে মারিয়া শান্ত, জোভান ও কেয়া পায়েল। ছবি: সংগৃহীত*

# ঈদে আসছে 'ছোটকাকু চ্যাপ্টার টু'

**বাংলা পত্রিকা ডেস্ক:** শিশুসাহিত্যিক ফরিদুর রেজা সাগরের গোয়েন্দা সিরিজ 'ছোটকাকু'। ১৭ বছর ধরে প্রতি ঈদে এই সিরিজ নিয়ে তৈরি হয় ধারাবাহিক নাটক। এবার রোজার ঈদ উপলক্ষেও নির্মিত হয়েছে ছোটকাকু। তবে এবারের আয়োজনটা আরও বড়। নির্মাতারা এর নাম দিয়েছেন 'ছোটকাকু চ্যাপ্টার টু'। ওয়েব ফিল্ম আকারে নির্মিত হলেও প্রচারিত হতে পারে সিরিজ আকারে।

ছোটকাকু সিরিজের নতুন পর্বের নাম 'মিশন মুন্সিগঞ্জে'। সর্বশেষ গত কোরবানি ঈদে প্রচারিত হওয়া 'হবিগঞ্জের হরবোলা'র মতো এবারও ছোটকাকু পরিচালনা করেছেন অনিমেষ আইচ। এরই মধ্যে শেষ হয়েছে শুটিং। নির্মাতা জানান, এবার আরও বড় আয়োজনে নির্মিত হয়েছে। কয়েক দিনের মধ্যে সিদ্ধান্ত হবে, সিনেমা নাকি সিরিজ হিসেবে মুক্তি দেওয়া হবে এটি। ১৭ বছর ধরে ছোট পর্দায় প্রচারিত হয়ে আসছে ছোটকাকু। ওটিটির পাশাপাশি টিভিতে দেখা যাবে কি না-জানতে চাইলে নির্মাতা জানান, এখনো এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

অনিমেষ আইচ বলেন, 'এবার ছোটকাকু আসছে নতুন আঙ্গিকে। আমরা এটাকে ছোটকাকু চ্যাপ্টার টু বলছি। সিনেমা হিসেবেই এটি নির্মাণ করা হয়েছে। সেভাবেই শুটিং, ডাবিং, এডিটিং করা হচ্ছে। যেহেতু ছোটকাকু ছোট পর্দায় প্রচারিত হয়ে আসছে, তাই বিষয়টি নিয়েও ভাবতে হচ্ছে। কয়েক দিনের মধ্যে জানাতে পারব, এবারের ছোটকাকু কোন ফরম্যাটে মুক্তি পাবে।'

১৭ বছর ধরে ছোটকাকু চরিত্রে অভিনয় করছেন আফজাল হোসেন। বরাবরের মতো এবারও ছোটকাকু হয়ে রহস্যভেদ করবেন তিনি। ছোটকাকু সিরিজ নিয়ে আফজাল হোসেন বলেন, 'ছোটকাকুর সঙ্গে আমার একটা ভালোবাসার বিষয় আছে। আমি ঢাকা শহরে এসে প্রথমে শিশু-কিশোর সংগঠনের সঙ্গে যুক্ত হই। সেই যুক্ত হওয়ার কারণে, আমি যে মানুষটি এসেছিলাম, তার চিন্তাভাবনাগুলো বদলায়। সে হিসেবে আমার সর্বক্ষণ মনে হয়, এই যে শিশু-কিশোরদের জন্য কিছু করতে চাওয়া, এটা একেবারেই এখন নেই। তাই এটা করা।'

ছোটকাকু মিশন মুন্সিগঞ্জের চমক চঞ্চল চৌধুরী। এই প্রথম ধারাবাহিকটিতে দেখা যাবে তাঁকে। তাঁর অভিনীত চরিত্র ঘিরেই গড়ে উঠেছে গল্প। আরও অভিনয় করেছেন শহীদুজ্জামান সেলিম, আশনা হাবিব ভাবনা, তানভীর হোসেন প্রবাল, জয়রাজ, শিশুশিল্পী তানভীর হোসেন রিফাত প্রমুখ।



*আফজাল হোসেন ও চঞ্চল চৌধুরী। ছবি: সংগৃহীত*

# 'ডন থ্রি' ছাড়ছেন কিয়ারা

**বিনোদন ডেস্ক:** বলিউডের বহুল প্রতীক্ষিত সিকুয়েল সিনেমাগুলোর অন্যতম 'ডন থ্রি'। অমিতাভ বচ্চন ও শাহরুখ খানের পর এবার ডন চরিত্রে দেখা যাবে রণবীর সিংকে। গত বছরের শুরুতে জানা গিয়েছিল, সিনেমায় রণবীরের বিপরীতে অভিনয় করবেন কিয়ারা আদভানি। এক বছর পর শোনা যাচ্ছে, ডন থ্রি করবেন না কিয়ারা। ইতিমধ্যে এই সিনেমা থেকে সরে দাঁড়িয়েছেন তিনি।

সবকিছু ঠিক হওয়ার পরও সহশিল্পী বা নির্মাতার সঙ্গে মতবিরোধ বা দ্বন্দ্বে জড়িয়ে সিনেমা থেকে সরে যাওয়া নতুন কিছু নয়। তবে কিয়ারার সঙ্গে এমন কিছু হয়নি, বরং সুসংবাদ দিয়ে মাতৃত্বকালীন ছুটি নিচ্ছেন তিনি। তাই ইচ্ছা থাকলেও ডন থ্রি সিনেমাটি করতে পারছেন না কিয়ারা।

কিছুদিন আগে মা হওয়ার খবর জানিয়েছেন বলিউডের এই অভিনেত্রী। সতীর্থ ও ভক্তরা শুভেচ্ছা আর ভালোবাসায় ভরিয়ে দিয়েছেন হবু মাকে। কিয়ারা বর্তমানে 'টক্সিক' সিনেমার কাজ শেষ করে 'ওয়ার টু' সিনেমার শুটিং গোছাতে ব্যস্ত। এ সিনেমায় কিয়ারার সঙ্গে রয়েছেন হৃতিক রোশন ও জুনিয়র এনটিআর।

চলতি বছরের মাঝামাঝি সময়ে ডন থ্রির শুটিং শুরুর কথা। কিন্তু মা হওয়ার ঘটনায় সবকিছু নতুন করে গুছিয়ে নিচ্ছেন কিয়ারা আদভানি। এই সময়টাতে মাতৃত্বকালীন বিরতি নিতে চাইছেন তিনি। প্রেগন্যান্সির সময়টা পরিবারের সঙ্গে কাটাতে চান। অভিনেত্রীর সিদ্ধান্তকে মেনে নিয়েছেন নির্মাতারা। তবে এ নিয়ে এখনো কিয়ারা ও নির্মাতাদের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য আসেনি। শোনা যাচ্ছে, ইতিমধ্যে ডন থ্রির নতুন নায়িকা খোঁজা শুরু হয়েছে।



*কিয়ারা আদভানি। ছবি: ইনস্টাগ্রাম*

ফারহান আখতার ও প্রযোজক রিতেশ সিধওয়ানি 'ডন' ফ্র্যাঞ্চাইজি কিনে নেওয়ার পর ২০০৬ সালে শাহরুখ খানকে নিয়ে প্রথমবার 'ডন' নির্মাণ করেন ফারহান। সিনেমাটি জনপ্রিয়তা পাওয়ায় ২০১১ সালে একই নির্মাতার হাত ধরে মুক্তি পায় 'ডন টু'। সিনেমা দুটি বড় বাজেটে নির্মাণ করা না হলেও বক্স অফিসে দারুণ সাফল্য পায়। তবে এবার নির্মাতারা হাঁটছেন ভিন্ন পরিকল্পনায়, সারা বিশ্বের দর্শকদের কথা মাথায় রেখে ২৭৫ কোটি রুপির বড় বাজেট রেখেছেন সিনেমাটির জন্য।

## জাতীয় ঐকমত্য কমিশন

# দলগুলোর সঙ্গে সংলাপ চলতি সপ্তাহ থেকে

* ৫ কমিশনের সুপারিশগুলোর সারসংক্ষেপ ৩৭টি দলের কাছে পাঠানো হয়েছে
* রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করেই আগামীর বাংলাদেশ বিনির্মাণে পদক্ষেপ
* দলগুলো আংশিকভাবে একমত যেসব বিষয়ে, সেগুলো নিয়েই বেশি আলোচনা হবে

**বাংলা পত্রিকা ডেস্কঃ** পাঁচ সংস্কার কমিশনের সুপারিশের বিষয়ে মতামত চেয়ে রাজনৈতিক দলগুলোকে চিঠি দিয়েছে জাতীয় ঐকমত্য কমিশন। দলগুলোকে আগামী বৃহস্পতিবারের মধ্যে মতামত জমা দিতে বলা হয়েছে। যেসব বিষয়ে দলগুলো একমত নয়, সেগুলোর সমাধানে ১৫ মার্চের পর থেকে দল বা রাজনৈতিক জোটের সঙ্গে সংলাপ শুরু করবে কমিশন। তাঁরা বলছেন, পূর্বপরিকল্পিত কোনো কাঠামো নয়, রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করেই আগামীর বাংলাদেশ বিনির্মাণে পদক্ষেপ নেওয়া হবে।

জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, 'জাতীয় ঐকমত্য কমিশন প্রথমে দল ও জোটগতভাবে আলোচনা করবে। তবে আমরা পূর্বপরিকল্পিত কোনো কাঠামো নিয়ে এগোচ্ছি না। আমরা রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করব এবং সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেব। এই আলোচনা খুব দ্রুত শুরু করতে চাই।'

রাষ্ট্র সংস্কারে গঠিত সংবিধান, বিচার বিভাগ, নির্বাচন, দুর্নীতি দমন, জনপ্রশাসন ও পুলিশ সংস্কার কমিশন গঠন করে অন্তর্বর্তী সরকার। কমিশনগুলো জানুয়ারি ও ফেব্রুয়ারিতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে প্রতিবেদন হস্তান্তর করে। এরপর সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ করতে জাতীয় ঐকমত্য কমিশন গঠন করা হয়।

গত ১৫ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টার নেতৃত্বে জাতীয় ঐকমত্য কমিশন রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ করে। সেখানে ড. মুহাম্মদ ইউনূস বলেছিলেন, রাজনৈতিক দলগুলোর মতামত ওয়েবসাইটে প্রকাশ করা হবে। কোনো দল যদি একটি সংস্কার প্রস্তাবেও একমত না হয়, তাতেও অসুবিধা নেই। কোন দল কতটি প্রস্তাবে একমত হয়েছে, তা জানিয়ে দেওয়া হবে। ভিন্নমত থাকলে তা জানাতে পারবে কমিশনকে। কমিশন তা ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করবে।

জাতীয় ঐকমত্য কমিশনের বৈঠকে রাজনৈতিক দলগুলো ৬ সংস্কার কমিশনের প্রতিবেদনের ছাপানো কপি সরবরাহ করার জন্য বলে। এরপর দলগুলোর কাছে তা পাঠানো হয়। পরে ৭ মার্চ পুলিশ সংস্কার কমিশন ছাড়া বাকি ৫ কমিশনের সুপারিশগুলোর সারসংক্ষেপ একটি স্প্রেডশিটে ছক আকারে ৩৭টি দলের কাছে পাঠানো হয়।

স্প্রেডশিটে প্রতিটি সুপারিশের ক্ষেত্রে দুটি বিষয়ে মতামত চাওয়া হয়েছে। প্রথমটি হলো, সংশ্লিষ্ট সুপারিশের ক্ষেত্রে একমত কি না। এতে তিনটি বিকল্প রাখা হয়েছে। সেগুলো হলো 'একমত', 'একমত নই' এবং 'আংশিকভাবে একমত'। এই তিনটি বিকল্পের যেকোনো একটিতে টিক চিহ্ন দিয়ে মতামত জানাতে বলা হয়েছে।

দ্বিতীয়তটি হলো, প্রতিটি সুপারিশের বিষয়ে সংস্কারের সময়কাল ও বাস্তবায়নের উপায় নিয়ে মতামত চাওয়া হয়েছে। এ ক্ষেত্রে ছয়টি ঘর রয়েছে। সেগুলো হলো, সংস্কারের সময়কাল ও বাস্তবায়ন-'নির্বাচনের আগে অধ্যাদেশের মাধ্যমে', 'নির্বাচনের আগে গণভোটের মাধ্যমে', 'নির্বাচনের সময় গণভোটের মাধ্যমে', 'গণপরিষদের মাধ্যমে' 'নির্বাচনের পর সাংবিধানিক সংস্কারের মাধ্যমে' এবং 'গণপরিষদ ও আইনসভা হিসেবে নির্বাচিত সংসদের মাধ্যমে'। এসব ঘরের যেকোনো একটিতে টিক চিহ্ন দিয়ে মতামত দিতে বলা হয়েছে। এর বাইরে প্রতিটি সুপারিশের পাশে দলগুলোর 'মন্তব্য' দেওয়ার একটি জায়গা রাখা হয়েছে।

চলতি সপ্তাহের মধ্যেই দলগুলোর মতামত পাওয়া যাবে বলে মনে করছে কমিশন। তার ভিত্তিতে এ সপ্তাহ থেকে দলগুলোর সঙ্গে সংলাপ শুরুর আশা করছেন তাঁরা, যা ২৪ মার্চ পর্যন্ত চলার সম্ভাবনা রয়েছে। রোজার ঈদের ছুটি শেষে ৭ এপ্রিল থেকে আবার সংলাপ করবে কমিশন। তবে সব বৈঠকে জাতীয় ঐকমত্য কমিশনের চেয়ারম্যান ও অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূস উপস্থিত থাকবেন না বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজের নেতৃত্বে সংলাপ হবে।

জাতীয় ঐকমত্য কমিশনের সমন্বয়কের দায়িত্বে থাকা প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার বলেন, 'রাজনৈতিক দলগুলো ইতিবাচক সাড়া দিচ্ছে। তাদের দু-তিনটি বিষয়ে মতপার্থক্য রয়েছে, তা ছাড়া ব্যাপকভিত্তিক দ্বিমত আমরা দেখতে পাচ্ছি। আলাপ-আলোচনার মাধ্যমে মতপার্থক্যগুলো দূর হবে আশা করছি। দলগুলো আংশিকভাবে একমত যেসব বিষয়ে, সেগুলো নিয়েই বেশি আলোচনা হবে। যেটাতে একমত নয়, সেটা নিয়েও আলোচনা হবে।'

জাতীয় ঐকমত্য কমিশন সূত্রে জানা গেছে, যেসব দল আগে তাদের প্রস্তাবনা কমিশনে পাঠাবে, সেই দলের সঙ্গে আগেই আলোচনা করা হবে। এরপর যেসব দল একই মতের হবে, তাদের সঙ্গে বসবে কমিশন। এর মধ্যে একাধিক দলের সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশন অনানুষ্ঠানিক বৈঠক করেছে বলেও সূত্রে জানা গেছে। কমিশনের এক সদস্য বলেন, এটা এমন একটা কাজ, যার জন্য অনেক অনানুষ্ঠানিক বৈঠক করতে হয়, সেটা নিয়ে বলার কিছুই নেই।

সংস্কারের বিষয়ে বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা নানা কথা বলছেন। অনেকে বলছেন, সংস্কারের নামে সরকার নির্বাচনকে পেছাতে চায়। নেতাদের এসব কথাবার্তাকে 'মেঠো বক্তব্য' বলে মনে করেন সংশ্লিষ্টরা।

মনির হায়দার বলেন, 'আমরা রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে কথা বলে দেখেছি, সংস্কারের সুপারিশের বিষয়ে তাঁদের বড় রকমের দ্বিমত নেই।

এদিকে জাতীয় ঐকমত্য কমিশনে মতামত তুলে ধরতে দলীয় ফোরাম ও বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা শুরু করছে বিভিন্ন রাজনৈতিক দল। জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পারওয়ার বলেন, 'আমাদের কাজ চলছে। জাতীয় ঐকমত্য কমিশনের কাছে সময়মতো আমাদের প্রস্তাব ও মতামত লিখিতভাবে জানাব। এটা নিয়ে দলের বিশেষজ্ঞ প্যানেল কাজ করছে।'

বিএনপির দলীয় সূত্র বলছে, ঐকমত্য কমিশনের প্রস্তাবের ওপর মতামত দিতে খুব দ্রুত বৈঠক বসবে দলটি। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অসুস্থ থাকায় বৈঠকে বসতে দেরি হচ্ছে বলেও সূত্রটি জানিয়েছে। দলটির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন বলেন, ঐকমত্য কমিশনের প্রস্তাবনার বিষয়ে এখনো দলীয় ফোরামে আলোচনা হয়নি।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ গণমাধ্যমকে বলেন, সংস্কার কমিশনের সুপারিশ পর্য্যালোচনা করা হচ্ছে। খুব বেশি সময় লাগবে না। হয়তো দু-এক দিনের মধ্যেই হয়ে যাবে। পরে তা লিখিত আকারে জানানো হবে।

কমিশনের সুপারিশের বিষয়ে দলীয় মতামত কী হবে, তা নিয়ে জাতীয় নাগরিক কমিটি (এনসিপি) আলোচনা করছে বলে জানিয়েছেন দলটির যুগ্ম আহ্বায়ক সরোয়ার তুষার। তিনি বলেন, যেসব সংস্কার সংবিধানসম্পর্কিত নয়, সেগুলো অধ্যাদেশের মাধ্যমে করার প্রস্তাব করব, যা পরের সরকার আইনে পরিণত করবে। সংবিধান-সংক্রান্ত সংস্কার গণপরিষদ ও নির্বাচিত আইনসভার মাধ্যমে করার প্রস্তাব দেব। একই সঙ্গে জুলাই চার্টারকে গণভোটে দেওয়ার প্রস্তাব থাকবে।

জাতীয় ঐকমত্য কমিশন রাজনৈতিক দলগুলোর মতামতের অপেক্ষায় আছে বলে জানিয়েছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। তিনি বলেন, 'পাঁচটি কমিশনের যেসব প্রস্তাব গুরুত্বপূর্ণ মনে করেছি, সেগুলোর মতামত জানানোর জন্য বলেছি। কারণ এগুলোর জন্য কাঠামোগত ও সাংবিধানিক পরিবর্তনের প্রয়োজন, সে জন্য রাজনৈতিক দলগুলোর মতামত চেয়েছি। চাইলে বাইরের বিষয়েও তাদের মতামত দিতে পারবে।


ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজওয়ে এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
■ Road Lesson Local & H.Way
■ Road Test Appointment
■ Car for Road Test
■ 5 Hours Class Certificate (Zoom Class)
■ 6 Hours DDC Class
■ Good For TLC, Insurance & Point Redaction.
Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
( Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Football St. City Line)
718-235-6438



AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting). M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**ফেব্রুয়ারি ২০২৫ ভিসা বুলেটিন:**

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৫'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

**ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:**

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: নভেম্বর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, জুলাই ০১, ২০১০।

চতুর্থ: (এফ খ) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক এবং চাকুরী ভিত্তিক ভিসার প্রাপ্ততা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

**কুইন্স থেকে ম. চৌধুরীর প্রশ্ন:**

আমি মাঝে মধ্যে 'ইমিগ্রেশন ও আপনি' এর এই বিভাগটি পড়ি। আজ আমি একটি বিষয় সম্পর্কে আপনার কাছ থেকে জানতে চিঠিটি লিখছি। আমার আজকে জানার বিষয় হচ্ছে ইউএসএতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কি কি তথ্যপত্র প্রয়োজন। আমি এই বিভাগের মাধ্যমে আপনার কাছ থেকে জানতে চাচ্ছি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য প্রয়োজনীয় তথ্য সম্পর্কে।

এ বিষয়ে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

**ম. চৌধুরীর প্রশ্নের উত্তর:**

আপনার জানার বিষয় হচ্ছে ইউএসএ'তে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কি কি তথ্যপত্র প্রয়োজন।

যদি কেউ ইউএসএ'তে অবস্থান করে এবং তার পারিবারিক বা চাকুরিভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্ট করে গ্রিনকার্ড পেতে পারেন।



স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যা যা প্রয়োজন:

পারিবারিক ভিত্তিক কেস:

অবিবাহিত আত্মীয়- ইউএসএ'তে সিটিজেনদের স্পাউস (স্বামী-স্ত্রী) পিতামাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে ও ইউএসএ সিটিজেনদের অবিবাহিত আত্মীয় যারা ইউএসএ বৈধভাবে প্রবেশ করেছেন তার স্ট্যাটাস এ্যাডজাস্টম্যান্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশান ফাইল করতে পারেন।

ইউএসএর সিটিজেনদের ২১ বছর বয়সের উর্ধ্বে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর ভাইবোন:

উপরে উল্লেখিত ব্যক্তিদের পারিবারিক ভিত্তিতে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি ১) বৈধ ভিসায় ইউএসএতে প্রবেশ করে থাকেন। এবং ২) বর্তমানে স্ট্যাটাস বৈধ থাকে, ৩) অনুমোদিত আই-১৩০ থাকে সেই সাথে ৪) যদি আপনার ক্যাটাগরিতে ভিসা যথেষ্ট থাকে।

গ্রিনকার্ডধারী: একজন গ্রিনকার্ডধারী যিনি তার আত্মীয়দের জন্যে আবেদন করতে পারবেন:

১)স্পাউস (স্বামী-স্ত্রী)/স্ত্রী)

২) অবিবাহিত সন্তানদের জন্য আবেদন করতে পারবেন যদি তাদের বৈধ প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়।

উপরন্তু অনুমোদিত আই-১৩০ পিটিশান অনুমোদিত হয় এবং আবেদনকৃত ক্যাটাগরিতে ভিসা থাকে।

কর্মভিত্তিক কেস: সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে ইউএসএ'তে আপনার স্ট্যাটাস এডজাস্টমেন্ট করতে পারবেন। কেবল সেইক্ষেত্রে যদি আপনার এদেশে প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। এছাড়াও আপনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৪০ পিটিশান থাকে। এছাড়াও ঐ ক্যাটাগরিতে আপনার ভিসা থাকতে হবে।

**২৪৫-আই:**

আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যটাস আছে যদি আপনি সেকশন-২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকেন। একজন সেকশন-২৪৫-আই'র সুবিধাভোগী হয়ে থাকেন সেক্ষেত্রে আপনার বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে বৈধ স্ট্যাটাস ছাড়াও ইউএসএ বসবাস করলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI NJ, DFS MI, OBF GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS




AUTHORIZED IRS e-file PROVIDER

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

*প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

**আমরা মেডিকেইড,** মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

# PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

# LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

## WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

# নিউকোর ইফতার মাহফিল অনুষ্ঠিত





*শেষ পৃষ্ঠায় পর* দ্য অপটিমিসট-এর কো ফাউনডার মিনহাজ আহমেদের সঞ্চালনায় এ আয়োজনে সভাপতিত্ব করেন জালালাবাদ অ্যাসোসিয়েশনের প্রাক্তন সভাপতি সৈয়দ শওকত আলী। বাংলাদেশ আমেরিকান সোসাইটির সাধারণ সম্পাদক আমিন মেহেদী রমজানের ফজিলত এবং সাদাকা ও যাকাতের গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন এবং মোনাজাত পরিচালনা করেন।

উপস্থিত বক্তাদের সকলেই নিউকো'র উদ্যোগে অব্যাহত সহযোগিতার অঙ্গীকার ব্যক্ত করেন। তারা আশা প্রকাশ করেন, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ রফিকউদ্দিন চৌধুরীর নেতৃত্বে নিউকো ও দ্য অপটিমিস্টসের মতোই মানবসেবায় উজ্জ্বল ভূমিকা রাখবে।

সূচনা বক্তব্যে মোহাম্মদ রফিকউদ্দিন চৌধুরী জানান, নিউকো বাংলাদেশ সরকার অনুমোদিত অলাভজনক জনহিতকর প্রতিষ্ঠানের জন্য তহবিল সংগ্রহে গত কয়েক বছর ধরে সম্পূর্ণ স্বেচ্ছাসেবার ভিত্তিতে ক্যাম্পেইন পরিচালনা করছে। প্রতিদিন আমাদের সকলের কাছে নানাবিধ সহায়তার আবেদন আসে। এককভাবে যেমন সব আবেদনে সাড়া দেয়া সম্ভব হয় না, তেমনি এসব আবেদনের সত্যাসত্য যাচাই করাও যায় না। অথচ আমরা যথাসম্ভব দেশের দরিদ্র ও পীড়িত মানুষের পাশে দাঁড়াতে চাই। নিউকো এই কাজটিকেই সহজ করে তুলতে চেষ্টা করছে। নিউকো'র অন্যতম উদ্যোক্তা মিনহাজ আহমেদ বলেন, সমষ্ঠিগতভাবে দেশের বঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর প্রবাসীদের ইচ্ছেটাকে কার্যকর করাই এ প্রতিষ্ঠানের লক্ষ্য। প্রাথমিকভাবে মৌলভীবাজার জেলায় কাজ শুরু করলেও এর কার্য এলাকা হবে গোটা বাংলাদেশ। তিনি সবাইকে সাধ্যমতো নিউকো'র সহযোগী হতে আহবান জানান। এছাড়াও বাংলাদেশ থেকে শ্রীমঙ্গল উপজেলার প্রাক্তন চেয়ারম্যান, বীর মুক্তিযোদ্ধা আসকির মিয়া, লিগ্যাল কনসালট্যান্ট ও মেইন স্ট্রিম পলিটিশিয়ান মজিবুর রহমান, বিশিষ্ট সমাজসেবক দেওয়ান শাহেদ চৌধুরী, শাহীন চৌধুরী, সৈয়দ ফয়সাল আহমদ, ফকু চৌধুরী, তাজুল ইসলাম, বশির খান, মুক্তিযোদ্ধা এ, শফিকুল ইসলাম, মাহবুবে খোদা রুমি, এম রেজা হক, শাহীন আজমল, নুরে আলম জিকু, এম আবদুল ওয়াদুদ, আলম উদ্দিন, নিউকো'র ট্রেজারার জামাল উদ্দিন আহমদ

নিউকো'র সকল উদ্যোগ ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন নিউকো ইনকের সাধারণ সম্পাদক অধ্যক্ষ এম সাইফুর। নিউকো'র আরেক উদ্যোক্তা শামীম আহমদ সকলকে নিউকো'র সদস্যপদ ও সেচ্ছাসেবী হওয়ার অনুরোধ করেন। সভার সভাপতি সৈয়দ শওকত আলী তার বক্তব্যে নিউকো'র সাথে পুনঃ সমর্থন ও উপস্থিত সবাইকে যে কোন অনুদান দিয়ে সাহায্য করার আহবান জানিয়ে সভার সমাপ্তি টানেন।

আরও উপস্থিত ছিলেন মৌলভীবাজার জেলা সমিতির সভাপতি ফজলুর রহমান, কুলাউড়া সমিতির প্রাক্তন সভাপতি ও হেল্‌থ ইন্সুরেন্স কনসালটেন্ট মোসাহেদ রাশেদ, রুহেল চৌধুরী, মোসলেহ উদ্দিন মকলু, এম নুরুল হক টিটু, সৈয়দ মুহিবুর রহমান, মোহাম্মদ রহমান, টি হোসেন, সালেহ আহমদ জুয়েল প্রমুখ।



## ৭ লাখ অভিবাসীর খোঁজে হোমল্যান্ড সিকিউরিটি!

*প্রথম পৃষ্ঠার পর*

অপারগতা জানিয়েছে আইআরএস

আইআরএস জানায়, এই অনুরোধটি করদাতার গোপনীয়তা সংক্রান্ত আইনের লঙ্ঘন হবে।

যুক্তরাষ্ট্রের গণমাধ্যম দ্য মায়ামি হেরাল্ড তাদের প্রতিবেদনে জানায়, অনেক অভিবাসী যারা আইনিভাবে যুক্তরাষ্ট্রে থাকার অনুমতি নেই তারা প্রতিবছর ট্যাক্স রিটার্ন দাখিল করেন। তারা কোথায় থাকেন, তাদের পরিবার, তাদের নিয়োগকর্তা এবং আয়ের পরিমাণ এসব তথ্য আইআরএসের কাছে আছে। এরকম ৭ লাখ অভিবাসীর ঠিকানাসহ যাবতীয় তথ্য হস্তান্তরের নির্দেশ দেয় হোমল্যান্ড সিকিউরিটি। আইআরএস কর্মকর্তারা হোমল্যান্ড সিকিউরিটির অনুরোধ প্রত্যাখ্যান করেছেন। করদাতাদের তথ্য আইআরএস'র মধ্যে কঠোরভাবে সংরক্ষিত হয় এবং অননুমোদিতভাবে প্রকাশ করা ফেডারেল আইনে নিষিদ্ধ। আইআরএস কর্মকর্তারা ডিএইচএস কর্মকর্তাদের জানিয়েছেন, তাদেরকে অবশ্যই করদাতার গোপনীয়তার নিয়ম মেনে চলতে হবে।

দ্য নিউইয়র্ক টাইমসের প্রতিবেদন মতে, এটি প্রথমবার নয়। এর আগেও ট্রাম্প প্রশাসন এমনভাবে করদাতাদের তথ্য অ্যাক্সেস করার চেষ্টা করেছে। যা নিয়ে কর সংস্থার কর্মকর্তারা উদ্বিগ্ন ছিলেন যে এটি ফেডারেল আইন লঙ্ঘন করতে পারে।


কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(ফোন অফিস ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY

ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com

37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

# ধর্ষণের ঘটনায় উত্তাল দেশ

*প্রথম পৃষ্ঠার পর*

লাঠি মিছিলসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। এসব কর্মসূচি থেকে ধর্ষণে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবি

জানানো হয়। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারকে আরও কঠোর পদক্ষেপ নেয়ার আহ্বান জানানো হয়। চলমান পরিস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশ করে বিক্ষোভকারীরা বলেন, ফ্যাসিবাদী শাসন উৎখাত করে নতুন বাংলাদেশ গড়ার স্বপ্ন নিয়ে ছাত্র-জনতা জীবন দিয়েছেন। অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশে এই পরিস্থিতি গ্রহণযোগ্য নয়।

সারা দেশে অব্যাহত ধর্ষণ ও নারী নিপীড়নের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লাঠিমিছিল হয়েছে। 'ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে বাংলাদেশ' প্ল্যাটফরমের ব্যানারে বেলা পৌনে তিনটার দিকে টিএসসি'র রাজু ভাস্কর্যের সামনে থেকে এই কর্মসূচি পালন করা হয়। বাঁশের ছোট ছোট লাঠি হাতে রাজু ভাস্কর্য থেকে শুরু করে ভিসি চত্বর, নীলক্ষেত, কাঁটাবন, শাহবাগ মোড় ঘুরে মিছিলটি আবার রাজু ভাস্কর্যে এসে শেষ হয়। কর্মসূচিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সামিনা লুৎফাসহ বিভিন্ন সামাজিক সংগঠনের সদস্য ও শিক্ষার্থীরা অংশ নেন। মিছিলে 'জান, মালের নিরাপত্তা দে নইলে গদি ছেড়ে দে', 'খুন, ধর্ষণ, নিপীড়ন রুখে দাঁড়াও জনগণ', 'অবিলম্বে ধর্ষকদের বিচার করো করতে হবে', 'ধর্ষকরা ধর্ষণ করে প্রশাসন কী করে?', ' বেগম রোকেয়া শিখিয়ে গেছে লড়াই করে বাঁচতে হবে,' ইত্যাদি স্লোগান দেয়া হয়। এর বাইরে বিভিন্ন রাজনৈতিক দল, ছাত্র সংগঠনসহ নানা শ্রেণি পেশার মানুষ ধর্ষণ ও সহিংসতার বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। সারা দেশব্যাপী ব্যাপক প্রভাব বিস্তার করায় সরকারও এ নিয়ে নড়েচড়ে বসেছে। ধর্ষণ মামলা দ্রুত নিষ্পত্তি, নির্যাতন, নিপীড়নের অভিযোগের জন্য টোল ফ্রি হটলাইন চালু করছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

একের পর এক ঘটনা: শনিবার বিকাল সাড়ে ৩টার দিকে স্বামীর সঙ্গে রাগ করে চাঁদপুর থেকে লঞ্চে ঢাকার সদরঘাটে আসেন এক নারী। পরে তিনি থাকার জন্য বিভিন্ন স্থানে আশ্রয় খুঁজছিলেন। রাত সাড়ে ৯টার দিকে পোস্তগোলা এলাকায় অজ্ঞাত চার যুবক তাকে আশ্রয়ের কথা বলে নয়াবাড়ী এলাকার নির্জন জায়গায় নিয়ে পালাক্রমে ধর্ষণ করে। পরে ওই নারীর চিৎকারে আশপাশের লোকজন টের পেয়ে ঘটনাস্থলে গিয়ে দু'জনকে ধরে পুলিশে সোপর্দ করে। বাকি দুইজন পালিয়ে যায়। ওই নারী চার মাসের অন্তঃসত্ত্বা। রোজার মধ্যে বাড়তি ক্লাসের কথা বলে পঞ্চম শ্রেণির এক নারী শিক্ষার্থীকে স্কুলে ডেকে নিয়ে যান ওই স্কুলের শিক্ষক মানিক। দুপুরে তিনি অন্য শিক্ষার্থীদের চলে যেতে বলেন। সবাই চলে গেলে শ্রেণিকক্ষের দরজা বন্ধ করে ওই শিক্ষার্থীকে ধর্ষণ করেন। পরে মানিক নিজের মোটরসাইকেলে করে ছাত্রীকে বাড়ির পাশে রেখে যান। বাড়িতে গিয়ে মেয়ে কান্নাকাটি করে পরিবারকে বিষয়টি জানায়। স্কুলে যাওয়ার আধা ঘণ্টা পরেই সে বাড়ি চলে আসে। তখন পরিবারের সদস্যরা তাকে হাসপাতালে নিয়ে যায়। পরিবারের অভিযোগের ভিত্তিতে শনিবার পুলিশ অভিযুক্ত শিক্ষককে গ্রেপ্তার করেছে। শুধু পঞ্চম শ্রেণির ওই শিক্ষার্থী ও বাড়ি থেকে পালিয়ে আসা ওই গৃহবধূই নন। সাম্প্রতিক সময়ে ধর্ষণের সঙ্গে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটছে অহরহ। এ ছাড়া দেশজুড়ে নারীর প্রতি সহিংসতা পাশবিকতা আচমকা বেড়েছে। এখনো সিএমএইচের লাইফ সাপোর্টে বাঁচা-মরার লড়াই করছে মাগুরার ৮ বছর বয়সী তৃতীয় শ্রেণির এক শিক্ষার্থী। বোনের বাসায় বেড়াতে এসে পাশবিকতার নির্যাতন হয়েছে শিশুটি।

সাম্প্রতিক সময় ছাড়াও অন্যান্য বছরগুলোতেও বিভিন্ন সময় আলোচনায় ছিল ধর্ষণকাণ্ড। মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের (আসক) পরিসংখ্যান অনুযায়ী, ২০১৯ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত সারা দেশে ৬ হাজার ২৭২ জন নারী ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন। আর চলতি বছরের জানুয়ারি মাসে সারা দেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ৩৯ জন। এরমধ্যে একক ধর্ষণের শিকার হয়েছেন ৮ জন ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার ১৩ জন। ধর্ষণের পর হত্যা করা হয়েছে ৩ জনকে এবং আত্মহত্যা করেছেন ১ জন। এসব ঘটনায় ২৯টি মামলা হয়েছে থানায়। আসকের তথ্য মতে ২০২৪ সালে সারা দেশে ধর্ষণের শিকার হয়েছেন ৪০১ জন। এরমধ্যে একক ধর্ষণ ২৯৬ ও সংঘবদ্ধ ধর্ষণ ১০৫ জন। ৩৪ জন ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণ পরবর্তী হত্যার শিকার হয়েছেন। থানায় মামলা হয়েছে ৩৩৪টি। ২০২৩ সালে ৫৭৪ জন ধর্ষণের শিকার হয়েছেন। এরমধ্যে ৪৩৬ জন ধর্ষণ ও ১৩৮ জনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে। একইসঙ্গে ৩৩ জন হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। ৫ জন আত্মহত্যা করেছেন। ৪৩৩টি ঘটনায় থানায় মামলা হয়েছে। ২০২২ সালে ৯৩৬ জনকে ধর্ষণ করা হয়েছে। এরমধ্যে ৭০৬ জনকে ধর্ষণ ও ২২৭ জনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে। ৪৭ জনকে হত্যা করা হয়েছে। ৬৫৯টি ঘটনায় থানায় মামলা হয়েছে। ২০২১ সালে সারা দেশে ১ হাজার ৩২১ জন নারী ধর্ষণের শিকার হয়েছেন। এরমধ্যে ১ হাজার ৬৬ জনকে ধর্ষণ ও ১৪১ জনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে। এসব ঘটনায় ৪৭ জনকে হত্যা করা হয়েছে। ৯১৬টি ঘটনায় থানায় মামলা হয়েছে। ২০২০ সালে ১ হাজার ৬২৭ জন নারীকে ধর্ষণ করা হয়েছে। এরমধ্যে ১ হাজার ৩০২ জনকে ধর্ষণ ও ৩১৭ জনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়। ৫৩ জনকে হত্যা করা হয়েছে। ১ হাজার ১৪০টি ঘটনায় থানায় মামলা হয়েছে। ২০১৯ সালে ১ হাজার ৪১৩ জন নারী ধর্ষণের শিকার হয়েছেন। এরমধ্যে ১ হাজার ৬৬ জন ধর্ষণ ও ৩২৭ জন সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে। ৭৬ জনকে হত্যা করা হয়েছে। ৯৯৯টি ঘটনায় থানায় মামলা হয়েছে। পুলিশের তথ্যমতে ২০১৯ সালে সারা দেশে ২১ হাজার ৭৬৪ জন নারী ও শিশু নির্যাতনের শিকার হয়ে থানায় মামলা করেছেন। ২০২০ সালে সেটি আরও বেড়ে ২২ হাজার ৫১৭ জন ভুক্তভোগী মামলা করেন। এভাবেই ২০২১ সালে ২২ হাজার ১৩৬ জন। ২০২২ সালে ২১ হাজার ৭৬৬ জন। ২০২৩ সালে ১৮ হাজার ৯৪১ জন। ২০২৪ সালে ১৭ হাজার ৫৭১ জন মামলা করেন। এ ছাড়া চলতি বছরের জানুয়ারি মাসে ১ হাজার ৪৪০ জন মামলা করেছেন। সমাজ ও অপরাধ বিজ্ঞানী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. তৌহিদুল হক মানবজমিনকে বলেন, নারী ও শিশুদের ক্ষেত্রে রাষ্ট্র বলছে তাদের সুরক্ষার জন্য আইন করা হয়েছে, বিভিন্ন সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে। সুরক্ষার জন্য কি কি আছে সেদিক দিয়ে বাংলাদেশ ভালো অবস্থানে আছে। নারীদের সুরক্ষার জন্য সবই আছে। কিন্তু সেটি ঠিকমতো কাজ করছে না। শাস্তিভিত্তিক বিচারব্যবস্থায় যদি বিচার না হয় দ্রুত সময়ের মধ্যে তাহলে ভুক্তভোগীর সংখ্যা বাড়বেই। মোটাদাগে পুরুষদের বিরুদ্ধে অভিযোগ থাকা সত্ত্বেও আইন কাজ করে না। তাই পুরুষরা কেন আইন মানবেন? যখনই আইন কোনো দৃষ্টান্ত স্থাপন করতে পারবে না সেই আইন কেউ মানবে না। তিনি বলেন, নারী ও শিশুকে সুরক্ষিত রাখার জন্য রাষ্ট্র যে প্রাথমিকভাবে আইন, অন্যান্য সেবা ও নিরাপত্তা কাঠামো যে তৈরি করলো সেটি বাস্তবায়নের মধ্যে তাদের সুরক্ষিত রাখাই প্রধান দায়িত্ব।

দিন-রাত মাঠে বিক্ষুব্ধ ঢাবি শিক্ষার্থীরা: মাগুরায় নৃশংস ধর্ষণের শিকার শিশুসহ সম্প্রতি সংগঠিত সকল ধর্ষণের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের সুফিয়া কামাল হলের আবাসিক শিক্ষার্থীরা শনিবার রাতে বাইরে বেরিয়ে আসেন। একাত্মতা ঘোষণা করে শহীদুল্লাহ হলের শিক্ষার্থীরাও তাদের সঙ্গে যোগ দেন। এ সময় তারা 'উই ওয়ান্ট জাস্টিস উই ওয়ান্ট জাস্টিস', 'আমার সোনার বাংলায়, ধর্ষকদের ঠাঁই নাই', 'তুমি কে আমি কে, আছিয়া আছিয়া', একটা একটা ধর্ষক ধর, ধরে ধরে কবর দে', ধর্ষকদের কালো হাত, ভেঙে দাও গুঁড়িয়ে দাও'- ইত্যাদি স্লোগান দিতে থাকেন। কিছুক্ষণ পরই বিশ্ববিদ্যালয়ের অনান্য হল থেকে নারী-পুরুষ নির্বিশেষে সকল শিক্ষার্থী বেরিয়ে আসলে মুহূর্তেই লোকে লোকারণ্য হয়ে পড়ে টিএসসি এলাকা। এ সময় শিক্ষার্থীদের প্রতিবাদী স্লোগানে প্রকম্পিত হয় সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্য। রাত ২টার দিকে একই স্থানে 'ধর্ষণবিরোধী মঞ্চ'-এর আত্মপ্রকাশ ঘটে। বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের ঢাবি মুখপাত্র রাফিয়া রেহনুমা হৃদি এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা এই আত্মপ্রকাশের ঘোষণা দেন এবং দুই দফা দাবিসহ ধর্ষকদের আদালতে উপস্থাপন করতে অন্তর্বর্তীকালীন সরকারকে ২৪ ঘণ্টা সময় বেঁধে দেন। এই দুই দফা হলো ১. অনতিবিলম্বে ধর্ষণবিরোধী বিশেষ ট্রাইব্যুনাল গঠনের মাধ্যমে সকল ধর্ষণের বিচার নিশ্চিত করতে হবে। ২. আছিয়ার হত্যাচেষ্টাকারী এবং ধর্ষকের মৃত্যুদণ্ড কার্যকর করতে হবে এবং যতদিন পর্যন্ত দাবি বাস্তবায়ন না হচ্ছে ধর্ষণবিরোধী মঞ্চ তাদের কর্মসূচি বহাল রাখবে বলেও জানানো হয়। গতকাল সকালেও একাধিক বিভাগের শিক্ষার্থীদের খণ্ড খণ্ড মিছিল করতে দেখা গেছে। একইসঙ্গে ক্লাস পরীক্ষা বর্জন করেছে একাধিক বিভাগের একাধিক ব্যাচের শিক্ষার্থীরা। প্রায় ২০টিরও অধিক বিভাগের বিভিন্ন ব্যাচ ধর্ষকদের বিচার না হওয়া অবধি তাদের ক্লাস পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছে। এসব বিভাগের মধ্যে আছে ইংরেজি, টেলিভিশন এবং চলচ্চিত্র অধ্যয়ন, দর্শন, প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন বিভাগ, পদার্থবিদ্যা, রসায়ন, সংগীত, আইআর, ভূগোল এবং পরিবেশ, ইতিহাস, বাংলা ও বিজ্ঞান অনুষদের কয়েকটি বিভাগ রয়েছে। সহিংসতার ঘটনায় ছাত্রসংগঠনগুলোও উদ্বেগ প্রকাশ করেছে। অব্যাহতভাবে ধর্ষণের প্রতিবাদে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল সারা দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে মানববন্ধন কর্মসূচি ঘোষণা করেছে। ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের পক্ষ থেকে দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলমকে বার্তা প্রেরক করে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এমনটা জানানো হয়। দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রদলের এই কর্মসূচি পালিত হয়।

উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির: ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি এস এম ফরহাদ ও সেক্রেটারি মহিউদ্দীন খান দ্রুততম সময়ে অপরাধীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে বলেছেন, জুলাই গণ-অভ্যুত্থানে নারীরা ছিলেন সম্মুখ সারির যোদ্ধা। তথাপি ফ্যাসিবাদ পরবর্তী বাংলাদেশে এখনো নারীরা প্রতিনিয়ত নিপীড়নের শিকার হচ্ছে। নারীর নিরাপত্তা নিশ্চিত করতে সরকারকে আরও কার্যকর পদক্ষেপ নিতে হবে। প্রতিবছর নারী দিবস আসলে নারী নিরাপত্তা নিয়ে অনেক আলোচনা শুনলেও কার্যত সমাজে নারীদের অধিকার নিশ্চিত করে নারীদের জন্য নিরাপদ সমাজ বিনির্মাণ করা সম্ভব হয়নি। তাই ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে প্রথম নারী দিবসের মূল লক্ষ্যই হোক নারীদের অধিকার নিশ্চিত করে একটি নিরাপদ সমাজ গঠন। নারী নির্যাতনসহ সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি দেশ ও জাতির জন্য অত্যন্ত বিপজ্জনক। প্রতিটি নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। তাই আমরা সরকার ও প্রশাসনের প্রতি আহ্বান জানাচ্ছি, এসব অপরাধের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিয়ে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করুন এবং নারীদের জন্য নিরাপদ পরিবেশ তৈরিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করুন। বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় আহ্বায়ক আবু বাকের মজুমদার বলেন, ফ্যাসিবাদী প্রশাসনিক কাঠামো ভাঙতে না পেরে আমাদের রাষ্ট্র নারীদের নিরাপত্তা দিতে ব্যর্থ হচ্ছে। বয়স, পেশা, ধর্ম নির্বিশেষে নারীরা ধর্ষিত হচ্ছে, তাদের হত্যা করা হচ্ছে। নারীরা নিজের ঘরে নিরাপদ না, শিক্ষাপ্রতিষ্ঠানে নিরাপদ না, কর্মক্ষেত্রে নিরাপদ না। আইনশৃঙ্খলা বাহিনী নারীর প্রতি ঘটা সহিংসতাকারীদের শনাক্ত করতে প্রায়ই ব্যর্থ হয়, আটক করলেও জামিনে ছেড়ে দেয়া হয়। আইন মোতাবেক সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড লিখিত থাকলেও তা কার্যকর করা হয় না। আমরা মনে করছি কাঠামোগতভাবে এই রাষ্ট্র ধর্ষণ প্রতিরোধ করতে সক্ষম না, আমরা মনে করি আইনগত দুর্বলতা বাংলাদেশে ধর্ষক তৈরি করে। আমরা এখানে দাঁড়িয়েছি ধর্ষণ-নিপীড়নের বিরুদ্ধে, নারীবিদ্বেষী আগ্রাসী মব, বিচারহীনতার বিরুদ্ধে। এমতাবস্তায়, আইনের যথাযথ প্রয়োগ করে ধর্ষকদের শ্রেণি, বয়স, পেশা, ক্ষমতা নির্বিশেষে দ্রুততম সময়ে শনাক্তকরণ করতে হবে, আটক করতে হবে, দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। এদিকে শিক্ষার্থীদের সঙ্গে একাত্মতা পোষণ করে শিক্ষক-শিক্ষার্থী সমাবেশ করেছে ঢাবি শিক্ষকদের একাংশ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক গীতি আরা নাসরিন ও সমাজ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সামিনা লুৎফাসহ অন্যরা উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্কের আয়োজনে এই সমাবেশ হয়। এতে ঢাবি'র বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা যোগ দেন। কাছাকাছি সময়ে রাজু ভাস্কর্যে মিছিল করেছে ঢাকা মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। বিক্ষোভ সমাবেশে ঢামেকের অধ্যাপক আব্দুল ওয়াহাব বলেন, যারা ধর্ষণ করে এবং যারা এদের মদত দেয় তাদের আইনের আওতায় আনতে হবে। এর আগে আওয়ামী লীগের ছত্রছায়ায় ধর্ষণের সেঞ্চুরি করা হয়েছে। ধর্ষককে রাজনৈতিক দল এবং নির্বাহী ক্ষমতা যারা ছিল তারা তাকে দেশ থেকে বের করে দিয়েছে। ভোট না দেয়া কারণে উলঙ্গ করে ভিডিও বানিয়ে সারা দেশে ছড়িয়ে দিয়েছে। এমনটা আর হতে দেয়া যাবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপিপন্থি শিক্ষকদের সংগঠন সাদা দল উদ্বেগ জানিয়েছে। সাদা দল বলেছে, এসব অনাকাঙ্ক্ষিত ঘটনায় দেশবাসীর ন্যায় আমরাও গভীরভাবে উদ্বেগ প্রকাশ করছি। মাগুরার আট বছরের মেয়ে শিশুর ধর্ষক ও ধর্ষণের সহযোগিতাকারীদের অপরাধ এক ও অভিন্ন। এদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে। এরকম ধর্ষক নামের নিকৃষ্টদের অবিলম্বে গ্রেপ্তার করে দ্রুত বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। বিভাগগুলোর মিছিলে যোগ দিয়েছেন শিক্ষকরাও। বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক ড. সাব্বির আহমেদ, সারা দেশে নারীদের ওপর ধর্ষণের নামে যে নারকীয় নির্যাতন চলছে তার জন্য আমরা দুঃখ প্রকাশ করছি এবং প্রতিবাদ জানাচ্ছি।




Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

# কানাডায় ট্রুডো যুগের ইতি, নতুন প্রধানমন্ত্রী হচ্ছেন মার্ক কার্নি

**বাংলা পত্রিকা ডেস্কঃ** কানাডায় দীর্ঘ এক দশক পর শেষ হতে যাচ্ছে দেশটির প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো যুগের। তাঁর দল ক্ষমতাসীন লিবারেল পার্টির দলের নতুন নেতা নির্বাচিত করেছে। নতুন নেতা মার্ক কার্নি শিগগির ট্রুডোর স্থলাভিষিক্ত হবেন। এর আগে, ট্রুডো গত জানুয়ারিতে প্রধানমন্ত্রীর পদ ছাড়ার ঘোষণা দেন।

বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, সাবেক কেন্দ্রীয় ব্যাংকার মার্ক কার্নি কানাডার ক্ষমতাসীন লিবারেল পার্টির শীর্ষ নেতা নির্বাচিত হয়েছেন এবং প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর উত্তরসূরি মনোনীত হয়েছেন। গতকাল রোববার লিবারেল পার্টির দলীয় প্রধান নির্বাচনের ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়।

কার্নি এমন এক সময়ে দায়িত্ব গ্রহণ করতে যাচ্ছেন, যখন কানাডা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে এক বাণিজ্যযুদ্ধে জড়িয়ে পড়েছে এবং দেশটিতে শিগগিরই সাধারণ নির্বাচন আয়োজন করতে হবে। ৫৯ বছর বয়সী কার্নি ৮৬ শতাংশ ভোট পেয়ে সাবেক অর্থমন্ত্রী ক্রিস্টিয়া ফ্রিল্যান্ডকে পরাজিত করেছেন। এই প্রতিযোগিতায় লিবারেল পার্টির প্রায় ১ লাখ ৫২ হাজার সদস্য ভোট দেন।

নির্বাচনের ফলাফল ঘোষণার পর এক সমাবেশে ট্রাম্পকে ইঙ্গিত করে কার্নি বলেন, 'এক ব্যক্তি আমাদের অর্থনীতিকে দুর্বল করার চেষ্টা করছেন।' এর পরপরই সমাবেশ থেকে জোরালো সমর্থন পান তিনি। তিনি বলেন, 'তিনি (ট্রাম্প) কানাডার শ্রমিক, পরিবার ও ব্যবসার ওপর আক্রমণ করছেন। আমরা তাঁকে সফল হতে দিতে পারি না।'

কার্নি বলেন, 'এটি স্বাভাবিক নিয়মে চলবে না। আমাদের এমন কিছু করতে হবে যা আগে কল্পনাও করিনি, এমন গতিতে যা আমরা সম্ভব বলে ভাবিনি।'

ট্রুডো জানুয়ারিতে ঘোষণা করেন, তিনি সরে দাঁড়াবেন। সে সময় তাঁর ও দলের জনপ্রিয়তা ব্যাপকভাবে কমে যাচ্ছিল। ফলে লিবারেল পার্টি দ্রুত নতুন নেতা বেছে নিতে বাধ্য হয়। সে সময় ট্রুডো বলেছিলেন, 'কোনো ভুল করবেন না, এটি একটি জাতিগত মোড় পরিবর্তনের মুহূর্ত। গণতন্ত্র নিশ্চিত কিছু নয়। স্বাধীনতা নিশ্চিত কিছু নয়। এমনকি কানাডার অস্তিত্বও নিশ্চিত কিছু নয়।'

রাজনীতিতে নতুন হলেও কানাডার হবু প্রধানমন্ত্রী কার্নি দাবি করেছেন, দলকে পুনর্জীবিত করা এবং ট্রাম্পের সঙ্গে বাণিজ্য আলোচনার দায়িত্ব পালনের জন্য তিনিই সবচেয়ে উপযুক্ত ব্যক্তি। ট্রাম্প নতুন শুল্ক আরোপের হুমকি দিচ্ছেন, যা কানাডার রপ্তানিনির্ভর অর্থনীতির জন্য ভয়াবহ হতে পারে।

ট্রুডো ট্রাম্পের কানাডার ওপর আরোপিত শুল্কের পাল্টা ব্যবস্থা হিসেবে ৩০ বিলিয়ন কানাডীয় ডলারের শুল্ক আরোপ করেছেন। এ বিষয়ে কার্নি বলেন, 'আমার সরকার নিজেদের শুল্ক বজায় রাখবে, যতক্ষণ না আমেরিকানরা আমাদের প্রতি সম্মান দেখায়।'


কার্নির বিজয় প্রথমবারের মতো কোনো রাজনৈতিক অভিজ্ঞতাবিহীন ব্যক্তির কানাডার প্রধানমন্ত্রী হওয়ার দৃষ্টান্ত স্থাপন করল। তিনি বলেছেন, কানাডা ও যুক্তরাজ্যের কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর হিসেবে তাঁর অভিজ্ঞতা তাঁকে ট্রাম্পের মোকাবিলার জন্য সবচেয়ে উপযুক্ত প্রার্থী করে তুলেছে।

কার্নির নেতৃত্বে লিবারেল পার্টির নতুন সূচনা, ট্রাম্পের শুল্ক নীতি এবং বারবার কানাডাকে যুক্তরাষ্ট্রের ৫১ তম অঙ্গরাজ্য বানানোর তার কটাক্ষ-এসব কারণেই লিবারেলদের জনপ্রিয়তা নাটকীয়ভাবে বৃদ্ধি পেয়েছে



# যুক্তরাষ্ট্রে ১৫ বছর পর প্রথম ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড কার্যকর

**বাংলা পত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্রের সাউথ ক্যারোলাইনা অঙ্গরাজ্যে শুক্রবার ৬৭ বছর বয়সী এক ব্যক্তির ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। কারা কর্মকর্তাদের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা এএফপি। ১৫ বছরের মধ্যে যুক্তরাষ্ট্রে এবারই প্রথম ফায়ারিং স্কোয়াডে কাউকে মৃত্যুদণ্ড দেওয়া হলো।



*ব্র্যাড সিগমন্ড*
*ছবি: সাউথ ক্যারোলাইনা ডিপার্টমেন্ট অব কারেকশন*

কারা কর্মকর্তারা জানান, ব্র্যাড সিগমন্ড (৬৭) নামের ওই ব্যক্তিকে ৭ মার্চ স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৮ মিনিটে ব্রড রিভার কারেকশনাল ইনস্টিটিউশনে তিনজন স্বেচ্ছাসেবী কারারক্ষীর একটি ফায়ারিং স্কোয়াড গুলি করে মৃত্যুদণ্ড কার্যকর করে।

ব্র্যাড সিগমন্ড ২০০১ সালে তাঁর প্রাক্তন প্রেমিকার মা-বাবাকে বেসবল ব্যাট দিয়ে পিটিয়ে হত্যার অভিযোগে দোষী সাব্যস্ত হন। মামলার নথি থেকে জানা যায়, সিগমন্ড তাঁর প্রাক্তন প্রেমিকাকে অপহরণের পরিকল্পনা করেছিলেন। এই পরিকল্পনা ব্যর্থ হলে তিনি তাঁর প্রেমিকার মা-বাবাকে হত্যা করেন। সিগমন্ড আদালতে স্বীকারোক্তি দেন, ছুটির দিনে প্রেমিকাকে ঘুরতে নিয়ে যাওয়ার কথা বলে হত্যা করতে চেয়েছিলেন এবং নিজেও আত্মহত্যার পরিকল্পনা করেছিলেন।

জেরাল্ড কিং বলেন, 'প্রাণঘাতী লিথাল ইনজেকশন বা ফায়ারিং স্কোয়াড-এই দুটি পদ্ধতির মধ্যে কোনো একটি তিনি না বেছে নিলে, সাউথ ক্যারোলাইনার প্রাচীন বৈদ্যুতিক চেয়ারে তাঁকে পুড়িয়ে মারা হতো।' তিনি আরও বলেন, 'সব পদ্ধতিই ভয়াবহ। যদি তিনি প্রাণঘাতী লিথাল ইনজেকশন বেছে নিতেন, তাহলে সাউথ ক্যারোলাইনার তিন ব্যক্তির মতো সিগমন্ডেরও দীর্ঘ ও কষ্টদায়ক মৃত্যুর ঝুঁকি থাকত।'

প্রসঙ্গত, যুক্তরাষ্ট্রে বেশির ভাগ মৃত্যুদণ্ড প্রাণঘাতী লিথাল ইনজেকশনের মাধ্যমে কার্যকর করা হয়। সর্বশেষ ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছিল ১৫ বছর আগে ২০১০ সালে, উটাহ রাজ্যে। অন্য তিনটি রাজ্য-আইডাহো, মিসিসিপি এবং ওকলাহোমাতেও ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড কার্যকরের অনুমতি আছে।

চলতি বছর যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত ছয়জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। এর আগের বছর ২৫ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। তবে যুক্তরাষ্ট্রের কিছু কিছু রাজ্যে মৃত্যুদণ্ড নিষিদ্ধ করা হয়েছে।

এদিকে আলাবামা রাজ্য আরও একধাপ এগিয়ে। সম্প্রতি নাইট্রোজেন গ্যাস ব্যবহার করে এই রাজ্যে কয়েকজনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। এই পদ্ধতিতে একটি মাস্কের মাধ্যমে গ্যাস পাম্প করে শ্বাসরোধে মৃত্যু ঘটানো হয়। তবে জাতিসংঘের বিশেষজ্ঞরা গ্যাস ব্যবহারের এই পদ্ধতিকে নিষ্ঠুর ও অমানবিক বলে নিন্দা জানিয়েছেন।







# ভাটেরা এসোসিয়েশনের অভিষেক ও ইফতার মাহফিল

*শেষ পৃষ্ঠায় পর* জন্য গঠিত ২৯ সদস্য বিশিষ্ট নতুন কমিটির কর্মকর্তরা শপথগ্রহণ করেন। প্রথমে সংগঠনের সভাপতি শেখ রাজা মিয়া তালুকদারকে শপথ বাক্য পাঠ করান ভাটেরা এসোসিয়েশন সাবেক সাধারণ সম্পাদক ও টাইম টেলিভিশন পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু। পরে নতুন সভাপতি অন্যান্য কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান। এরপরে সকল কর্মকর্তাকে ফুল দিয়ে বরণ করা হয়।

অনুষ্ঠানে বক্তারা ঐক্যবদ্ধভাবে সংগঠনকে আরো শক্তিশালী করার উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে সংগঠনের উপদেষ্টাদের মধ্যে মকবুল হোসেন, আকদ্দস আলী সিদ্দিকী, ফকরুল ইসলাম তালুকদার, আব্দুল মতিন ও মর্তুজ আলী ছাড়াও বিয়ানীবাজার সমিতির সভাপতি আব্দুল মান্নান, সাবেক সভাপতি বুরহান উদ্দিন কফিল, কুলাউড়া এসোসিয়েশনের সাবেক সভাপতি শাহেদ দেলোয়ার চৌধুরী, সাবেক সভাপতি আশরাফ আহমেদ ইকবাল, সাবেক সাধারণ সম্পাদক এনায়েত হোসেন জালাল, সাবেক কর্মকর্তা জামাল উদ্দিন লিটন, আব্দুল লতিফ খান উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সুরমান সিদ্দিকী, ফয়সল সিদ্দিকী, ওয়ালিউর রহমান সহ আরো অনেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং বিশেষ দোয়া পরিচালনা করেন মওলানা ছয়ফুল আলম সিদ্দিকী। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক হারুনুর রশীদ তালুকদার ও যুগ্ম সম্পাদক ফরহাদুল ইসলাম লিটু।

**অভিষিক্ত কর্মকর্তারা হলেন:** সভাপতি- শেখ রাজা মিয়া তালুকদার, সহ সভাপতি- আব্দুল জব্বার সিদ্দিকী, সৈয়দ সালাহউদ্দিন, সাধারণ সম্পাদক- হারুনুর রশীদ তালুকদার, যুগ্ম সম্পাদক- ফরহাদুল ইসলাম লিটু, অর্থ সম্পাদক- সুরমান আহমেদ সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক- এনাম আরাফাত রবি সিদ্দিকী, সহ সাংগঠনিক সম্পাদক- সৈয়দ এস আহমেদ টিপু, প্রচার সম্পাদক- মোহাম্মদ ওয়ালিউর রহমান, ক্রীড়া সম্পাদক- সুমন আহমেদ, শিক্ষা ও সাহিত্য সম্পাদক- শাহ মিজান, সাদ্যস্যিক সম্পাদক- ফয়সাল আহমেদ সিদ্দিকী, সাংস্কৃতিক সম্পাদক- তালুকদার আদনান নিজাম, ধর্ম বিষয়ক সম্পাদক- মোহাম্মদ শাহ আলম, দপ্তর সম্পাদক- বাপ্পু তালুকদার, সমাজকল্যাণ সম্পাদক- আব্দুস শহীদ সিদ্দিকঅ সেফুল, সাংস্কৃতিক সম্পাদক- তালুকদার আদনান বাসার আসিফ, ধর্ম সম্পাদক- মোহাম্মদ শাহ আলম, গণ সংযোগ সম্পাদক- শিপন আহমেদ, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক- শাহ রিপন, মহিলা সম্পাদিকা- তাহমিনা আক্তার সিদ্দিকা, কার্যকরী সদস্য- সাইফুল ইসলাম, তারেকুল ইসলাম জুয়েল, আব্দুস সামাদ, শামীম আহমদ, মোহাম্মদ জায়েদ তালুকদার সায়েফ, শাহ নেওয়াজ ইসলাম, মোহাম্মদ আব্দুল মুহিত মান্না, সায়েদ খান, তালুকদার বদরুল, তানভীর তালুকদার এনাম।




























*নিউইয়র্কে বসবাসরত প্রবাসীদের সংগঠন 'ভাটেরা এসোসিয়েশন অব ইউএসএ ইনক' এর নতুন কমিটির অভিষেক ও ইফতার মাহফিলে মৌলভীবাজার এর কুলাউড়ার ভাটেরাবাসীর মিলনমেলায় পরিণত হয়।*

# সাহিত্য
## সাময়িকী

### ইভান
**কাজল চক্রবর্তী**

সুন্দরের দৈর্ঘ্য মাত্র ফুট দুয়েক
এখন ভীষণ শান্ত। হাত তুলে
ঘুমোচ্ছে গৌরাঙ্গ। ডানদিক আলোয়
বাঁদিক অপরিণত আলোয় ভাসছে।

সুন্দরের দৈর্ঘ্য মাত্র ফুট দুয়েক
মাতৃভাষা বাংলা। জন্ম আমেরিকায়
পরিবেশ ও প্রতিবাদীদের সুবিধার্থে
সুন্দরের নাম রাখা হয়েছে ইভান

আমার ছায়া যখন আমাকে ছাড়িয়ে যাবে
স্মৃতি তখন ডানার ভার্যা শ্লথ ও অবনত
সেসময়ে দু-ফুটের সুন্দর অর্থাৎ ইভান
কীভাবে মনে রাখবে, ওর মাতৃভাষা বাংলা
বাংলাভাষায় শব্দের পরে শব্দ বসিয়ে, ছন্দমালায়
ইভানের মাতামহ লিখতো বাংলা কবিতা

### অনন্ত সময়
**দেওয়ান নাসের রাজা**

আজ রাতে তুমি অবিচল, স্নেহময়
পাশাপাশি একঘরে একান্ত জন
আঁচল স্পর্শ করে ঝর্ণার মতো
শীতল বাতাস ঘুরে সারা ঘরময়।

কেমন বিষাদ এসে অগোচরে জমে
চলে যাবে আনমনে মেঘেদের মতো
পাতার নৌকা স্রোতে---ভাসে সীমানায়
সূর্যাস্তে ঘনায় মলিন আঁধার।

অথচ হৃদয়ে প্রেম যুবকের মতো
তোমার প্রতিচ্ছবি মনের গহিনে
তুষারের মতো গলে প্রেমময় দিন
দাঁড় টেনে মাঝি গায়--- মিশে মোহনায়।

জোছনায় সারারাত হাতে নিয়ে হাত
পেয়ালায় চুম্বন প্রবল ঝড়ের
ঝলমলে চাঁদ জাগে অনন্ত কাল
মুহূর্ত মনে হয় হাজার বছর।

### অথঃ কুকুরকথা
**খসরু পারভেজ**

হন্যে কুকুর ঘুমিয়ে থাকে মানুষের রক্তের শয্যায়
কখনো বেরিয়ে আসে লোকালয়ে
চারপাশে ছড়িয়ে দেয় দুরারোগ্য জলাতঙ্ক

মানুষের পায়ের কাছে বহুদিন বসে থেকেও
ভেতরের সেই কুকুরটাকে দেখতে পাননি কবি

অথচ আজ একুশের মঞ্চে
একবিংশ আলোয় দর্শকের সারিতে বসে
অবিকল মানুষের মতো দেখতে
আমি একটি হিংস্র অথচ স্মার্ট কুকুরকে দেখেছি
কান্তিবাদী মানুষের দিকে তার ভয়াল রক্তচক্ষু
তার লোভপুষ্ট জিহ্বা থেকে
সবুজ কার্পেটে ঝরে পড়ছিল বিষাক্ত লালা
আমার পাশেই ভয়ে থরথর করে কাঁপছিল
আমার দুঃখিনী বর্ণমালা
আর ফাগুনের চাদরে ঢাকা দর্শক গ্যালারীতে
টুংটাং বেজে উঠছিল গিটারের কান্না
কেউ দেখেছিল কিনা, শুনেছিল কিনা আমি জানি না
চকচকে শরীর, স্বরবর্ণ খচিত পোশাকের নিচে
হন্যে কুকুর কীভাবে ওৎ পেতে বসে থাকে
একমাত্র আমিই দেখেছি

মানুষের ভেতরের কুকুরটাকে
একুশ এলেই আমি খুব সহজেই চিনতে পারি

### শব্দ শোনেনি অন্ধ কান
**মুহাম্মদ রফিক ইসলাম**

কঠিন এক দৈত্য এখন আকাশে
পাখায় অন্ধকার মেঘ
ক্রোধের আগুন পালকে
নক্ষত্র মুছে মুছে গাঢ় হচ্ছে অমাবস্যা

দৈত্যের ঠোঁটে ফুটে রক্তের ফুল
ঘ্রাণ উজ্জ্বল হয়ে ওঠে জিভের ডগায়
পাপড়িতে টর্চারসেল আর্তের চিৎকার
কাটা পড়ছে জোনাক পোকাও

'ভয়ঙ্কর' শব্দটি আদিম
রাক্ষস-খোক্কসের গল্প জানে বন-বনানি
শব্দ না শোনা অন্ধ কান

### রোদের ঝলক
**মনসুর আজিজ**

রোদের ঝলক নেমেছে কলম্বো বিমান বন্দরে
মালিশার ধারালো চোখের চাহনি সহযাত্রীর মনে ধরায় কাঁপন
বোর্ডিং পাস ফেরৎ নিতে কেঁপে ওঠে হাতের আঙুল
রঙিন ঠোঁটের আড়ালে উজ্জ্বল হাসিটি
বর্ণময় হয়ে উঠেছে সকালের স্নিগ্ধ আলোয়
পাশ কেটে সকলেই চলে যায়
কলম্বোর কালোবর্ণ মালিশার স্পর্শে এখনো
আনমনা হয়ে আছে সহযাত্রী!

কেবিন ক্রু'র আহবানে সিটে এসে বেল্ট বাঁধতেই-
পাশে বসা ধবধবে বিদেশিনী ঢুলুঢুলু
সোনালি চুল এসে খেলা করে কানের পাশে
মালিশার স্মৃতিটুকু মুদে আসা চোখে-
জেগে ওঠে ভাটায় জেগে ওঠা দ্বীপের মতো
বন্ধনহীন হাত দু'টো পড়ে আছে পাশে
ক্ষণিকের স্পর্শে কম্পন জাগে মুহূর্তের মদিরায়

আটত্রিশ হাজার ফিট উপর থেকে দেখছি মেঘের খেলা;
নাকি এলোমেলো সোনালি চুলের ঘুমন্ত নারীর মোহময় রূপ...

### বসন্তের উৎসব হয়ে বাঁচো
**নাহিদ সরদার**

নিভে যাওয়ার
সব রকম প্রস্তুতি সেরে
জ্বলে উঠেছিলে প্রেম রঙ;
বাতাসের আভাস রেখে বুকে।

নিভে যাওয়ার আগে পোড়ালে তুমুল।
ঝরা পাতার মতো নাড়িয়ে
দোষ কাঁধে উড়ে গেল বসন্ত বাতাস।

আর তুমি
নতুন পাতার রঙ।

বসন্তের উৎসব হয়ে বাঁচো।

# নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত

*শেষ পৃষ্ঠায় পর* মঞ্জু, সাবেক সভাপতি আবু তাহের, সাবেক সহ সভাপতি মাহমুদ খান তাসের ও হাবিব রহমান, ক্লাব কর্মকর্তা সৈয়দ ইলিয়াস খসরু, কার্যকরী সদস্য রওশন হক, সদস্য হাসানুজ্জামান সাকী সহ আরো অনেকে বক্তব্য রাখেন। এর আগে ইফতার পূর্ব দোয়া পরিচালনা করেন ক্লাব সদস্য জামিল আনসারী। এসময় প্রেসক্লাবের সদস্য এবং পরিবারের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করে বিশেষ দোয়া করা হয়। উল্লেখ্য, ক্লাব সভাপতি মনোয়ারুল ইসলাম ব্যক্তিগত বিশেষ কাজের জন্য সময়মত ইফতার মাহফিলে উপস্থিত থাকতে না পারলেও পরবর্তীতে যোগ দেন। ইফতার মাহফিলে বিলম্বে যোহ দেয়ার জন্য তিনি দু:খ প্রকাশ করেন।

ক্লাবের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদারের সঞ্চালনায় ইফতার মাহফিলে ক্লাব সদস্য ও সাংবদিকদের মধ্যে এবিএম সালাহউদ্দিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, চয়ন রহমান, ইকবাল মাহমুদ, সাদিয়া খন্দকার, সৌরভ ইমাম, সামিউল ইমলাম, নাজিম উদ্দিন, সোহেল হোসাইন, এইচ কে সোহাগ, শাহ সুমন, সাখাওয়াত হোসেন পলাশ, তাসকিন চৌধুরী, রাশিদা আক্তার এবং কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে আজিজুল হক মুন্না, মাহবুবুর রহমান, সৈয়দ মাসুদুল ইসলাম, সৈয়দ জাকির হোসেন সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।





















# অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

## Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

**যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।**

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

## Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

---

FSR Multiservices Inc

# মাল্টিসার্ভিস অফিস



## বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

**Tel (917)-776-1235 646-461-0919**

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

---

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

# GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

## ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

# Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

**Brooklyn**
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

**Jackson Heights**
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস ( ইউনিক ডেন্টাল )

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেওনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন শহুল কারবার শুরুসহ বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে থাকার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

আমেরিকায় ১ মিলিয়ন বা তারচেয়ে ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বাসে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে অমানের সাহায্য পাবারণ করতে পারেন।

দেশে কোন ফোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের মধ্যে নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এন্ডসেটি ক্রোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

## Law Offices of Ashok K. Karmaker, P.C.

**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

# দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

# Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্লিপ ফল দুর্ঘটনা
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- ফ্যাক্টরি বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে জটি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- বিনিময় প্রেস বা প্রফেশনাল না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

## Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

# SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

**একাউন্টিং**
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

**ইমিগ্রেশন**
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
**রেজিস্ট্রেশন**
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ; শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

## Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

**Wasi Choudhury, EA**
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

## আবশ্যক

**দোভাষী আবশ্যকঃ** ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।

Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

**আবশ্যকঃ** জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

**লোক আবশ্যকঃ**
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

**লোক আবশ্যকঃ**
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

**আবশ্যকঃ**
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

**আবশ্যকঃ**
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

**আবশ্যকঃ**
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

## পাত্র-পাত্রী

**পাত্রী চাই:** ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়স: ২৭, উচ্চতা: ৫'৮", কমপ্লেক্সশন: উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগ:
**abdurrahman.bd144@gmail.com** (পাত্র নিজে)

**পাত্র চাইঃ**সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

## হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯ অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

## রুমমেট

**রুমমেট আবশ্যক :** নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

**রুমমেটঃ** এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

**রুমমেট আবশ্যকঃ** ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

**রুমমেটঃ** রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

**রুমমেটঃ** জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

**রুমমেটঃ** জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

**রুমমেটঃ** রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

**রুমমেটঃ** রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

**রুম ভাড়াঃ** ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

## বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

**বেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

**সেমিবেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st ) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

**বাড়ি ভাড়াঃ**
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
**917-495-3908.**

## বাসা ভাড়া

**রুম ভাড়া:** প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR Mobile. 646-934-3056

**বাসা ভাড়াঃ**
১লা ফেব্রুয়ারি থেকে হি-লসাইড এফ ট্রেনের ২ ব্লকের মধ্যে স্বামী-স্ত্রী অথবা ১/২ জন ব্যাচেলারের কাছে বেসমেন্ট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯৩৫-২৮৭০.

**বাসা ভাড়াঃ**
ইস্ট এলমহার্স্টে সুন্দর নিরিবিলি পরিবেশে বাস স্টপ ৪৭,৩৩, ১৯, ৬৯ এর খুবই সামনে লাক্সারী প্রাইভেট হাউজে ৩ বেডরুম, বিশাল লিভিংরুমসহ ৩য় তলা ভাড়া হবে। বাসা এখন থেকে রেডি আছে। যোগাযোগঃ ৩৪৭-৩৫৫-৫০৩৭.

**বাসা ভাড়াঃ**
**উড হ্যাভেন** ৮০ স্ট্রীট J ট্রেনের সাবওয়ের নিকটে 1st ফ্লোরে ১বেড, ১ লিভিং, কিচেন ও বাথরুমসহ মার্চ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৬০৭-৮১৬৮।

**বাসা ভাড়াঃ**
১৬১-৪৪, ৮৬ এভিনিউ জ্যামাইকা, হিলসাইড, ৩ বেডরুমের ১ম তলায় একটি বাসা ভাড়া হবে ফেব্রুয়ারি মাস থেকে। পাশে সাবওয়ে এফ ট্রেন। যোগাযোগঃ ৭১৮-৬৮৭-৯৭৩৫ আলম, ৭১৮-৬৮৭-৯৩৮১ ফরিদা।

**রুম ভাড়া:**
১ অক্টোবর থেকে একটি বড় রুম ভাড়া দেয়া হবে. শুধুমাত্র একজন মহিলার/মেয়ের জন্য। জামাইকার হিলসাইড অ্যাভিনিউ এবং ১৮৭ রাস্তার কাছে। পাতাল রেল এবং সমস্ত বাস থেকে হাটার দূরত্ব। বিস্তারিত জানতে কল করুন: ৯১৭-৫৬১-২৭৪৫, ৯২৯-৬০৩-৬৬৯৬.

**বাসা ভাড়াঃ**
জ্যামাইকা ১৭৭-২২, ১০৬ রোড, এক ব্লক দূরে বাস স্টপ এফ ট্রেন সাবওয়ে থেকে ১০/১২ মিনিট হাঁটার পথ। বাসার কাছেই মসজিদ। একটি তিন বেড, দুই বাথ, লিভিং রুম, কিচেন, ভাড়া দেয়া হবে। নভেম্বর মাস থেকে। মাসিক ভাড়া ৩০০০ ডলার (সব বিলসহ)। যোগাযোগ করুনঃ ৬৪৬-৩৩১-৫৬৫২.

**বেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা মুসলিম সেন্টার মান্নান গ্রোসারী ই ট্রেন হি লসাইড এবং টিলি পার্কের সন্নিকটে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। ৩৪৭-২৫৯-২৯৫৪, ৩৪৭-২৫৫ ৪৮৪৬.

**বাসা ভাড়াঃ**
October থেকে 2 room full attic বাথরুম কিচেন। গ্যাস বিদ্যু ওয়াইফাইসহ বাংলাদেশি গ্রোসারী, মসজিদ ও F train subway এর নিকটে 187/91 avenue Jamaica ভাড়া হবে।
ফোনঃ ৯১৭- ৬৩৪-৪৮৬৫.

**এপার্টমেন্ট ভাড়াঃ**
উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪, ৭১৮-২০৫-৯৬৩৬.

**বাসা ভাড়াঃ**
জ্যামাইকা ইয়র্ক কলেজের পাশে ই ট্রেন সংলগ্ন ২ বেডরুম ২ বাথ রুমসহ বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ
৭১৮-৩৫০-৬৫৬৭, ৯২৯-৬০৬-৫১৩৪.

banglapatrikausa@gmail.com
সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

**বাসা ভাড়া:**
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693. যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)। যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

**বাসা ভাড়াঃ**
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

**বাসা ভাড়াঃ**
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য।
যোগাযোগঃ 929-261- 9941.

**বাসা ভাড়াঃ**
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

**বেসমেন্ট ভাড়াঃ**
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ। যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

**বেসমেন্ট ভাড়াঃ**
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

**সেমিবেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

**House for rent:** (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

**House For Rent:** October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

**House for rent :**
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

**Apartment for rent:**
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

**Apartment for rent:**
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

## Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

**টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩**

**ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.**

**ড্রাইভারঃ** TLC **বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ ৬৪৬-৭০৪-৫৭৪৯.**

# নিউজিল্যান্ডকে হারিয়ে ভারতের রেকর্ড শিরোপা

**বাংলা পত্রিকা ডেস্ক:** ২০০০ সালে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়নস ট্রফির শিরোপা জিতেছিল নিউজিল্যান্ড। ম্যাচটি হয়েছিল নাইরোবিতে। ২৫ বছর পর দুবাইয়ে আবার চ্যাম্পিয়নস ট্রফির ফাইনালে মুখোমুখি ভারত-নিউজিল্যান্ড। ৪ উইকেটে জিতে এবার পুরোনো বদলা নিল ভারত।

চ্যাম্পিয়নস ট্রফিতে ভারত প্রথম শিরোপা জিতেছিল ২০০২ সালে। সেবার ভারত-শ্রীলঙ্কা যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছিল। এই টুর্নামেন্টে দ্বিতীয় শিরোপা ভারত জিতেছে ২০১৩ সালে স্বাগতিক ইংল্যান্ডকে হারিয়ে। দীর্ঘ ১২ বছর পর ভারত তৃতীয়বারের মতো জিতল চ্যাম্পিয়নস ট্রফির শিরোপা। যা টুর্নামেন্টের ইতিহাসে সর্বোচ্চ। দ্বিতীয় সর্বোচ্চ দুইবার চ্যাম্পিয়নস ট্রফি জিতেছে অস্ট্রেলিয়া।

রান তাড়া করতে নেমে রোহিত শর্মা যা শুরু করেছিলেন তাতে সহজ জয়ই পাওয়ার কথা ছিল ভারতের। তবে হারার আগে হার নয়, এমন মানসিকতায় লড়তে থাকে নিউজিল্যান্ড। তার কিছুটা সুফলও পেয়েছিল কিউইরা। শেষ পর্যন্ত অবশ্য জয় নিয়ে মাঠ ছাড়তে পারেনি তারা।

ভারতের কাছে ৪ উইকেটের পরাজয় দেখেছে কিউইরা। এত আরেকবার আইসিসির ওয়ানডে সংস্করণের টুর্নামেন্টে হতাশার গল্পই লিখল তারা। ২০০০ সালের চ্যাম্পিয়নস ট্রফিতে চ্যাম্পিয়ন হওয়ার পর আর কখনো আইসিসির ওয়ানডে সংস্করণ জেতা হয়নি তাদের। আজ সুযোগ ছিল ট্রফিটা আরেকবার উঁচিয়ে ধরার। কিন্তু তা হতে দিল না ভারত।

চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্যে ভারতের আজ লক্ষ্য ছিল ২৫২ রান। দুবাইয়ে দুই ওপেনার গিল ও রোহিত ১১২ বলে ১০৫ রানের জুটি গড়েছেন। উদ্বোধনী এই জুটি ভেঙেছে মূলত গ্লেন ফিলিপসের নৈপুণ্যে। ১৯তম ওভারের চতুর্থ বলে মিচেল স্যান্টনারকে শর্ট এক্সট্রা কাভারের ওপর দিয়ে তুলে মারতে যান গিল। সুপারম্যানের মতো ডান দিকে উড়ে ছো মেরে ক্যাচটি লুফে নিয়েছেন ফিলিপস। ৫০ বলের ইনিংসে ১ ছক্কা মেরে ৩১ রান করেন গিল।

উদ্বোধনী জুটি ভাঙার ঠিক পরের ওভারে কোহলির উইকেট হারায় ভারত। ২০তম ওভারের প্রথম বলে ভারতীয় তারকা ব্যাটারকে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন



মাইকেল ব্রেসওয়েল। রান তাড়ায় ওস্তাদ কোহলি এবার ২ বলে ১ রান করে আউট হয়েছেন। রিভিউ নিয়েও বাঁচতে পারেননি। নিউজিল্যান্ডের স্পিনারদের ঘূর্ণিতে যখন ভারত হাঁসফাঁস করছে, তখন রোহিত নিজের উইকেটটা ছুড়ে এসেছেন। ২৭তম ওভারের প্রথম বলে রাচীন রবীন্দ্রকে উইকেট ছেড়ে রোহিত বেরিয়ে আসেন। নিউজিল্যান্ড উইকেটরক্ষক টম ল্যাথাম সহজেই স্টাম্পিং করেছেন। ৮৩ বলে ৭ চার ও ৩ ছক্কায় ৭৬ রান করেন রোহিত।

টপ অর্ডারের তিন ব্যাটারকে হারিয়ে মুহূর্তেই বিনা উইকেটে ১০৫ রান থেকে ৩ উইকেটে ১২২ রানে পরিণত হয় ভারত। হঠাৎই খেই হারানো ভারত এরপর দিশা খুঁজে পায় অক্ষর প্যাটেল ও শ্রেয়াস আইয়ারের ব্যাটিংয়ে। চতুর্থ উইকেটে ৭৫ বলে ৬১ রানের জুটি গড়েন অক্ষর ও আইয়ার। ৩৯তম ওভারের চতুর্থ বলে আইয়ারকে ফিরিয়ে জুটি ভাঙেন স্যান্টনার। ৪৪ রানে জীবন পাওয়া আইয়ার করেছেন ৪৮ রান। আরেক সেট ব্যাটার অক্ষরকে এরপর ফিরিয়েছেন ব্রেসওয়েল। ৪০ বলে ১ চার ও ১ ছক্কায় ২৯ রান করেন অক্ষর।

আইয়ার, অক্ষরের দ্রুত বিদায়ে ভারতের স্কোর হয়ে যায় ৪১.৩ ওভারে ৫ উইকেটে ২০৩ রান। নিউজিল্যান্ডের সামান্যতম একটু সম্ভাবনা তৈরি হলেও সেটা শেষ করে দেন রাহুল ও হার্দিক পান্ডিয়া। ষষ্ঠ উইকেটে ৩৬ বলে ৩৮ রানের জুটি গড়েন তাঁরা (রাহুল-পান্ডিয়া)। শেষ ১৫ বলে যখন ১১ রান দরকার, তখন পান্ডিয়াকে কট এন্ড বোল্ড করেন জেমিসন। তুলির শেষ আঁচড় রবীন্দ্র জাদেজা দিয়েছেন ৪৯তম ওভারের শেষ বলে ডিপ স্কয়ার লেগ দিয়ে উইলিয়াম ও'রুর্ককে চার মেরে। ৬ বল হাতে রেখে চ্যাম্পিয়নস ট্রফি জয়ের পর উল্লাসে ফেটে পড়ে ভারতীয় ডাগআউট।

এর আগে টস জিতে প্রথমে ব্যাটিং নিয়ে নিউজিল্যান্ড ৫০ ওভারে ৭ উইকেটে ২৫১ রান করেছে। ইনিংস সর্বোচ্চ ৬৩ রান করেন ড্যারিল মিচেল। ১০১ বলের ইনিংসে ৩ চার মেরেছেন। দ্বিতীয় সর্বোচ্চ ৫৩ রান করেন ব্রেসওয়েল। সাত নম্বরে নেমে ইনিংসের শেষ বল পর্যন্ত খেলেছেন তিনি। ৪০ বলের ইনিংসে ৩ চার ও ২ ছক্কা মেরেছেন ব্রেসওয়েল। ভারতের বরুণ চক্রবর্তী, কুলদীপ যাদব নিয়েছেন দুটি করে উইকেট। দুজনেই ১০ ওভার বোলিং করেছেন। বরুণ ও কুলদীপ খরচ করেন ৪৫ ও ৪০ রান। কেইন উইলিয়ামসনকে (১১) ইনিংস বড় করার আগেই ফিরিয়েছেন কুলদীপ। উইলিয়ামসন চোট পাওয়ায় পরে আর ফিল্ডিং করেননি।





Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ








সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

*IRS e file*

**PIER TAX AND EXECUTIVE SERVICES**

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com



জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

# KAKATUA AGENCY
## কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

**OUR SERVICES ARE:**

Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী



# মেঘনা ট্রাভেলস
## ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

**OUR SERVICES**
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



**ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি**

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

## Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

## Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
**TLC/Motor Vehicle Exam,**
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960



# MAMUN'S TUTORIAL

: Directed by :
**SHEIKH AL MAMUN, Certified School Teacher**
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



## Our Programs:

**Summer Program will start from July 5th**

| | |
|---|---|
| **SAT** | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm |
| **SHSAT** | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm |
| **COMMON CORE MATH & ENGLISH** | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 |

Get **25% Discount** sign up by 4th July

**Admission going on**
**K-6 & Common Core Regents Classes**

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School



# Highland Medical Care, PLLC



## Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

**Address**

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992



এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

# MOHAMMAD M RAHMAN MD



**Board Certified in Internal Medicine**

**Geriatrics,**
**Hospice & Palliative**
**Care Medicine**
**Attending Physician,**
**NYU School of Medicine**

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

**Appointment:**

**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

শিল্পী কাদেরী কিবরিয়া




যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645



Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218



NIGAR SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD




# যুক্তরাষ্ট্রে ডিপোর্টেশনের তালিকায় ৫০০ বাংলাদেশী!

*শেষ পৃষ্ঠায় পর*

সংশ্লিস্ট বাংলাদেশীরা ভয়-ভীতি আর আতঙ্কে রয়েছেন।

জানা গেছে, ফেরত পাঠানো ব্যক্তিদের ব্যাপারে কী ব্যবস্থা নেওয়া যাবে, তা নিয়ে আলোচনা করতে ঢাকায় দুটি বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। গত ৫ ও ৬ মার্চ বুধ ও বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে অনুষ্ঠিত বৈঠকে জানানো হয়, যুক্তরাষ্ট্র সরকার অবৈধ হয়ে পড়া নাগরিকদের ফেরত পাঠাতে শুরু করেছে এবং প্রতি সপ্তাহে ছয়-সাত জন বাংলাদেশীকে দেশে পাঠানো হবে বলে ধারণা পাওয়া গেছে। ফেরত আসা সব বাংলাদেশী নাগরিককে ঢাকার বিমানবন্দরে গ্রহণ করার পর সরকার তাদের বাড়িতে ফেরার জন্য প্রয়োজনীয় সহযোগিতা করবে।

মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেছেন, বৈঠকে যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষের প্রত্যাবাসন প্রক্রিয়া যেন যথাযথভাবে অনুসরণ করা হয় এবং যাদের ফেরত পাঠানো হবে তাদের যেন হাতকড়া না পরানো হয়, সে বিষয়ে অনুরোধ জানানোর সিদ্ধান্ত হয়েছে।

প্রসঙ্গত, নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী ট্রাম্প প্রশাসন ২০ জানুয়ারী অবৈধ অভিবাসীদের ফেরত পাঠাতে একটি নির্বাহী আদেশ জারি করে। সে অনুযায়ী মুসলিম এবং আফ্রিকার কয়েকটি দেশসহ ১০ দেশের সঙ্গে আফগানিস্তানকে যুক্ত করে আবারও 'ট্র্যাভেল ব্যান' আদেশ জারির চূড়ান্ত পরিকল্পনা নেওয়া হয়েছে। মধ্য মার্চের পর এ আদেশটি জারি হতে পারে। এ আদেশের আওয়তায় থাকা দেশগুলো হচ্ছে কিউবা, ইরান, লিবিয়া, নর্থ কোরিয়া, সোমালিয়া, সুদান, সিরিয়া, ভেনেজুয়েলা ও ইয়েমেন।

এদিকে হোয়াইট হাউসের উদ্ধৃতি দিয়ে গত ৭ মার্চ দ্য নিউইয়র্ক টাইমস উল্লেখ করেছে, তালিকাটি আরও দীর্ঘ হতে পারে। পররাষ্ট্র দপ্তরের কাছে বাংলাদেশ, পাকিস্তান, ইন্দোনেশিয়া, মিয়ানমারসহ মধ্যপ্রাচ্যের আরও কয়েকটি দেশ এ তালিকার আওতায় আসতে পারে। হোয়াইট হাউসের সূত্রগুলো জানিয়েছেন, ট্র্যাভেল ব্যানের আওতাভুক্ত দেশের বাইরেও বেশ কয়েক ডজন রাষ্ট্রকে 'অরেঞ্জ' এবং 'ইয়েলো' ক্যাটাগরিতে রাখা হচ্ছে। অর্থাৎ এসব দেশের নাগরিকও বিদ্যমান রীতি অনুযায়ী ভিসা পাবেন না। তাদের ভিসা পেতে অপেক্ষা করতে হবে ওয়াশিংটন ডিসি কর্তৃপক্ষের ছাড়পত্র পাওয়া পর্যন্ত।

জানা গেছে, ট্র্যাভেল ব্যানের ব্যাপারে সংশ্লিষ্ট রাষ্ট্রসমূহের তালিকা নির্বাহী দপ্তরের মতামত চেয়ে বিতরণ করেছে হোয়াইট হাউস। এটি হচ্ছে 'রেড লিস্ট' এবং চূড়ান্ত অনুমোদন পেলে এসব দেশের নাগরিক যুক্তরাষ্ট্রে আসতে পারবেন না। অন্যদিকে 'অরেঞ্জ' গ্রুপের দেশসমূহের নাগরিকের জন্য ভিসা নিষেধাজ্ঞা পুরোপুরি কার্যকর হবে না। কেবল ব্যবসায়ীরা ভিসা পাবেন এবং যুক্তরাষ্ট্রে আসা-যাওয়া করতে পারবেন। তবে বেশি দিন থাকতে পারবেন না। এ গ্রুপের দেশসমূহের নাগরিক ইমিগ্র্যান্ট কিংবা টুরিস্ট ভিসার জন্য অযোগ্য হবেন। ভিসার জন্য এসব দেশের নাগরিকদের দূতাবাসে সশরীরে উপস্থিত হয়ে ইন্টারভিউ দিতে হবে। তৃতীয় গ্রুপটি হচ্ছে 'ইয়েলো'। এ গ্রুপকে ৬০ দিন সময় দেওয়া হতে পারে নিষিদ্ধ তালিকাভুক্ত না হওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপগুলো সম্পন্নের জন্য। এর মধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রের উদ্দেশে রওনা দেওয়া যাত্রীর বিস্তারিত তথ্য ফ্লাইট ছাড়ার আগেই ওয়াশিংটন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। পাসপোর্ট ইস্যুতে যথাযথভাবে সতর্কতা অবলম্বন, যাতে ভিনদেশি সন্ত্রাসীরা পাসপোর্ট না পায়। যুক্তরাষ্ট্রের নিষিদ্ধ দেশের নাগরিক যাতে ইয়েলো ক্যাটাগরির দেশের পাসপোর্ট বানাতে না পারে।

# এস্টোরিয়ার প্রিয়মুখ সাঈদ শফিকের আকস্মিক মৃত্যু

*শেষ পৃষ্ঠায় পর*

গুণগ্রাহী রেখে গেছেন।জানা গেছে, সাঈদ শফিক দীর্ঘ তিন যুগেরও বেশি সময় ধরে নিউইয়র্কের এস্টোরিয়াতে পরিবার নিয়ে বসবাস করে আসছেন। শুক্রবার তিনি বাসা থেকে ৩৬ এর আল আমিন মসজিদে জুম্মার নামাজ আদায় করতে যান। সেখানে কিছুটা শারীরিক অসুস্থতাবোধ করলে বাসার উদ্দেশ্যে মসজিদ থেকে বের হোন। এ সময় ৩৬ এভিনিউয়ের ৩৭ স্ট্রীটে বাসার কাছাকাছি সড়কে উপর মাথা ঘুরে পড়ে যান। এ সময় উনার পরিচিতজনরা সাঈদ শফিককে পড়ে থাকাবস্থায় দেখতে পেয়ে উনার কাছে ছুটে যান এবং তাঁর পরিবারকে ও ৯১১ এ খবর দেন। খবর পেয়ে ইমার্জেন্সী মেডিকেল টিম সেখান থেকে সাঈদ শফিককে তুলে হাসপাতালে নিয়ে গেলে সেখানকার চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। শুক্রবার বাদ এশা আল আমিন মসজিদে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন। পরদিন শনিবার দুপুরে লং আইল্যান্ডের ওয়াশিংটন মুসলিম মেমোরিয়াল কবরস্থানে সাঈদ শফিকের মরদেহ দাফন করা হয়।

প্রসঙ্গত, ৩৬ এর আল আমিন মসজিদের প্রতিষ্ঠাকলীন সময় ধরে মসজিদের সার্বিক কর্মকাণ্ডসহ কমিউনিটির কল্যাণে সাঈদ শফিক কাজ করে গেছেন। এদিকে কমিউনিটির অতি প্রিয়মুখ সাঈদ শফিকের আকস্মিক এ মৃত্যুতে শোক জানিয়েছেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল খান, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রুকন হাকিম, আল আমিন জামে মসজিদ পরিচালনা কমিটির সভাপতি শাহাব উদ্দিন ও মসজিদ পরিচালনা কমিটির সকল নেতৃবৃন্দ, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি সোহেল আহমদ, সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিনসহ কমিউনিটির বিশিষ্টজনেরা।


Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

# মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির ইফতার মাহফিল অনুষ্ঠিত

*শেষ পৃষ্ঠায় পর* সভাপতি মোহন আহমদ টুটুলের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সৈয়দ রুহুল কবিরের সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন জালালাবাদ এসোসিয়েশন ইউএসএ এর সভাপতি বদরুল হোসেন খান।

বিশেষ অতিথি ছিলেন এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমদাদ আহমদ, সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, সোসাইটির উপদেষ্টা কমরেড মিয়া মোহাম্মদ আলতাফ হোসেন, সালেহ চৌধুরী, সোসাইটির সাবেক সভাপতি তজমুল হোসেন, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, বিশিষ্ট ব্যবসায়ী বশির খান, বিয়ানীবাজার সমিতির উপদেষ্টা গহর চৌধুরী (কিনু), জালালাবাদ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রুকন হাকিম, এস্টোরিয়া ওয়েলফেয়ারের সভাপতি সোহেল আহমদ, এস্টোরিয়া ওয়েলফেয়ারের উপদেষ্টা আব্দুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন জালালাবাদ এসোসিয়েশনের সহ সভাপতি ফয়সল আহমদ, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলিম, সদস্য ফজল খাঁন। অন্যান্যদের মধ্যে আকবর আলী, সৈয়দ মাছুম, সৈয়দ ফয়সল, সৈয়দ মাহদিন, শাহ জাবের আহমদ, কয়েছ আহমদ, আখতার হোসেন, কাওসার আহমদ এনাম উদ্দিন, জাহিদ চৌধুরী, সৈয়দ সাইফুল ইসলাম প্রমুখ। সংগঠনের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ সভাপতি মো. জাবেদ উদ্দিন, সহ সভাপতি আবুল কাশেম, সহ সাধারণ সম্পাদক এমদাদ রহমান তরফদার, কোষাধ্যক্ষ জাহাঙ্গীর আলম, সাংগঠনিক সম্পাদক শাহীন আহমদ, প্রচার সম্পাদক রবিন আহমদ, সমাজকল্যাণ ও ক্রীড়া সম্পাদক জাবেদ আহমদ, শিক্ষা সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক সত্যম দেব, মহিলা বিষয়ক সম্পাদিকা সুমেনা আহমদ সুমি, কার্যনির্বাহী সদস্য শাহীন হাসনাত, আলতাফ হোসেন, সৈয়দ পাভেল উদ্দিন, চমন উদ্দিন, জাকারিয়া সাহা, রিটন সরকার, মো. ফরহাদ চৌধুরী, মো. মহসিন মিয়া, হাসান আল ফাহাদ ও আরিফ আহমদ, সাবেক কোষাধ্যক্ষ হেলাল তরফদার।

এছাড়াও এস্টোরিয়া ওয়েলফেয়ারের সহ সভাপতি কয়েছ আহমেদ, সাংঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, সদস্য ফয়সল আহমেদ, সামছুল ইসলাম, মাহফিলে কোরআন তেলাওয়াত করেন রায়হান চৌধুরী ও দোয়া পরিচালনা করেন জালাল চৌধুরী।










# বাংলাদেশ অ্যাসেম্বলি ইউএসএ'র ইফতার মাহফিল অনুষ্ঠিত

**জলি আহমেদঃ** প্রবাসী বাংলাদেশীদের অন্যতম সংগঠন বাংলাদেশ অ্যাসেম্বলি অব ইউএসএ ইনক-এর উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ২ মার্চ রোববার জ্যামাইকার ইকরা পার্টি হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। নিউইয়র্কে আয়োজিত এই অনুষ্ঠানে সংগঠনের নেতৃবৃন্দ, কমিউনিটির বিশিষ্টজন, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ব্যবসায়িক ব্যক্তিত্ব এবং ধর্মপ্রাণ মুসল্লিরা অংশ নেন। তারা বাংলাদেশ অ্যাসেম্বলি অব ইউএসএ'র কার্যক্রমের প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে কমিউনিটির সেবা করার আহবান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি শামীম হাসান। অনুষ্ঠানে বিশেষ মোনাজাতে বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি, বাংলাদেশের অগ্রগতি ও প্রবাসীদের কল্যাণ কামনা করা হয়। দোয়া শেষে একসঙ্গে ইফতার করেন আমন্ত্রিত অতিথিরা। এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্যামাইকার পরিচিতমুখ আমিনুল ইসলাম চুন্নু, নরসিংদী জেলা সমিতি ইউএসএ'র সভাপতি শামীম গফুর, সাধারণ সম্পাদক এহসানুল হক (বাবুল), পদ্মা ইয়োলো সোসাইটির সভাপতি হারুন খান, পদ্মা ইয়োলো সোসাইটির ক্রিড়া সম্পাদক আনারুল হক, প্রবাসী মতলব সমিতি ইউএসএ'র সভাপতি রবিউল আলম। এছাড়াও সংগঠনের কর্মকর্তাদের মধ্যে সাধারণ সম্পাদক মোহাম্মদ ইসলাম (কলিম), সহ-সভাপতি মোয়াল্লেম হোসেন, সহ-সভাপতি ফারুক হোসেন পাটওয়ারী, যুগ্ম সম্পাদক জয়নাল আবেদীন, দপ্তর সম্পাদক আতিকুর রহমান রফিক, আইন বিষয়ক সম্পাদক এ. কে. এম. হক (খোকন), সমাজকল্যাণ সম্পাদক বেলায়েত হোসেন, যুগ্ম সম্পাদক মিয়া ফয়েজ আহমেদ, কোষাধ্যক্ষ নুরুল ইসলাম, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মোহাম্মদ আতিক উল্লাহ, ধর্ম বিষয়ক সম্পাদক শাহাদাৎ হোসেন, কার্যকরী সদস্য কাজী আশিকুজ্জামান, কবির হোসেন, সোহানুর রহমান সোহান, আব্দুল মান্নান, হযরত আলী, কাউসার আহমেদ, আশরাফ ভূঁইয়া, পারভেজ, শাহ্ মোহাম্মদ কাশেম আলী ও আব্দুল মালেক উপস্থিত ছিলেন।

প্রবাসীদের কল্যাণে সংগঠনটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে প্রবাসী বাংলাদেশীদের ঐক্যবদ্ধ রাখা এবং স্বার্থ সংরক্ষণ করা সংগঠনের অন্যতম লক্ষ্য। ভবিষ্যতে আরও বড় পরিসরে দোয়া মাহফিলসহ নানা ধরনের কার্যক্রম পরিচালনার পরিকল্পনা রয়েছে বলে জানান আয়োজকরা।






# এ বছর মুনা কনভেনশন পেনসিলভেনিয়ায় অনুষ্ঠিত হবে

*শেষ পৃষ্ঠায় পর*

মঙ্গলবার (৪ মার্চ) নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে পবিত্র রমজান উপলক্ষ্যে আয়োজিত ইফতার মাহফিল ও সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

সংবাদ সম্মেলনে মূল বক্তব্য তুলে ধরেন এবং বিশেষ দোয়া পরিচালনা করেন প্রধান অতিথি মুনা'র ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন। এতে সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তব্য রাখেন মুনা ন্যাশনাল মিডিয়া বিভাগের পরিচালক আনিসুর রহমান গাজী। পরবর্তীতে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন বিশেষ অতিথি মুনা'র ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর ও মুনা কনভেনশন-২০২৫ এর কনভেনর আরমান চৌধুরী। সংবাদ সম্মেলনের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মুনা নিউইয়র্ক সাউথ জোন সভাপতি এমদাদ উল্লাহ।

সংবাদ সম্মেলনে মঞ্চে উপবিষ্ট ছিলেন যথাক্রমে মুনা'র মুনা'র ন্যাশনাল এসিস্টেন এক্সিকিউটিভ ডাইরেক্টর আহমদ আবু উবায়দা, হাফেজ আব্দুল্লাহ আল আরীফ, ড. রুহুল আমীন, মুনা নিউইয়র্ক নর্থ জোন সেক্রেটারী মমিনুল ইসলাম মজুমদার, মুনা নিউইয়র্ক সাউথ জোন মিডিয়া পরিচালক আমিনুর রসুল জামশেদ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়: মুনা একটি দাওয়াতি ও সামাজিক সংগঠন। মানুষের ব্যক্তিগত নৈতিক ও সামাজিক মানোন্নয়নের জন্য সার্বিক প্রচষ্টা চালানোর পাশাপাশি আল্লাহর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে ' মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা)' প্রতিষ্ঠিত হয়েছে। এই সংগঠন ১৯৯০ সাল থেকে নিউইয়র্ক ষ্টেটে কর্পোরেশন ভুক্ত। বর্তমানে মুনা আমেরিকার প্রায় সবকটি ষ্টেটে কমবেশী কর্মতৎপরতা পরিচালনা করছে।

সংবাদ সম্মেলনে বলা হয়: সমগ্র বিশ্বজুড়ে আজ মানবতা মুক্তির জন্য দিশেহারা। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, দুনিয়া ও আখেরাতে মানুষের মুক্তি তথা সামগ্রিক কল্যাণ ইসলামেই নিহিত রয়েছে। মুনা আশা করে, প্রতিটি মুসলিম ভাই-বোন ইসলামের সুমহান আদর্শ নিজেদের যথার্থভাবে ধারণ করে প্রত্যেকে দ্বীনের মশালবাহী হিসেবে বিশ্বব্যাপী ইসলাম প্রচারে আত্মনিয়োগ করবেন। ইসলাম শুধু মুসলিম তথা ইসলামে বিশ্বাসীদের জন্য নয়, বরং ইসলাম সমগ্র মানবজাতির বিকাশ ও উন্নয়নের সেপান। মুনা এই বিশ্বাসকে ধারণ করেই এবারের কনভেনশনের মূল কেন্দ্রীয় প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করেছে।




*সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন মুনা'র ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন ও ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর এবং মুনা কনভেনশন-২০২৫ এর কনভেনার আরমান চৌধুরী।*




কনভেনশনের কর্মকান্ডের মধ্যে থাকবে- প্রতিবারের মতো এবারও রয়েছে তরুণ ছেলেমেয়েদের জন্য পৃথক ইয়ুথ কনভেনশন। আল-কোরআনের অনুসারে কল্যাণকর জীবন যাপনের বিভিন্ন দিক ও বিভাগের উপর প্যারালাল প্রোগ্রাম। আলোচনা ছাড়াও থাকবে মনোজ্ঞ ইসলামিক সাংস্কৃতিক অনুষ্ঠান। বিভিন্ন ইসলামী ও অন্যান্য সামগ্রীর দোকান নিয়ে বিশাল বাজার। ছোট ছেলেমেয়েদের জন্য শিক্ষামূলক অনুষ্ঠান 'লার্ন এন্ড ফান' এবং বিভিন্ন খেলাধুলাসহ রাইড-এর ব্যবস্থা। এছাড়াও পরিবার-পরিজন বন্ধু-স্বজন এবং গোটা আমেরিকা থেকে আগত বাংলা ভাষাভাষীদের সর্ববৃহৎ মিলনমেলায় অংশগ্রহণের সূবর্ণ সুযোগ সৃষ্টি করবে মুনা কনভেনশন। মঙ্গলবার থেকেই কনভেনশনে অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন শুরু হয়েছে।

স্বাগত বক্তব্যে আনিসুর রহমান গাজী বিগত কনভেনমগুলোর মতো এবছরের কনভেনশন সফল করতে মিডিয়ার পাশাপাশি সকল মহলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

জণাকীর্ণ এ সংবাদ সম্মেলনের শেষ পর্বে অনুষ্ঠিত প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের উত্তরে আরমান চৌধুরী তিনি মুনা এবং কনভেনশনের গঠনমূলক সমালোচনা কামনা করে জানান, দেশী-বিদেশী জনপ্রিয় ইসলামিক স্কলারগণ কনভেনশনে আমন্ত্রিত থাকবেন। বাংলাদেশ থেকেও অতিথি থাকবেন। অপর এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, বিগত বছরগুলোর কনভেনশনের আলোকে এবারের কনভেনশন আরো ভালো করার উদ্যোগ নেয়া হয়েছে।

# প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র ইফতার মাহফিল

*শেষ পৃষ্ঠায় পর*

অনুষ্ঠানের শুরুতে পরিবত্র কোরআন থেকে তেলাওয়াত করেন নতুন প্রজন্মের মাহি রহমান। এরপর বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক আতিকুর রহমান আনিস।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য প্রবাসী টাঙ্গাইলবাসীদের মধ্যে সংগঠনের প্রধান উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক এবং নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খান, উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, উপদেষ্টা খন্দকার আশেক শামীম, উপদেষ্টা ও সাবেক সভাপতি ফরহাদ তালুকদার, উপদেষ্টা সোলায়মান আলী, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব ও টাঙ্গাইল প্রেসক্লাবের সাবেক সাধরণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, সংগঠনের সাবেক সভাপতি মোজাম্মেল হক ও আব্দুল হাকিম, সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম মোস্তফা প্রমুখ। অনুষ্ঠানে আগত অতিথি ও টাঙ্গাইলবাসীদের স্বাগত জানান, সংগঠনের সভাপতি ফরিদ খান ও সাধারণ সম্পাদক মোহাম্মদ শরীফ শিকদার সহ কার্যকরী পরিষদের কর্মকর্তারা।









# জ্যাকসন হাইটসে বাংলাদেশ ডে প্যারেড ১৩ এপ্রিল

*শেষ পৃষ্ঠায় পর*

সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, সমাজ কল্যাণ সম্পাদক জামিল আনসারী, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য হারুন অর রশিদ, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী, মুনসুর আহমদ ও হাছান খান।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ দোয়া মোনাজাত পরিচালনা করেন সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী। সভাপতির স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সাধারণ সম্পাদক বিগত দিনের বিভিন্ন কর্মকান্ডের তথ্য ও বিবরণ তুলে ধরেন।

সভায় সকলকে অবহিত করা হয় গত দুই বছরের ন্যায় এবারও নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামের বাসভবন 'গ্রেসি ম্যানসনে' বাংলাদেশ হেরিটেজ ডে উদযাপন করা হবে। এবারের অনুষ্ঠানে হোস্ট কমিটি হিসেবে বাংলাদেশ সোসাইটি-কে মেয়র অফিস থেকে মনোনীত করা হয়েছে। পেস্টিজিয়াস এই অনুষ্ঠানটি হোস্ট করতে সকলের মতামত জানতে চাইলে উপস্থিত সকলে আয়োজনে সম্পৃক্ত থাকার বিষয়ে মতামত দেন।

এদিকে আগামী ১৩ এপ্রিল, রোববার প্রথমবারের মত বাংলাদেশ সোসাইটির ব্যানারে বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ ডে প্যারেডের প্রধান সহযোগী সংগঠন হিউম্যানিটি ইমপ্লয়ারমেন্ট রাইটস ফাউন্ডেশন। বাংলাদেশে ডে প্যারেড সফল করতে প্রবাসের সকল আঞ্চলিক, সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া, পেশাজীবী ও অন্যান্য সংগঠনদের নিয়ে বৃহৎ পরিসরে প্যারেড আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় অন্যান্য আরো গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সদ্য সমাপ্ত একুশে ফেব্রুয়ারী অনুষ্ঠানের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। আয়োজনটি সফল হওয়ায় আয়োজক কমিটির আহবায়ক ও সদস্য সচিবসহ সকল কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আগামী ৯ মার্চ পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা এবং ইফতার ও দোয়া মাহফিল এবং ব্রঙ্কস বরোতে ১৮ মার্চ ও ব্রুকলীন বরোতে ২০ মার্চ অনুষ্ঠিতব্য ইফতার মাহফিলের বিভিন্ন বিষয় নিয়ে আয়োজক কমিটি সবাইকে অবহিত করেন। অনুষ্ঠানগুলো সফল করতে সকলের সহযোগিতা কামনা এবং একই সাথে প্রবাসের সবাইকে অনুষ্ঠানগুলোতে উপস্থিত হতে অনুরোধ জানানো হয়।

সভায় আরো বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। যার মধ্যে অন্যতম বাংলাদেশ সোসাইটি একটি অলাভজনক এবং অরাজনৈতিক, 'সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন' তাই আগামী দিনে সোসাইটির কোন অনুষ্ঠানে রাজনৈতিক বক্তব্য বা রাজনৈতিক ব্যানারে কোন সংগঠন অংশ নিতে পারবে না। এছাড়া গত কয়েকদিন আগে একটি সংবাদ সম্মেলনে সোসাইটির বর্তমান বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান মোহাম্মদ আজিজ সোসাইটির বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিমের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন। সোসাইটির একটি গুরুত্বপূর্ণ পদে বসে এধরনের আচরণ কাম্য নয় বলে সবাই মতামত দেন, একই সাথে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। এসময় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান-কে সোসাইটির সভাপতির কাছে নিঃস্বার্থ ক্ষমা চাইতে সভায় উপস্থিত সকলে অনুরোধ জানান। একই সাথে এই অপ্রীতিকর ঘটনার জন্য সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাবও গৃহীত হয়। -প্রেস বিজ্ঞপ্তি।













# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-54 168th Street, 2nd Fl | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica, NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |

# CDPAP সার্ভিস নিয়ে

## কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

## PPL & NYS DEPARTMENT OF HEALTH

## এর অনুমোদিত আমরা আপনার হোম কেয়ার সার্ভিস দিতে পারবো।

আমরা বাংলায় কথা বলি

## আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808


কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন।

এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না।

আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756 | Email: cdpap@bestcare.com

| Nassau | Queens | Bronx | Staten Island | Suffolk | Manhattan | Brooklyn |
|---|---|---|---|---|---|---|
| 50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550 | 70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375 | 4119 White Plains Road Bronx, NY 10466 | 60 Bay Street Suite 506 Staten Island, NY 10301 | 97 West Main Street Bayshore, NY 11706 | 200 W 36th ST Suit 406, New York, NY 10018 | 1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210 |






The Weekly Bangla Patrika

# বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ২৭ : সোমবার, ফাল্গুন ২৫, ১৪৩১
রমজান ৯, ১৪৪৬
Vol. 29 : Issue 23 : March 10, 2925 USA
Free in NY, Other State $1


টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র

## কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড ১৫ মার্চ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** পবিত্র রমজান উপলক্ষ্যে গেলো বছরের ধারাবাহিকতায় এবছরও বর্ণাঢ্য আয়োজনে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র কোরান তেলাওয়াত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতার দুই গ্রুপে নিউইয়র্কের বিভিন্ন স্থান থেকে প্রায় শতজন ছেলে-মেয়ে প্রথম পর্বে *৫-এর পৃষ্ঠায় দেখুন*

সাইদ তারেকের কলাম

## সংস্কার কথা-!



সংস্কার তো অবশ্যই দরকার। তেপ্পান্ন বছরের জঞ্জাল। বিশেষ করে পনের বছরে স্বৈরাচার রাজনৈতিক অর্থনৈতিক সামাজিক, শিক্ষা সংস্কৃতি নীতি-নৈতিকতা সভ্যতা ভব্যতা- সব *৬-এর পৃষ্ঠায় দেখুন*

# যুক্তরাষ্ট্রে ডিপোর্টেশনের তালিকায় ৫০০ বাংলাদেশী!

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসকারী বিদেশী নাগরিকদের গণ ডিপোর্টেশনের তালিকায় প্রায় ৫০০ বাংলাদেশি রয়েছেন। গণমাধ্যমে এমনটি নিশ্চিত করেছে বাংলাদেশের পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এ নিয়ে গত ৫ ও ৬ মার্চ বুধ ও বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকায় দুটি বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। প্রতি সপ্তাহে ৬ থেকে ৭ জন বাংলাদেশিকে যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো হবে। তবে তাদের সাধারণ যাত্রীবাহী ফ্লাইটে নাকি সামরিক ফ্লাইটে পাঠানো হবে সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

### মধ্য মার্চ থেকে 'ট্র্যাভেল ব্যান' আদেশ জারির পরিকল্পনা

তবে বাংলাদেশ সরকার পক্ষ থেকে ফেরত পাঠানো বাংলাদেশিদের যথাযথ প্রত্যাবসন প্রক্রিয়া অনুসরণ ও হাত কড়া না পরিয়ে পাঠানোর ব্যবস্থা করা হয় সেজন্য যুক্তরাষ্ট্রের কাছে অনুরোধ জানাবে। চলতি মার্চ থেকে বাংলাদেশিদের ফেরত পাঠানো হতে পারে বলে ধারণা করছেন কর্তৃপক্ষ।

প্রাপ্ত তথ্যানুযায়ী, বৈধ কাগজপত্র হীন ও ডিপোর্টেশন আদেশ প্রাপ্ত ৪০০ থেকে ৫০০ বাংলাদেশীকে চিহ্নিত করেছে ইউএস ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি ও ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)। ইতিমধ্যেই একাধিক বাংলাদেশীকে আইস গ্রেপ্তার করেছে এবং তাদেরকে ডিটেনশন সেন্টারে রেখে দেশে প্রেরণের উদ্যোগ নিয়েছে ।

উদ্ভূত পরিস্থিতিতে নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রে বসবাসকারী *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

## নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত

**বাংলা পত্রিকা রিপোর্ট:** পবিত্র রমজান উপলক্ষ্যে ধর্মীয় ভাবগাম্ভীর পরিবেশে নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৩ মার্চ) বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন ভবনে আয়োজিত এ ইফতার মাহফিলে ক্লাবের সদস্য-পরিবারবর্গ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন।

প্রেসক্লাবের সহ সভাপতি শেখ সিরাজুল ইসলামের সভাপতিত্বে ইফতার পরবর্তী সংক্ষিপ্ত অনুষ্ঠানে ক্লাবের উপদেষ্টা মনজুর আহমদ ও আনোয়ার হোসেন *১৮-এর পৃষ্ঠায় দেখুন*

## মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির ইফতার মাহফিল অনুষ্ঠিত

**নিউইয়র্ক:** নিউইয়র্কে বসবাসরত মৌলভীবাজার জেলার প্রবাসীদের সংগঠন ''মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইনক্'' এর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার ৮ মার্চ এস্টোরিয়াস্থ বয়েজ এন্ড গার্লস পার্টি হলে এ ইফতার মাহফিলে সংগঠনের *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

## নিউকোর ইফতার মাহফিল অনুষ্ঠিত

**নিউইয়র্ক:** প্রবাসী বাংলাদেশীদের সংগঠন নিজ উদ্যোগে করি (নিউকো) এর ইফতার মাহফিল গত ৩ মার্চ সোমবার এস্টোরিয়ায় হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। বিশিষ্ট অধিকারকর্মী ও *১২-এর পৃষ্ঠায় দেখুন*

## এ বছর মুনা কনভেনশন পেনসিলভেনিয়ায় অনুষ্ঠিত হবে

**নিউইয়র্ক:** চলতি বছরের মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা-মুনা কনভেনশন আগামী ৮-১০ আগষ্ট অুষ্ঠিত হবে। গত কয়েক বছরের মতো এবছরের কনভেনশন যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া ষ্টেটের ফিলাডেলফিয়া শহরের ঐতিহাসিক 'পেনসিলভেনিয়া কনভেনশন সেন্টার'-এ অনুষ্ঠিত হবে। এবারের কনভেনশনের কেন্দ্রীয় আলোচ্য বিষয় এবং প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'Torchbearers of Islam : Spreading the Faith Globally'. আসন্ন কনভেনশনে ১৫/২০ হাজার মানুষের উপস্থিতি আশা করা হচ্ছে। *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

সোসাইটির ব্যবস্থাপনায় গ্রেসি ম্যানসনে বাংলাদেশ হ্যারিটেজ ডে

## জ্যাকসন হাইটসে বাংলাদেশ ডে প্যারেড ১৩ এপ্রিল

**নিউইয়র্ক:** বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির মাসিক সভা গত ২ মার্চ, রোববার দুপুরে সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর পরিচলনায় সভায় অন্যান্যের মধ্য উপস্থিত ছিলেন সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, সহ সাধারণ সম্পাদক আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া (রুমি), সাংগঠনিক সম্পাদক ডিউক খান, *২৯-এর পৃষ্ঠায় দেখুন*

## ভাটেরা এসোসিয়েশনের অভিষেক ও ইফতার মাহফিল

**বাংলা পত্রিকা রিপোর্ট:** ভাটেরা এসোসিয়েশন অব ইউএসএ ইনক'র নবনির্বাচিত কমিটি অভিষিক্ত হয়েছে। পাশাপাশি রমজান উপলক্ষ্যে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। এতে বিপুল সংখ্যক প্রবাসী অংশ নেয়ায় অনুষ্ঠানটি ভাটেরাবাসীদের মিলনমেলায় পরিণত হয়।

কুইন্সের আগ্রা প্যালেসে শনিবার (৮ মার্চ) আয়োজিত অনুষ্ঠানের শুরুতে ২০২৫-২০২৭ সালের *১৬-এর পৃষ্ঠায় দেখুন*

## প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র ইফতার মাহফিল

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র প্রবাসী টাঙ্গাইলবাসীদের সামাজিক সংগঠন 'প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। নিউইয়র্ক সিটির জ্যামাইকার ইকরা পার্টি হলে রোববার (৯ মার্চ) এই মাহফিলের আয়োজন করা হয়। ধর্মীয় ভাব-গম্ভীর পরিবেশে অনুষ্ঠিত এই মাহফিলে সংগঠনের কর্মকর্তা সহ বিপুল সংখ্যক প্রবাসী টাঙ্গাইলবাসী সপরিবারে অংশ নেন। *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

## যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



**সালাহউদ্দিন আহমেদ:**

সিয়াম-সাধনার মাস পবিত্র রমজানের দ্বিতীয় সপ্তাহ চলছে। গেল শুক্রবার (৭ মার্চ) ছিলো রমজান মাসের প্রথম জুম্মা। সঙ্গত কারনেই মসজিদগুলোতে ছিলো মুসল্লীদের উপচেপড়া ভীড়। এদিন নিউইয়র্ক সিটির জ্যামাইকার একটি মসজিদে জুম্মার নামাজ আদায় করতে গিয়ে লক্ষ্য করলাম আমার পাশের এক যুবক নামাজ পড়তে এসে ইমাম সাহেবের খুৎবা পাঠের সময় এক ফাঁকে তার মোবাইল ওপেন করে ফেসবুক দেখছিলেন। শুধু এদিন-ই নয়, আরো কয়েকদিন মসজিদে নামাজ আদায় করতে গিয়ে একাধিকজনকে ফেসবুক দেখা বা ফোন ব্যবহার করতে দেখা যায়। *২৯-এর পৃষ্ঠায় দেখুন*

## এস্টোরিয়ার প্রিয়মুখ সাঈদ শফিকের আকস্মিক মৃত্যু

### কমিউনিটিতে শোকের ছায়া



**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ ও এস্টোরিয়ার প্রবীণ বাসিন্দা সাঈদ *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

শফিকের আকস্মিক মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। শুক্রবার পৌনে ১২ টার সময় হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। তার বয়স হয়েছিল ৭৪ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে, নাতি নাতনিসহ অসংখ্য












Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com